দুই মিনিট, সদ্দ ফুটা বলছি সেটা শেষ করতে দিন। বিনা বিচারে বন্দী না ক'বে. এত কাণ্ড না ক'রে যদি বলতেন যাকে ইচ্ছা এক বছর কয়েদ রাখব তা বরং ভাল হ'ত। সেইমত একটা আইন বরং পাশ করিয়ে নিন। সেন্টারএর প্রিভেনটিভ ডিটেনশন এট্রেএ বিনা বিচারে বন্দী করার ক্ষমতাও ওঁর হাতেই আছে। সভাপালমহাশয়, আমি এই কথাই বলি যে, আমি বিনা বিচাবে বন্দী থেকেছি, ভেলে থেকেছি। সাজা পেয়ে জেলে থাকার চেয়েও বিনা বিচারে বন্দী থাকা আরও পাঁডাদায়ক। আভকে যারা কোনদিন জেলে যান নি, অর্থাৎ ওথাকথিত কংগ্রেসী ও ংগলিছেমের ক্লচাবী থাঁব; থাঁৱাই আজ স্ববাজের মালিক হারেছেন। এই স্ববাজের জান্য আমলেই জেল খেটোছ তথন ওঁদের কোথাও দেখি নি। সভাপালমহাশয়, বিনা বিচারে বন্দী থাকলে মান্তবের মন একেবারে ভেঙেগ যায়। বিনা বিচারে বন্দী থাকা যে কি সাংঘাতিক তা আমবা জানি। বোন মানুষের ব্যাধীনতা হবণ করে, সাজা দিয়ে জেলখানায় খদি রাখা হয় তাহ'লে সে তানে একদিন ছাড়া পাবে, সে দিন গণেতে পাবে। কিন্ত বিনা বিচারে কাউকে আট্র করলে সে বলতে পারে না করে ছাড়া পাবে। সে মাজির দিন পর্যানত গুণতে পারে না। সে আরও প্রাণঘাতী। মাম্লিম লীগের আমলে আমি কংগ্রেসে ছিলাম, আমরা যথন এরকম বলতাম তখন তারা হা হা করে হাসতো, যেমন আজ এ'রা হা হা করে হাসছেন। আমি দেশেছি, সভাপালমহাশয়, বিনা বিচারে বন্দী হয়ে আমার জেলার একটা ছেলে তারাদাস মুখোপাধ্যায়, তার মাথা খারাপ হয়ে গেল। তখন শর্থ বসুমহাশ্য এখানে কংগ্রেসের নেতা विना विष्ठाति वस्त्री देवा नौचिव कर्छ निस्ता करतएइन। छातामात्र मूर्याभागारात कथा वलरू গিয়ে বলা হয়েছিল-

"His wails broke in upon the silence of night and rang on the corridor which is still ringing in my ears"

ভারাদাস মুখোপাধ্যায়ের কথা, শোভারাণী দন্তের কথা ইত্যাদি কতজনের কথা ব'লে তথন কত আপালি কংগ্রেসারা করেছেন, সেইসব কথা আজ তাঁরা ভূলে গেছেন। বিনা বিচারে কাউকে আটক করে রাখা উচিত নয়। নীতির দিক থেকে এটার আমরা প্রতিবাদ করছি। দেশের বহুছেলেমেয়ে উপমাদ হয়ে গেছে, পাগল হয়ে গেছে বিনা বিচারে আটক থেকে। আর আজকে এ'রা হাঁসতে হাঁসতে শত বিধিনিযেধেভরা স্বাধীনতা হরপকারা এই আইন পাশ করছেন। ধর্পে হয়ে যাবে এই সরকার, এই রকম জিনিষ তাঁরা করছেন। ফলের উপর, চায়ের উপর এ'রা ট্যান্ত্র করছেন, আর সেই টাকা নিয়ে তাঁরা কি করছেন। ফলের উপর, সময় ভূয়ো টেল্ট রিলিফএর নামে লক্ষ্ক লক্ষ্ক টাকা খরচ করেছেন। আমরা জানি, টেল্ট রিলিফএর কাজ কিরকমভাবে হয়। এসব কথা বলতে গেলে হাটে হাঁড়ি ভেশ্বে যাবে। মহাত্মা গাশ্বী একটা

কথা শিথিয়ে গেছেন—ভোটের জােরে সত্য গােপন করা যায় না। এ'দেরই যে আদর্শ, যে মুলনীতি "সতামেব জয়তে", সেদিক থেকে অদ্ধীম বলছি, এই যে এ'রা যদি হেসে হেসে নাগারিক স্বাধীনতা হরক্ষারী বিনা বিচারে বহিষ্কার ও বন্দী করার আইন পাশ করিয়ে নেন তাহ'লে সব ধর্ংস হয়ে যাবে এবং এ'রা অচিরেই কুপােকাং হবেন প্রচুর হাস্য]।

## 8j. Ambica Chakrabarty:

মাননীয় প্পীকারমহাশয়, এই এ্যাক্টএর জন্ম থেকে জনসাধারণ এর সম্বদ্ধে আপত্তি ক'রে আসছে। এটা একটা সমাজবিরোধী আইন এবং একে কালা কাননে বলা হয়। কিন্তু বারবার এই আইনের মেয়াদ বৃণ্দি ক'রে এটাকে জিইয়ে রাখা হচ্ছে। কেন রাখা হচ্ছে এর কোন কারণ দেখাতে ডাঃ রায় পারেন নি। এখানে যা বলা হয়েছে ও যে সমস্ত কারণ দেখানো হয়েছে বর্তমান অবস্থায় তার একটিও য্ত্তিসপ্তাত নয়। আমি প্রধানমন্দ্রীকৈ এবং কংগ্রেস পক্ষের সদস্যগগ্নকে জিজ্ঞাসা কর্রছি যে, বর্তমান অবস্থাতে আবার এই আইনকে প্রকর্তীবিত ক'রে বাড়িয়ে রাখবার কি কারণ আছে; এই এ্যাক্টএ বলা হয়েছে যে, স্টেটের নিরাপত্তার জনা, স্টেবিলিটির জন্য এই আইনটা করার উদ্দেশ্য। আমি জিজ্ঞাসা কর্রছি যে, গত তিন বংসরের মধ্যে কোথাও কোন বিদ্রোহ হয়েছে কি; এবং এমন কোন ঘটনার একটি উদাহরণও প্রধানমন্দ্রী মহাশয় দিতে পারবেন কি? দ্বিতীয়ত, তিন বংসর আগে যখন এই এ্যাক্টএর মেয়াদ বাড়াবার জন্য প্রধানমন্দ্রী মহাশয় উপস্থিত করেছিলেন তখন তিনি বলেছিলেন যে, এই এ্যাক্টএর বলে বিরোধী দলের এবং কোন পলিটিক্যাল পার্টির সদস্যদের উপর এই আইন প্রয়োগ করা হবে না। অথচ এই আইন বিরোধীদের উপর প্রয়োগ করা হয়েছে এবং এ বিষয়ে যথেন্ট প্রমাণ আছে।

[6-50-7 p.m.]

এখানে শঙকর মিত্রমহাশয় তাঁর বস্তুতায় বললেন যে, প্রধানমন্ত্রী মহাশয় যখন বলছেন বিবোধী পক্ষের কোন সদসাদের উপর এই আইন প্রয়োগ করা হবে না তথন ভয়ের কি কারণ আছে? কিন্তু আমি বর্লাছ, এই আইন প্রয়োগ করা তো বিরোধী দলের উপরই হচ্ছে। এই আইনে এারেন্ট করা হয়েছে এরকম কয়েকজনের নাম আমার পর্বেবর্তী বক্তা বলেছেন। সে নামগ্রালির সেকে আমি আরও দ্ব'-একটি নাম বলছি। ডক ইউনিয়নের মহম্মদ শহীদ ও মহম্মদ জিলানীকে এই এন্ত্রন্থ অনুসারে এনরেস্ট করা হয়েছিল এবং আমার আগে হেমন্তবাব, জ্যোতিবাব, ওঁরা কয়েক না বলৈ যে প্রতিশ্রতি দিয়েছিলেন সে প্রতিশ্রতি তাঁরা ভগ্গ করছেন। আমার কথা হচ্ছে, বিরোধী দলের সদস্যদের বিরুদ্ধে এই আইন প্রয়োগ করা হোক বা না হোক তা আমার প্রশন नम्र। विद्यार्थी पन आभनात्पत्र आर्टनाक छम्र कद्म ना। जाता नाम्मण्या आत्मानन कद्म काङ्म ক'রে যাবে, এই শক্তি তাদের সব সময় আছে। কাজেই ভয়ের কাবণ নাই। আপনারা বলবেন ম্পেট বিপন্ন হয়, কিম্তু আমরা মনে করি না যে, স্পেট বিপন্ন হবার সম্ভাবনাকে এই আইন দ্বারা নিরোধ করা যায়। চোর, ডাকাতদের জন্য র্যাদ এই আইন হয় তাহ'লে চোর, ডাকাত এবং গ্র-ডার সংখ্যা কিছাই কমে নি কেন? এই সমস্তই আছে। পলিটিকাল ওয়ার্কারদের জন্য প্রিভেনটিভ ডিটেনশন এ।াক্ট রয়ে গেছে, ক্রিমিন্যাল প্রাসিডিওর কোডের বিভিন্ন ধারা রয়ে গেছে। চরি, ডাকাতি এবং সেন শান্তিভগ্গ হ'লে সেই শান্তিভগের জনা তার বিরুদ্ধে এইসব আইন রয়ে গেছে। কাজেই এই আইনের প্রয়োজনীয়তা কোথায় । এ সম্বন্ধে প্রধানমতী কোন যুদ্ভি দিতে পারেন নি। ডাঃ রায় বলেছেন যে, এর একমাত্র উদ্দেশ্য হচ্ছে এটাকে আমাদের অস্ত্র হিসাবে রাখতে হবে, তাদের ভয়ের কারণ কি? তিনিও তাঁহার দল ত ঠিকই আছেন। কিন্তু কি অবস্থাতে তিনি আমাদের রাখতে চান। বিশেষ কোন পরিস্থিতি যদি দেখা যায় এবং আমরা যদি বুঝি যে ষ্টেট বিপন্ন হচ্ছে তথন আমরা এই আইনকে সমর্থন করব। কিল্ড যতক্ষণ পর্যন্ত তিনি সে যুক্তি দিতে পারবেন না ততক্ষণ পর্যানত এইভাবে একটি প্রতিক্রিয়াশীল আইনকে আমরা সমর্থান করতে পারি না এবং যে সমস্ত ধারা এই আইনে রাখা হয়েছে তাহা অতান্ত মারাত্মক। বর্তমানে কমিউনাল ডিস্টারব্যাম্পএর কোন কারণ হয়েছে বা হওয়ার সম্ভাবনা রয়েছে ব'লেও আমরা বলতে পারি না। ধদি 'সাবভাসি'ভ এনক্রিভিটিজ' হয় তাহ'লে তার জন্য যথেষ্ট আইনকান্ন ররেছে এবং সেরকম কোন 'এ্যাক্টিডিটিজ' কোথাও হয়েছে ব'লে আমরা জানি না। আমরা দেখছি চা-বাগানে, কলকারখানাতে বা ক্ষেত্থামারে কৃষকেরা যথন কোন আন্দোলন করে থাকে তাদের

দাবী নিয়ে সেটাই হয় সরকারের নিকট সাবভাসিভ আর্মিভিটিজ। এ বদি হয় কোন গণতান্ত্রিক আন্দোলন কোথাও হ'তে পারবে না। এই আন্দোলনকে দমাবার জন্য বদি এই আইন হয় তাহ'লে লক্ষার কোন কারণ নাই, স্পত্ট ক'রে বল্ল—কৃষককে, প্রমিককে, মধাবিত্তকে এবং শিক্ষকদের দাবীকে দমাবার জন্য আমরা এই আইন কর্মছ এবং বল্ল যে, আমাদের রাঁণ্ডে কোনরকম গণতান্ত্রিক আন্দোলন হ'তে পারবে না। অন্যাদিক দিয়ে আপনারা যে সোশিয়ালিস্টিক পাটোনের রাত্ত্র, সমাজতান্ত্রিক পাটার্নএর যে রাত্ত্রের কথা বলছেন, সেই রাত্ত্রে এইভাবে আইন ক'লে বদি শাসনবাবস্থা চালান তাহ'লে তা সমাজতান্ত্রিক রাত্ত্র না হয়ে প্রনিশী রাত্ত্রই হবে।

Mr. Speaker: Please speak something which is not a repetition. It is a Bengali translation of Sj. Jyoti Basu's speech.

- **Sj. Jyoti Basu:** It may be that one or two points may be a repetition but even that is necessary because some of them may not have understood my English.
  - Sj. Copika Bilas Sen Cupta: Such a bad English it was.
  - Sj. Ananda Copal Mukherjee: He is only a translator and not a member.

#### Sj. Ambica Chakrabarty:

যে ধারাগ্রিল এখানে বয়েছে তার প্রত্যেকটি সম্বশ্ধে আমার আপত্তি আছে। বিশেষ করে এই আইনে যে ধারাগ্রিল সন্মিবেশ করা হয়েছে সে সম্বশ্ধে আমি বলতে চাই যে, ৬, ৭, ৮, ৯, ১৫, ২১ এবং ২৩ এই যে ধারাগ্রিল এই ধারাগ্রিল অভানত প্রতিক্রিয়াশীল ধারা এবং এই ধারার যে মর্মার্থ সেগ্রিল এক্রিস্টিং ল-এ যেগ্রিল আছে সে ল-এর দ্বারা এখানে ধাবাগ্রিল কার্যকিরী করতে পারেন। এক্রিস্টিং ল-এতে যে ধারাগ্রিল আছে আবাব সেই ধাবাগ্রিল এই আইনের মধ্যে নিয়ে এসে পাঁচ বংসবের জনা জিইয়ে রাখার কি কাবণ আছে, এই ধারাগ্রিল সম্বশ্ধে প্রধানমন্ত্রী যে বিবৃতি দিয়েছেন ভাতে তিনি কিছ্ই বলেন নি। ২১নং ধারাতে যে মারাঅক কথাগ্রিল আছে সেগ্রিল মাননীয় স্পীকারমহাশ্য়, আমি আপনাকে পাঁডে শ্রাজিড।

Mr. Speaker: Please speak on them when the Bill is taken up clause by clause.

#### 8j. Ambica Chakrabarty:

আচ্চা, সেখানে কোন কাজ করতে যাচ্চে বা করতে যাওয়ার সম্ভাবনা আছে দেখবে সেই অবস্থায় তাকে এাারেন্ট ক'রে নিয়ে যেতে পারবে। আমি বলছি, এই যে মন্সতত্ববিদ সে লোকটি আন্দার্জ করে কি করে ঠিক করবেন যে সে কি করবে না করবে। অবশা যদি বলেন যে, আমাদের মনস্তর্থবিদ আছে তাহ'লে সে কথা আলাদা। আর তা না হ'লে এই মনস্তর্থবিদরা কোনরকমে একটা তার বিরুদ্ধে রিপোর্ট খাড়া ক'রে তাকে এ্যারেন্ট করে। প্রধানমন্তী মহাশয় বলেছেন যে, বার জনকে এর মধ্যে এয়রেস্ট করা হয়েছে এবং ১।২ জন তারা কমিটির কাছে গিয়ে ছাড় পেয়েছে। আমি বলছি যে, এই যদি আইনের অবস্থা হয় তাহ'লে সিকিউরিটি আইন রাখার প্রয়োজন কি? জনসাধারণের সিকিউরিটি না মন্ত্রীত্বের সিকিউরিটি তা আদি বুএতে পার্রাছ না। কাজেই এই আইন সম্বন্ধে জনমত গ্রহণ করা উচ্চিত এবং তাদের মত শানে তবে এই প্রতিক্রিয়াশীল আইন চাল, করা দরকার। আর পাঁচ বংসরের জন্য এই আইনের প্রয়োজনীয়তা কি সে সম্বন্ধে কোন যুক্তি দেখান নি। আমি এ সম্বন্ধে বলছি যে, দঃ' বছর পরে ন্তন ইলেকশন হবে। এই ইলেকশনের পর কি হবে বলা যায় না। অতএব তারা দ্র' বছরের জন্য **এই আইন না क'रत्र পাঁচ বংসদের জন্য এই আইন করবার কি কারণ রয়েছে? না হয় মনে** করতাম যে, মন্ত্রীত্বের সিকিউরিটির জন্য দু' বছরের জন্য চালঃ করতে চাচ্ছেন, তাহ'লে একচা ষ্টান্ত পেতাম। কিন্তু সে ঘুটিভু তাঁরা দেখান নি। সেজনা আমি পুনরায় জানাতে চাই যে এই আইনকে বাড়িয়ে নেবার কোন যুক্তিসপাত কারণ নাই।

বর্তমান পরিস্থিতিতে মূলত তিনটি কারণে আমি এই বিলকে বাধা দিছি। একটি হচ্ছে বর্তমান পরিস্থিতি সম্বশ্ধে। দ্বিতীয় কারণ হচ্ছে, এ'রা যে সমাজতালিক ধাঁচে রাখ্য গঠন

করতে যাচ্চেন সেই রাণ্টে এইভাবে আইন তৈরী করে জনসাধারণের ক্ষমতা কেড়ে নিয়ে যদি बाष्प्रे भीत्रामाना करतन जार ल भूमाञ्जलान्तिक धौराहत दाष्ट्रो भीत्रामाना करतात य वावस्था स्मिणे হ'তে পারে না, তৃতীয়ত, জনসাধারণের মত না নিয়ে এইরকম প্রতিক্রিয়াশীল একটা আইন করবার কি কারণ আছে? আমি এখানে প্রধানমন্ত্রীকে বলছি যে, আইনটি অতানত গ্রেছেপূর্ণ। এই আইনটি কালা কান্ত্রন নামে অভিহিত। এই আইনটি সাধারণের মত সংগ্রহের জন্য প্রচার করবার জন্য আমি অনুরোধ জানাচ্ছি।

Mr. Speaker: Si. Sudhir Chandra Das may now speak.

## Si. Sudhir Chandra Ray Chaudhuri:

৭টার পরও ঢালাবেন এটা অন্যায় কথা।

## Sj. Jyoti Basu:

আর্গিন আন্তের আন্তে এটা বেশ চালা করে দিচ্ছেন।

Mr. Speaker: If you want me to accommodate so many members we have to sit just half an hour more; otherwise you can cut down your speakers. I am accommodating so many speakers.

#### Ei. Jvoti Basu:

এত ভাডাভাতি করার দরকার কি

Mr. Speaker: Let us sit for half an hour more.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: We have listened one hour to his speech. Let us wait and hear somebody else.

## Si. Jvoti Basu:

আপনরে এত তাডাতাডি করাব কি আছে ব্রুতে পারি না।

## 8j. Sudhir Chandra Ray Chaudhuri:

খামবা এখানে বলতে এসেছি, আপনি বলতে দেবেন না কেন?

#### Si. Jvoti Basu:

শার্নাছ হাউস নভেম্বর পর্যানত চলবে। তবে তাড়াতাডি করার কি আছে?

#### The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

আমি বলতে চাই নভেম্বর কেন দরকার হলে ডিসেম্বর পর্যন্ত চলবে। কিন্তু স্থারিবাব্ ত এটার সময় আসেন নি. তিনি ওটার সময় এসেছেন।

## Sj. Sudhir Chandra Ray Chaudhuri:

## [7-7-10 p.m.]

Mr. Speaker: The House in this session has sat for 18 days, and out of 18 days for nearly 10 days it has sat less than three hours. Only for two days the House has sat for five or ten minutes more and for only two days it has sat longer. Do you mean to say that the Speaker cannot ask the House to carry on the business for a few minutes longer? I won't listen to

## Sj. Sudhir Chandra Ray Chaudhuri:

আমরা চাইছি আজকে দরা করে ৭টার সময় হাউস বন্ধ করন।

- Mr. Speaker: There is no question of "daya". As a leader of party you know the facts and figures.
  - Sj. Jyoti Basu: No one will be speaking from this side of the House ...
- Mr. Speaker: It they don't want to speak, I will call others. You don't keep my request for one day. I have kept your request for seventeen days, and you don't keep my request.
- **8j. Jyoti Basu:** In that case it is impossible for us to continue like that. We speak tomorrow Let the Congress members speak.
  - Mr. Speaker: St. Kalı Mukherjee,

## 8j. Kali Mukherjee:

মাননীয় দপীকারমহোদয়, ভাজকে যে ওয়েষ্ট বেশ্গল সিকিউরিটি আ**রু এসেছে সে সম্পর্কে** আপনার মাধামে কিছা বলতে চাই।

- Sj. Jyoti Basu On a point of order, Mr. Speaker. [Interruptions.]
- Mr. Speaker: What is your point of order? This is purely obstructionist tactics and nothing else.
- 8j. Jyoti Basu: Mr. Speaker, I have raised a point of order. Will you please ask him to sit down?
- Mr. Speaker: What is your point of order? Is your point of order on his speech?
- Sj. Jyoti Basu: Yes At that time we were requesting you to adjourn the House.
  - Mr. Speaker: That is not a point of order.
- Sj. Jyoti Basu: Suddenly instead of calling a member from this side you switched on to another member from that side without deciding as to who should speak. You have not answered my question. I would like to know from you—of course your discretion is there and I know it—whether this practice will go on that everyday we have to sit till 7-30. I would also like to know before you give your ruling whether this First Reading will go on till tomorrow.
- Mr. Speaker: I have given my ruling times without number. If Mr. Basu has not followed it. I cannot help it. But I can tell him that the practice of Parliament is, so far as the time of adjournment of the House is concerned, it is entirely at the discretion of the Speaker only. So, if the Speaker considers that the House ought to continue for half an hour more or half an hour less, nobody can say anything to that. That is my ruling.
- 8j. Jyoti Basu: You have not answered my point. [Interruptions]. I want to know whether the First Reading will continue tomorrow.
- Mr. Speaker: Nobody can assure you about that. It depends upon the speakers. I have got to see who are going to speak. I have got to see that the opposition gets enough opportunity of discussion and debate. That principle I have followed and I will follow the same principle.

## 8). Kali Mukherjee:

স্যার, আমি আপনার মাধামে এই বিলের সমর্থনে কিছু বলতে চাই। ১৯৫০ সালে জান্যারি মাসে এই এয়ার প্রীত হ'ল এবং গাহীত হবার পরে (ডিস্টার্থাসে) এই বিল গাহীত হবার সময় ষারা এতে সাহাষ্য করেছিলেন তারাও আজ এর বির্দ্ধে জোর গলায় বস্তৃতা দিচ্ছেন। এই বিল যে এ্যাক্টএর উপর আনা হচ্ছে এটা ৫০ সালে পাস হয়েছিল তারপর দৃই-একটা এ্যামেন্ডমেন্ট এসেছে এবং যে থ্যামেন্ডমেন্ট আজ আমরা আলোচনা করছি এ হচ্ছে

only to liberalise the act in some of the items.

এক নন্বর হচ্ছে কদিসকোরেদিসয়াল অর্থাৎ যেসব এ্যাক্ট পাস হয়েছে, যথা সেন্ট্রাল প্রেম (অবজেক্সনাল ম্যাটার্স) এয়াক্ট, এরজনা সেকসন ২, ১২, ১৩ ডিলিটেড হচ্ছে। দ্ই নন্বর এ্যামেন্ডমেন্টএর উদ্দেশ্য এই যে আমাদের কনিন্টিটিউসনএর সংগ্য সমতা রক্ষা। এবং গণতান্তিক উপায়ে সম্প্র্ণভাবে প্রত্যেক ব্যক্তির ন্বাধীনতা দেবার উদ্দেশ্যে এই এ্যাক্টএর উপর যে এ্যামেন্ডমেন্ট আনা হয়েছে – যেমন

section (6) that is with regard to protected place regarding curfew.

পূর্বে কোন রেশ্ট্রিকসন ছিল না এখন নানারকমে রেশ্ট্রিক্ট করা হয়েছে, এ ছাড়া সেকসন ২১ রিগার্ডিং ইনটার্নমেন্ট যাতে আগে এমপ্লয়মেন্টএর জায়গা থেকে উৎথাত করা যেতো সেখানে লিবারালাইজ করা হয়েছে। অনেক শব্দ যা বার বার বাবহৃত হয়েছে এবং অনেক শব্দ যার প্রয়োজন নেই এবং যেসমুহত কথা সুটোর পেলস্ড নয় তা বদলান হয়েছে।

[Disturbances and noises from the opposition benches.]

যেমন একটা হ'ল সাবস্ট্যান্স অর লিকুয়িড আছে অথচ সাবস্ট্যান্স ইনক্র্ডস্ লিকুয়িড তাই লিকুয়িড ডিলিট করা হয়েছে। এখানে মোটাম্টি উদ্দেশ্য

to liberalise the act in keeping with our Constitution and in keeping with the democracy that is being enjoyed by this country.

১৯৫০ সালে যথন এই এ্যান্ট গৃহীত হয় তথন আমাদের কর্নাস্টাট্উসন পাস হয় নি। প্রেস (অবজেকসনেবল্ ম্যাটার্স) এটান্ট গৃহীত হবার সংগে সংগে আমাদের ক্যেকটা ধাবা উপধাবা লিবেরালাইজ করতে হয়েছে। ওয়েস্ট বেংগল সিকিউরিটি এটান্ট যথন পাস হয় তথনকার অবস্থা আমাদের জানা দরকার। এবং আবহাওয়া যদি আমরা ব্যুতে না পারি তাহ'লে পরে আমরা এই এটান্টকে ব্যুতে পারব না। ১৯৪৭ সালে স্বাধীনতালাভের পর যথন এই আমাদের কাছে আসে তথন হরিপদ দা আজু যিনি খবে বেশি চীংকার করছেন——

Dr. Kanailal Bhattacharjee: Sir, he is only translating the speech of Dr. Roy. We take objection to that.

## 8j. Haripada Chatterjee:

আমি পার্সোনাল এক্সপানেশনএ কিছু বলতে চাই।

#### Mr. Speaker:

আপনার পার্সোনাল এক্সম্লানেশন দেবার যথেণ্ট অপচুর্নিটি আছে, পরে আপনি পাবেন।

#### Sj. Kali Mukherjee:

পি, এস, পি, লিডার বলেছেন ১৯৪৭ সালে আই উয়িল ওয়াক ওভার ডেড বডিছ। হিবাঙকুরে সেফটি আই পাস করতে দেখেছি। তাদের নেতারা গ্লিল করে লোক মেরেছেন তাও দেখেছি। তা ছাড়া আর যারা এর বির্দেধ বেশী চিংকার করেছেন আমি তাদের কথা বলি। ১৯৪৮-৪৯ সালে কলকাতা শহরে মান্য শান্তিপ্র্ভিবে কাজে যেতে পারত না এবং কাছ থেকে ফিরে আসতে পারত না। যখন রানেভিভএর নেতৃত্বে কমিউনিন্দ পার্টি দেখতে পেলে ভারতবর্ষ সিদিং উয়িথ ডিসকন্টেন্ট এবং রিছলিউশন ইজ ইমিনেন্ট তখন বাংলা দেশের সাংঘাতিক ঘটনা এত শীঘ্র ভূললে চলবে না। তখন এগাসিড বাল্বস্ ওয়ার ফ্রীল ইউজড অন দি স্ট্রীট। লোককে প্রতিদিন একটা আতন্তের মধ্যে কাটাতে হয়েছে । ৪৮এর শেষ থেকে আরন্ড করে প্রায় ৪৯ সালে সমগ্র কলকাতা একটা বিভীষিকার অবন্ধায় ছিল, শ্র্য্ শান্তির প্রশ্ন নার এমন কি স্থালোক পর্যন্ত এদের হাত থেকে রক্ষা পায় নি। বহু মেয়ে ট্রমে বাসে বসে এগাসিড বাল্বএ প্রভৃছে।

[7-10-7-20 p.m.]

১৯৪৯ সালের এই ঘটনার পর যথন বাংলাদেশে এইরকম বিভীষিকার রাজত্ব চুলেছে, কোনরকম আইনকান্দে যথন কাউকে ধরা যায় না, কমিউনিস্ট পার্টির পলাতক বহু নেতা পিছন থেকে উস্কানি দিচ্ছে বহু লোককে এবং নানারকম আর্মস, এ্যামিউনিশন গ্ৰুতভাবে রেখে সাবভাসিভ এ্যাক্টিভিটিজ চালাচ্ছে—

[disturbances and noise from Opposition benches.]

সেই পরিস্থিতির মধ্যে, সেই সমসত ঘটনার মধ্যে প্রথম এই ওয়েস্ট বেশ্যল সিকিউরিটি এয়াই তৈরি হয়েছিল এবং তখন জনসাধারণ ধন্য ধন্য করে উঠলো। আজকে বিরোধী পক্ষের এক বন্ধ্য আপন্ল দেখিয়ের বলেছিলেন দাম্ভিক বিধানচন্দ্র রায়: আর সেই বিধানচন্দ্র রায়কে লোকে তখন ধন্য, ধন্য করেছিল, এইজন্য যে বাংলার শাস্তি তিনি ফিরিয়ে আনলেন, এইজন্য করেছিল যে গ্রুন্ডার রাজত্ব থেকে কলিকাতাকে তিনি বাঁচিয়েছিলেন, এইজন্য করেছিলেন থে একটা পলিটিক্যাল পার্টি, কমিউনিস্ট পার্টি হারা ফ্রম দেয়ার একস্টা-টেরিটোরিয়াল লয়ালটি বাইরে থেকে বিদেশীর দ্বারা পরিচালিত হয়ে, বাংলাদেশকে ধরুংস করিছল, লুক্ঠন করিছিল, তাদের হাত থেকে বাঁচাবার জন্য এই আই পাস হয়েছিল। আজ সেই আবহাওয়া, সেই পরিপ্রেক্ষিতে এই আইন গ্রুটিত হয়েছে। সেই অবন্ধ্য ভূলে গেলে চলবে না।

আজকে সেই এাার সম্বন্ধে উল্লেখ ক'রে বিরোধী পক্ষের অনেক বন্ধ্য বলেছেন যদি এতবক্ষ লোককে এখন ধরবার প্রয়োজন না হয়ে থাকে, তাহ'লে এই এাক্টেকে কেন রাখা হচ্ছে তার জবাবে আমি বলব। আজ যাশ যদি না হয়, তাহ'লে ভারতবর্ষে এত সৈনা কেন । প্রশন হচ্ছে, যুদ্ধ যদি না হয়, তাহ লে রুশদেশে সৈনোর সংখ্যা লক্ষ থেকে কোটিতে পরিণত করা হ'ল কেন? তার প্রশ্ন হচ্ছে দেশে শান্তি বাখতে হ'লে আমাদের এই আইন রাখতে হয়, এবং যে আইনের ভয়ে লোক শান্ত হয়ে থাকে। আমাদের সামনে উত্তেজিতভাবে বস্তুতা দিয়েছিলেন হিন্দ্সভার নেতা, ফলঙ্কিত যাদের হাত গান্ধী হতাায়; এবং আজকেও তাঁরা বাইরে আছেন ভারতবর্ষ বলে, পাকিস্তানে তা সম্ভব হয় নি। পাকিস্তানে লিয়াকং আলি মার্ডার এরপর যে ব্যক্তিরা তার পিছনে ছিল, তাদের বংশের অংশ খাজে পাওয়া যায় কিনা সন্দেহ। আর আমাদের এথানে গান্ধী হত্যার পিছনে যারা ছিল, তাদের সাজা হবার আগে, বংসরের পর বংসর বাইবে ছিল, তাবপর वर्शापन ४'त कार्ट कम रहाए रात जिल्लाम रहाए अत्नक किए रहाए। अना एम र ल আজকে তাঁদের স্বাধীন হয়ে এইরকমভাবে বাইরে ঘুরে বেডাতে হ'ত না, আর আজ তাঁরই মুখ থেকে শনেলাম দাম্ভিক বিধানচন্দু রায়, এরকম উক্তি করা তাঁর পক্ষে অতানত লজ্জার কথা। আমি বলি হিন্দুসভা হচ্ছে একটা কমিউনাল অর্গানিজেসন এবং এই হিন্দু,সভায় যাঁরা আছেন তাদের একমাত্র স্লোগান হচ্ছে কমানোল এবং দেশে কমানোল হারমনি নণ্ট করাই তাদেব একমাত কাজ, রায়ট বন্ধ করার জন্য, এই এ্যাক্টএব প্রয়োজন, যারা সাবোটেজ কববে, তাদের বাধা দেবার জনা। ভারত দ্বাধান হবার পর বিশেষ ক'বে পশ্চিমবাংলা যথন পাকিস্ভানের পাশ্বের, ভ্রম ভার অনেক গ্রে দায়িত্ব সরকারের আছে, এবং এর জনা বৃষ্ধতে হবে বাইবে থেকে কোন উপ্কানী আছে কিনা? এটাও ব্রুতে হবে যে, যেসমস্ত গভনমেন্টের অতান্ত আবশাকীয় জিনিস, সেমন ইলেকট্রিসিটি ইনস্টলেশনস্, যেমন কপোরেশনের জল যেখান থেকে আসে, যেমন বিশেষ বিশেষ পথান পেট্রোলিয়াম ইন্ডাস্ট্রি প্রভৃতি এইবকম নানা জায়গা আছে, সেই সমসত জায়গা রক্ষা করা সরকারের প্রয়োজন অর্থাৎ এই সমদত প্রোটেকটেড এরিয়াকে রক্ষা করার জন। এই এনস্টএর প্রয়োজন। সংস্থা সংস্থা এটা শাধ্য ক্ষেত্র বা এরিয়ার প্রশন নয়, এখানে যদি কেউ সাবোটেজ কববার চেণ্টা করে তাহ লে তা থেকে তাকে রক্ষা করবার জন্য অর্থাৎ স্টেটএর স্ট্যাবিলিটির জন্য কয়েকটা ধারা এই বিলের মধ্যে আছে। আমি দেখলাম বেছে বেছে বিরোধীরা এই কয়েকটা ধারা আক্রমণ করেছেন। বিশেষ ক'রে মাননীয় সদস্য জ্যোতিবাব্। বিশেষ ক'রে যে কর্য়ট ধারা না হ'লে কোন গভর্নমেন্ট, কোন স্টেট তার স্ট্যাবিলিটি রাখতে পারে না এবং জনসাধারণকে বাঁচাতে পারে না। এইগ্রিল তাঁরা আক্রমণ করেছেন। তাঁরা আপত্তি করেছেন (৬) নম্বর ধারায়, (১০) নম্বর ধারার, (২১) নন্বর ও (২৩) নন্বর ধারায়। ছব্ন ও সাত নন্বর ধারায় আছে ষে, যে প্থান বিশেষ-ভাবে প্রয়োজনীয় কাজে জড়িত, সেই সমস্ত জায়গা বেমন ইলেকট্রিসিটি, পেট্রোলিয়াম, এর্সোন্সয়াল সাংলাইজ প্রভৃতি, এই সমস্ত জায়গা প্রোটেকটেড এরিয়া ব'লে ঘোষণা করা হয়েছে। তারপর তিনি (১০) নন্বর ধারায় আপত্তি করেছেন। এই (১০) নন্বর ধারায় আছে সাবোটেজএর প্রশ্ন। আজ ইন্ডাম্টিকে সারোটেজ করবার নির্দেশ একমাত্র কমিউনিস্ট পার্টি পেয়ে থাকে [এ ভয়েস্ ফ্রম অপোজিসন—তোমার মাথায় গাঁট্টা মারা উচিত]

sabotage telephone, sabotage electricity, and water reservoir. [uproars, noise and disturbances] sabotage essential things, sabotage railway, sabotage waterworks

প্রভৃতি করবার জন্য কমিউনিস্ট পার্টি ইনস্ট্রাকসন দিয়ে থাকে। যদি কোন গভর্নমেন্টকে এই প্রকার ধরংসের হাত থেকে রক্ষা করতে হয়, তাহ'লে নিশ্চয়ই এই সিকিউরিটি এট্রেএর প্রযোজন আছে। জ্যোতিবাব, তাঁর পার্টির উদ্দেশ্য সফল করবার জনাই এই সিকিউরিটি এ্যাক্টএর বিরুদ্ধে এত তীর সমালোচনা ও আক্রমণ করেছেন। তিনি আজ শান্তির নামে কুডিয়ে কুডিয়ে সাদা পায়রা ছাড়ছেন। কিন্তু রুশ দেশ থেকে যদি বিপ্লবের নির্দেশ আসে যে তোমরা লডাইতে লেগে যাও': তাহ'লে এ'রা সাবোটেজএর জনা উদগ্রীব হবেন, এবং প্রটেকটিভ েলসে, প্রতিটি ইনস্টলেশনস্ ধরংস করবেন। যাদের নীতি, যাদের বিচার এ দেশের পরিপ্রেক্ষিতে নয় যাদের নীতি এ দেশের সঙ্গে থাপ থায় না, যাদের আইডিওলজি হচ্ছে বুশায়: যাদের গিওরি হচ্ছে ভারোলেন্স, যাদের কৃষ্টি বিদেশী, তাদের কথার জন্য নিশ্চয়ই ওয়েন্ট বেংগল গ্রন্থনিত্ব চিন্তা করতে হবে। **খনেকে বলেছেন ও**নেস্ট বেষ্ণাল সিকিউরিটি এট্টে আর প্রভানত ভিটেনসন थाछ प्र'টोर भम्भर्यास्त्र । र्शतभिष पा प्रथमाम विना विहाद आहेक कहा र एक द एन हा हिल्ला है। উনি ১৯৩৭ সালে যা করতেন, ১৯৪৭ সালে যা করতেন, ১৯৫৫ সালেও তাই করতেন এবং ১৯৬৫ সালেও তাই করবেন: এমন কি তাঁর মৃত্যুকাল প্র্যুন্তও তিনি তাই ক্রুন্তেন। দেশের পরিবর্তন ও সমাজের পরিবৃত্তি অবস্থা দেখবার মত মান্সিক অবস্থা তাঁর নাই। বিচ্না মারে। যেসমুহত ধারা আছে তা অত্যন্ত নর্ম্যাল। ম্যাজিস্টেটের সামনে প্রত্যেকটি ক্ষেত্রে বিচার হবে এক্সেপ্ট ওয়ান সেটা হচ্ছে এক্সটান মেন্ট ইন্টান মেন্টএর ব্যাপান যেটা ১১ নদ্বর ধারায় আছে। অত্যানত পরিস্ফাটভাবে বলা হয়েছে অতিরিক্ত জভের সামনে বিচাব হয় বিচার হ'লেও তা লিবেরা-লাইজ করা হচ্ছে এই এনমেন্ডমেন্ট দিয়ে। যে-কোন ক্ষেত্রে যে যেখান থেকে কারে খায়, চাকর্ত্রী কারে বা ব্যবসায় ক'রে খায় তা যাতে ক্ষতিগ্রন্থত না হয়, জনসাধারণের ক্ষতি যাতে না হয়, শুধু সেইটক পরিমাণ সাবধানতার সংগে রেম্ট্রিক্ট করা হবে। এখানে এই যে লিবেরালাইজ বরবার যে এয়ামেন্ডমেন্ট দেওয়া হয়েছে, তার উপর তাদের বক্কতা দেবার কিছ্ব ছিল না। এ ছাড়া বিশেষ একটা কথা তাঁরা বলেছেন-এই সিকিউরিটি এ্যাক্ট যদি ইমাপ্লমেন্টেড হয়, তাহ'লে ডেমোর্কেটিক মুভ্রেন্ট ক্ষতিগ্রন্থত হবে। কিন্তু দ্বংখের বিষয় এইরকম কোন ইন্সাটানেসস তারা দিতে পারে নাই। জ্যোতিবাব্র কোন এক বন্ধ, এসেমরীতে যথন আসছিলেন, তথন রাস্তায় কি হুরেছিল এই রকম একটা গালগলপ তিনি করেছেন। কিন্তু কোন পার্টিকুলার ইনস্ট্যান্স তার কাছ থেকে পাই নি। অম্বিকাবার, যেমন বলেছেন যদি এই এক বছর দ্ব বছরের মধ্যে মাত্র দশ জনকে ধরা হয়ে থাকে, তাহ'লে এই এ্যান্টের দরকার কি? তাহ'লে এতেই প্রমাণ হয় যে এ্যাবিউজ অফ দিস এাার্ট হয় নি, এমন কোন প্রমাণ বিরোধীপক্ষ থেকে আসে নি। একমাত ফাল্ডামেন্টালি নীতিস্তভাবে এর বিরুদ্ধে যাওয়া ছাড়া বিশেষ কোন ক্ষেত্রে আর কিছ, তাঁরা দেখাতে পারেন নি। দ্'টো ক্ষেত্রে ভারা উল্লেখ করতে চেন্টা করেছেন, কিন্তু পার্টিকুলার্রাল কোন ধারা সে সম্বন্ধে কিছ, বলেন নি।

[7-20-7-27 p.m.]

তারা দেখিয়েছেন তরাইএর একটা কেস, এবং দাজিলিংএর একটা কেসও দেখিয়েছেন, কিন্তু আমি উল্লেখ করতে চাই যে ট্রেড ইউনিয়ন ম্ভমেন্ট যদি ডেমোর্ক্রেটিক লেবার ম্ভমেন্ট হয় ইট মাস্ট বি নন-ভায়েলেন্ট ট্রেড ইউনিয়ন ম্ভমেন্টের সঞ্চে ডেমোর্ক্রেটিক ও নন-ভায়েলেন্স ওতঃপ্রোভভাবে জড়িত। যদি ট্রেড ইউনিয়ন ম্ভমেন্টকে ডেমোর্ক্রেটিক করতে হয় এবং তার সন্পোর্যাদ ভায়লেন্স থাকে, তার সপোর্যাদ মার্ডার থাকে, আর্সনি থাকে, এটাসন্ট থাকে, ইন্টিমিডেশন থাকে, তাহ'লে সেই ট্রেড ইউনিয়ন ম্ভমেন্ট ডেমোর্ক্রেটিক নয়। আমি দেখেছি এবং হিসাব নিয়ে আপনাদের বলতে পারি বে কিভাবে ট্রেড ইউনিয়নের নাম ক'রে লোককে বিপদে ফেলা হছে। কলিকাতায় ডকের শ্রমিক আন্দোলনে অন্সন্ধান ক'রে রিপোর্টে বলা হয়েছে

৩৪৭টা কেস অব এ্যাসল্ট ইনকুডিং মার্ডার ট্রেড ইউনিয়নের নামে হয়েছে। তার মধ্যে ৬৭ কেস সেন্ট ট হসপিটাল যেখানে একটা ডকএ ট্রেড ইউনিয়নএর ব্যাপারে ৩৪৭টা লোক উদ্ভেড হ'তে পারে, ২টা লোক মার্ডার হ'তে পারে, ৬৭টা লোককে হর্মাপটালে পাঠান হ'তে পারে সেখানে ব্রুবতে পারি ডেমোর্কেটিক ট্রেড ইউনিয়নের নাম করে কি সাংঘাতিক বিভাষিকার রাজত্ব এই বিরোধী পক্ষের লোকেরা পবিচালন করবার চেণ্টা করছেন, এবং এখানে যদি সিকিউরিটি এাক্ট না হয় তাহ'লে বাংলাদেশকে যে কথা আমাদের বন্ধ,বুর বলেছেন যে বিধান রায় ধন্ধসের পথে নিয়ে যাচ্ছে সেই কথায় আমি বলি যে বাংলাদেশের ইন্ডাম্টি, বাংলাদেশের পীস, বাংলাদেশের স্বাধীনতা সব হরণ করা হবে, এজন্য সাবধান হওয়া প্রয়োজন। আমরা দেখেছি ইরিসপ্সিস্বিল অপোজিসন কিরকম হয়। অপোজিসন পার্টির ডাঃ রণেন সেন সেন্ট্রাল ও প্রতিশিষ্যাল সেট ইন্সিওরেন্সের মেম্বরদের এক দিকে দিল্লীতে বলছিলেন শ্রমিক। তোমাদের টাকা কাটা হউক. তোমরা মেডিকাল রিলিফ পাবে, আবার সেই লোকই কলেজ স্কোয়ারে মিটিং করে বল্লাফ্রন এক প্রসাও দেবে না, তার বিরুদ্ধে তীর আন্দোলন চালিয়ে যাও। এই দুমুখো নীতি, এই দুমুখো পলিসি যদি পলিসি অফ এ পার্টিকুলার পার্টি হয় এবং তা থেকে যদি দেশকে বাঁচাতে হয় তবে সিকিউরিটি এ্যাক্টএর অতানত প্রয়োজন আছে। ডেমোক্রেটিক দেশ বলেই সিকিউরিটি এ্যান্ত এখানে আনতে হয়। এব কারণ, যেমন ফাঁসী আছে, মানুষকে খুন করলে ফাঁসী হয়, কিন্তু এই এনক্ট আছে ব'লেই দেশে বিচারের মাধামে এই কিনিস হ'তে পারে ব'লে খ্নের সংখ্যা ক'মে যায়, এটা রেম্ট্রিউড হয়। আরু সিকিউবিটি এনাক্টে ক'জন ধরা পডল সেটা বড় কথা নয়, বড় কথা হচ্ছে এর প্রয়োজনীয়তা আছে কিনা। যদি থাকে তবে আমরা মনে কাঁর প্রতিটি ক্ষেত্রেই আছে। বাংলার শান্তি রক্ষার জন্য প্রয়োজন আছে , বাংলাব শিশ্প বক্ষার জন্য প্রয়োজন আছে, সুংস্ক ট্রেড ইউনিয়ন পরিচালন কববাব জন্য প্রয়োজন আছে: ইন্ডাম্ট্রিয়াল বেল্টএর রক্ষার ও প্রোডাক্সন্তর জনা এর আবশাকতা আছে, সাধারণ জীবন যাপন যাবা করে, যারা থেটে খায়, যারা পরিশ্রম ক'রে জীবন যাপন করে, তাদেব দৈর্নান্দন জীবন যাপন করবার জন্য এব প্রয়োজন আছে। আজু বহ ক্ষেত্রে গর্নডা এনাক্ট প্রয়োগ করা সম্ভব নয়। বহর ক্ষেত্রে যে ঘটনা সংঘটিত হয় তাতে এনাপ্রিয়ে নসন করে প্রোহিবিট করবার ব্যবস্থা নাই, কিন্ত এই আস্ট্র সেই দিক দিয়ে আমাদেব হাতে যাতে অতি শীঘ্র এই ধরণের অকাজ কুকাজ ঠেকান যায়। দূরে তিদের অন্ততঃ কুকাণ্ড বন্ধ করবার জনা বা তাদের রুখবাব জনা এই এন্ত্রই অভানত কার্যকরী হবে। তাই আমি আপনার মাধামে এটা বিচার করতে বলি, আপনার মাধ্যমে সাবা দেশবাসীকে বলতে চাই যে যাঁরা ১৯৪৮।১৯ সালের ঘটনা দেখেছেন, যাদের সব রকম অভিজ্ঞতা আছে, তাঁরা ঐ যারা সব এলোমেলো ক'রে দিয়ে, সব লুটে পুটে খাবে এই চেণ্টায় ঘূরে বেড়ায় এবং ট্রেড ইউনিয়নের নাম ক'রে বাহিরে গিয়ে লোকের মাথা নেবার জন্য হিংসাত্মক প্রচাব করে. ডেমোক্রেসীর নাম ক'রে মান্সকে খুন প্র্ণত করতে ম্বিধাবোধ করে না, তাদের রুখবার জন্য এই প্রকার আইনের আমাদের দেশে প্রয়োজন আছে। এ কথা কেবল যে আমরা বলাছি তা না, এ কথা বলছে সারা দেশের জনসাধারণ। সেই জন-সাধারণের প্রাণের ভাষা, সেই ভাষা আজ ডাঃ বিধান চন্দ্র রায় এই আইনের মাধানে আপনাদের সামনে উপস্থাপিত করেছেন, এবং আজকে যে এ্যামেন্ডমেন্ট আনা হয়েছে এই এ্যামেন্ডমেন্টের বিরুদেধ বলবার নেই এই কারণে যে এই এগমেন্ডমেন্ট হচ্ছে টাু লিবেরালাইজ দি এগ্রস্ট, যে আইন প্রণীত করেছিলেন ১৯৫০ সালে এবং যে আইন এ্যামেন্ডেড হয়েছিল ১৯৫২ সালে সেই আইনকে আরও কঠোর না ক'রে, আরও বেশি নরম, আরও ডেমোর্ক্রেটিক, আরও গণতাশ্যিক যাতে হ'তে পারে—হাজার হাজার দোষী খালাস পাক. কিল্ড নির্দোষ একজনও যেন ধরা না পড়ে এই নাডির জন্য নানা রকমভাবে চেন্টা করে এটা আনা হয়েছে। আমি আশা করি যাঁরা দেশবাসীর শান্তিরক্ষা করতে চান, যাঁরা দেশের মঞ্চাল চান তাঁরা এই এ্যামেন্ডমেন্টের প্রতিটি ছত্র সমর্থন করবেন।

## Adjournment

The House was then adjourned at 7-27 p.m. till 3 p.m. on Thursday, the 8th September, 1955, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Thursday, the 8th September, 1955, at 3 p.m.

#### Present:

Mr. Speaker (The Hon'ble SAULA KLMAR MURGHER) in the Chair, 15 Hon'ble Ministers, 12 Deputy Ministers and 195 Members.

## STARRED QUESTIONS

(to which oral answers were given)

[3-3-10 p.m.]

## Acquisition of lands for health resort at Digha

- \*187. Sj. Saroj Roy: Will the Hon'ble Minister-in-charge of the Development Department be pleased to state—
  - (a) how many acres of land have been acquired by the Government in connection with the construction of a health resort at Digha;
  - (b) at what price per acre such land has been purchased;
  - (c) total amount of money spent for the purpose;
  - (d) who are the owners of such land;
  - (c) how many acres of land, if any, have been sold to individual persons for building houses, etc.;
  - (f) names of the individual persons who have acquired land for building houses, etc.; and
  - (9) how many actes of land and at what price per acre have been purchased by each such person?
- Sj. Tarun Kanti Chosh (on behalf of the Minister-in-charge of the Development Department, the Hon'ble Dr. Bidhan Chandra Roy): (a) No land has yet been acquired by Government for the construction of a health resort at Digha.
  - (b) to (q) Do not arise.
  - Si. Saroi Rov:

হেলথ রেসর্ট করার কি কোন পরিকল্পনা সরকারের আছে?

Sj. Tarun Kanti Chosh:

আছে।

Si. Saroi Rov:

পরিকল্পনাটা কি ?

Si. Tarun Kanti Chosh:

হেলথ রেসর্ট করবার পরিকল্পনা।

Sj. Saroj Roy:

তারজন্য কোন জায়গা টায়গা নেওয়া হয়েছে কি?

Si. Tarun Kanti Chosh:

ना ।

#### Si. Saroj Roy:

জায়গা নেওয়ার কোন ব্যবস্থা করা হচ্ছে কি?

# 8j. Tarun Kanti Ghosh:

পরিকল্পনা আছে নেওয়া হবে।

#### Si. Saroi Roy:

যে জায়গাটা নেওয়া হবে সেখানকার ওনার অব দি ল্যান্ড কে?

#### Mr. Speaker:

নেওয়া হবে ত বলছেন।

# 81. Xanai Lal Bhowmick:

এ পরিকল্পনায় কত টাকা বরান্দ করা হয়েছে?

# Mr. Speaker:

छीन वनलान भारतकल्पना करा श्राह्म এখन वराष्ट्र श्राह्म श्राह्म ।

# 8j, Kanai Lal Bhowmick:

কত টাকা পরিকল্পনায় আছে?

8j. Tarun Kanti Chosh: It is under the consideration of Government to establish a health resort there.

মাত্র হেলও রিসটের পরিকল্পনা হয়েছে, অতএব এখন কোন জমি নেওয়া হয় নি বা রুত টাকা খরচ হবে তা ঠিক করা হয় নি।

It is under the consideration of Government.

#### Si. Balailal Das Mahapatra:

माननीय मन्त्रीमशाग्य वलरवन कि मतकारतत शक्क त्थरक रकान स्टाइंड कता श्राहर किना?

#### Mr. Speaker:

अपे द्यार्टलात अन्न नत्र।

# 8j. Tarun Kanti Chosh:

ना।

#### 81. Sudhir Chandra Das:

স্বাস্থ্য নিবাসের পরিকল্পনার সংগ্য কোন হোটেল করবার পরিকল্পনা আছে কিনা?

# Mr. Speaker:

এ প্রশ্ন উঠে না।

#### Sj. Sudhir Chandra Das:

উঠে স্যার, উনি বলেছেন স্বাস্থ্য নিবাসের পরিকল্পনা আছে, আমি জিজ্ঞাসা করছি সেই পরিকল্পনার সংগ হোটেল তৈরি করবার কোন পরিকল্পনা আছে কিনা?

- 8j. Tarun Kanti Chosh: Detailed plan has not yet been prepared.
- 8j. Subodh Banerjee:

ল্যান্ড নেবার কোন স্ল্যান করা হয়েছে কি?

**Sj. Tarun Kanti Chosh:** It is under the consideration of Government and no plan has been finalised yet. It is not possible to tell the House at the present moment what has been done or will be done. You can think yourself what will be done.

# Sj. Subodh Banerjee:

এটা কি সতা যে সেখানে কে কে জমি পাবে তা ইতিমধ্যে কালনেমী ভাগ হয়ে গিয়েছে?

# Si. Tarun Kanti Chosh:

না।

# Sj. Balailal Das Mahapatra:

দীঘার উন্নয়ন সম্পর্কে সরকারের কোন পরিকল্পনা আছে কি?

8j. Tarun Kanti Chosh: It is under the consideration of Government.

# Realisation of Takavi Tax in Bhagabanpur police-station, Midnapore district

\*188. Sj. Sudhir Chandra Das: Will the Hon'ble Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state--

- (ক) টাকাভি ট্যাক্স বাবদ ভগবানপুর থানায় কত টাকা এখনও অনাদায় আছে:
- (খ) টাকাভি টাঝে আইনান্সারে কোন্ সাল হইতে আদায়েবাগা ছিল এবং কোন্ সাল হইতে আদায় আর\*ভ হইয়াছে,
- (গ) ইহা কি সতা যে, ভগবানপুর থানায় উল্ভ টাকাডি টালে ও অনাদায়ভানিত টালেয়র সদুদ একসংখ্য পাঁচ বছরের আদায় করা হইয়াছে;
- (ঘ) ইহা সতা হইলে, কত ঢাকা টাাক্স বাবদ এবং কত ঢাকা স্ফ বাবদ ঐ
  থানায় এ প্র্যাপত আদায় হইরাছে:
- (৩) যে বাঁধগ্লি নিমাণজন। টাকাভি টাক্সে আদায় হইতেছে সেই বাঁধগ্লিব নিমাণকাষ কোন্সালে শেষ হইয়াছে,
- (চ) কেলেঘাই-বন্যা নিবারণকল্পে নিমিতি বাঁধের জন্য কোন্ কোন্ থানাম কোন্ বে:ন্ মণ্ডলে কি পরিমাণ টাকাভি টাক্সে ধার্য হইয়াছে; এবং
- (ছ) উত্ত টাকাভি ট্যাক্সের একরপ্রতি হার কি এবং উহা কত দিন ধরিয়া আদায় হইবে?

# The Hon'ble Minister-in-charge of the Irrigation and Waterways Department (the Hon'ble Ajoy Kumar Mukherji):

- (ক) হিসাব তৌজীওয়ারীভাবে রক্ষা করা হয় বলিয়া থানাওয়ারী চিসাব সঠিকভাবে দেওরা সম্ভবপর নহে। তবে হিসাব করিয়া দেখা যায় যে, ১-৭-৫৫ তারিথ পর্যক্ত ভগবানপুর থানায় প্রায় ২,৮৭.৮৪১ টাকা টাকাভি টাক্সে অনাদায় আছে।
- (খ) ১৯৪৯ ৫০ সন হইতে আদায়যোগা ছিল এবং ১৯৫১-৫২ সন হইতে আদায় আরম্ভ হইয়াছে।
- (গ)) সার্টিফিকেট জারী করিবার সময় এন্টেটের সর্বসমেত দেয় বকেয়া টাকার হিসাব ধরা হয়। যে এন্টেটেই ৫ বংসরের দেয় টাকা অনাদায় ছিল সেখানেই স্পুদ সমেত দেয় বকেয়া টাকা আদায়ের জন্য সার্টিফিকেট জারী করা হইয়াছিল। অবশা দে ক্ষেত্রেই সার্টিফিকেট জারীভূত দেয় বকেয়া টাকা কিন্তিবন্দীতে পরিশোধ করার প্রার্থনা করা হয় সে ক্ষেত্রেই নায়সঞ্গত কিন্তিবন্দী মঞ্জুব করা হইয়াছে।
- (ছ) ৩০-৬-৫৫ তারিথ পর্যক্ত প্রায় **৬৩,৭৩১ টাকা ট্যাক্স বাবদ ও** ৪,৪৭৯ টাকা স্কুদ বাবদ আদায় হইয়াছে।

- (৩) নির্মাণকার্য শেষ হওয়ার তারিখ বলা সম্ভবপর নহে। কারণ বাঁধগুলি সরকার কর্তৃক নির্মিত হয় নাই। ১৯৪৯-৫০ সালের সংস্কারকার্যের জন্য ট্যার আদার হইতেছে।
- (চ) কেলেঘাই-বন্যা নিবারণকল্পে নির্মিত বাঁধগুলির শ্বারা হুড়া নং XVI এবং হুড়া নং XVII-এর জুমি উপকৃত হয়। পটাশপুর থানার কিছু অংশভুক্ত হুড়া নং XVI অগুলে বাংসরিক দের ট্যাক্স মোট ১,৬৫৫ টাকা ধার্য হুইয়াছে। পটাশপুর থানার কিছু অংশ, নন্দীগ্রাম থানার কিছু অংশ, থেজুরী থানার কিছু অংশ এবং ভগবানপুর থানার অধিকাংশ লইয়া হুড়া নং XVII অগুল গঠিত। এই অগুলে বাংসরিক দের ট্যাক্স যোট ১,৩৫,২৩৪ টাকা ধার্য হুইয়াছে। (ক) প্রশেনর উত্তরে বার্ণত কারণের জনা থানাওয়ারীভাবে পৃথক্ হিসাব দেওয়া সম্ভবপর নহে।
- (ছ) একরপ্রতি হার ১/∙ এবং ১৯৪৯-৫০ সন হইতে ৩০ বংসর ধরিয়া উহা আদায় <sup>©</sup>হইবে।

# 8j. Sudhir Chandra Das:

আপনার খ-এর উত্তরে বলেছেন ১৯৪৯-৫০ সন হইতে আদায়যোগ্য ছিল, আমার প্রশ্ন হচ্ছে কোন্সালে ঐ ট্যাক্স ধার্য হয়েছিল?

# The Hon'ble Ajoy Kumar Mukherji:

১৯৫১-৫২ সন হইতে আদায় আরুভ হয়েছে, লেখাই আছে।

# 8j. Sudhir Chandra Das:

আমার প্রশ্নটা হচ্ছে কোন্সালে ঐ ট্যাক্স ধার্য হয়েছিল?

# Mr. Speaker:

আপনার প্রশ্ন ছিল কোন্ সাল থেকে আদায়বোগ্য ছিল?

# Sj. Sudhir Chandra Das:

আমি জানতে চাচ্ছি, অন্গ্রহ করে মন্ত্রীমহাশয় জানাবেন কি ঐ ট্যাক্স কোন্ সালে ধার্ষ হরেছিল?

# The Hon'ble Ajoy Kumar Mukherji:

ঐ নাক্স ১লা এপ্রিল ১৯৪৯ তারিখ থেকে ৩০ বছরের জন্য জমিদারের সপ্যে কন্দান্ত হয়েছিল, তাতে বছরে ৩ লক্ষ ৬৮ হাজার ৫৪৫ টাকা আদার হবে, ৩০ বছরের ১ কোটি ২০ লক্ষ ২৫০ টাকা আদার হবে।

# Sj. Sudhir Chandra Das:

তাহলে আপনার উত্তর হচ্ছে ১৯৪৯ সালে ধার্য হরেছিল।

# The Hon'ble Ajoy Kumar Mukherli:

হাাঁ, ১৯৪৯ সাল থেকে।

# 8j. Sudhir Chandra Das:

আপনি (৩)তে বলেছেন বাঁধগন্লি সরকার কর্তৃক নিমিতি হয় নাই। ১৯৪৯-৫০ সালের সংস্কার কার্যের জন্য টাক্স আদায় হইতেছে। আমার প্রদান হচ্ছে, মল্ফীমহাশর অন্ত্রহ করে জানাবেন কি কোন্ সালে ঐ বাঁধ সংস্কারের কাজ শেষ হয়েছে?

# The Hon'ble Ajoy Kumar Mukherji:

ৰাধ সংস্কার প্রতি বছর হয়।

#### Si. Sudhir Chandra Das:

আপুনি এটা জানাবেন কি যে ঐ ৫ বছরের ট্যাক্স একসংগ্য আদায় করবার চেন্টা হরেছে, ৪ বছরের মধ্যে কোন নোটিশ না দিয়ে একেবারে ৫ বছর একসংগ্য টাকা আদায় করবার চেন্টা হয়েছে ?

# Mr. Speaker:

এ প্রশ্নটাত আপনি করেন নি।

#### Si. Sudhir Chandra Das;

হ্যা, (গ)-এর প্রশ্নে রয়েছে—তার উত্তরে বলেছেন সার্টিফিকেট জারী করবার জন্য এস্টেটের সর্বসমেত দেয় টাকার হিসাব ধরা হয়় যে এস্টেটে ৫ বছরের দেয় টাকা অনাদায় ছিল সেখানে স্দ্দমমেত দেয় বকেয়া আদায়ের জন্য সার্টিফিকেট জারী করা হয়েছিল। আমি এটা শাশিলমেনটারি করছি যে এই ৪ বছরের মধ্যে কোন প্রকার নোটিশ না দিয়ে শুখু পশুম বংসরের নোটিশ দিয়ে এককালীন এবং তার স্দুদ আদায়ের চেণ্টা করা হয়েছে এটা সত্য কিনা?

# The Hon'ble Ajoy Kumar Mukherji:

না, তা হয় নি। আমি একটা কথা বলে দিই ১৩ই মে ১৯৫৩ তারিখে গভর্নমেন্ট আবার একটা নোটিফিকেশন দেন, তাতে ৮৭ হাজার টাকার জন্য। ডিমাণ্ড ছিল. ১৯৫১-৫২ এবং ১৯৫২-৫৩ সালের জন্য। যাঁরা নোটিশ সময়মত পান নি বলে বলেছেন, কিম্বা যাঁরা নোটিশ দেরিতে পেয়েছেন বলেছেন তাঁদের কিম্তিবন্দার ব্যবস্থা করে দেওয়া হয়েছে এবং তাঁদের সন্দ মুকুব করে দেওয়া হয়েছে।

# 8j. Sudhir Chandra Das:

त्नां हिन एन उस र में, हात वहरतत वक्तर का त्नां हिन एन उस दर्साहर कारन कि?

#### The Hon'ble Alov Kumar Mukherii:

নোটিশ দেওয়া হয়েছে, সাধারণভাবে সবাই নোটিশ পেয়েছেন। যে যে পায় নি বলে দেখিয়েছে তাদের কিন্তিবন্দী করে দেওয়া হয়েছে, স্ন মনুকুব করে দেওয়া হয়েছে।

#### 8j. Sudhir Chandra Das:

(ঘ) প্রশ্নের উত্তরে বলেছেন ৩০শে জ্বন ১৯৫৫ তারিথ পর্যন্ত প্রায় ৬৩,৭৩১ টাকা ট্যাক্স বাবদ ও ৪,৪৪৯ টাকা স্বদ বাবদ আদায় হইয়াছে। এই স্বদের হার শতকরা কত ছিল জ্ঞানাবেন কি?

#### The Hon'ble Ajoy Kumar Mukherji:

নোটিশ চাই-বলতে পারি না।

# 8j. Sudhir Chandra Das:

(ছ) প্রশেনান্তরে বলেছেন একরপ্রতি হার ১/০ এবং ১৯৪৯-৫০ সন হইতে ৩০ বংসর ধরিয়া উহা আদায় হইবে। দয়া করে মল্টীমহাশয় জানাবেন কি প্রের্ব আরও অনেক কম হারে এই হার ধার্ষ ছিল কিনা?

# The Hon'ble Ajoy Kumar Mukherji:

হতে পারে--

# 8j. Sudhir Chandra Das:

অনুগ্রহ করে জানাবেন কি কত হার ছিল ২০-২৫ বছর আগে?

# The Hon'ble Ajoy Kumar Mukherji:

त्निंगि मिल वल प्रव।

# 8], Kanai Lal Bhowmick:

এই যে ৩০ বছর ধরে আদায় হবে স্টেট একুইজিসন বিল হওয়ার পরেও কি এটা কার্যকরী থাকবে?

# The Hon'ble Aloy Kumar Mukherji:

না গত ১লা বৈশাখের পর থেকে থাকবে না।

# 81. Kanai Lal Bhowmick:

এই ট্যাক্স আদায় করবার জন্য কতজনের উপর সারটিফিকেট জারী করা হয়েছিল?

# The Hon'ble Ajoy Kumar Mukherji:

নোটিশ চাই।

# 8]. Kanai Lal Bhowmick:

এই যে ১/০ হার এবার ধরা হয়েছে এটা খুব বেশি এই মর্মে প্থানীয় লোকদের কাছ থেকে কোন দরখাস্ত পেয়েছেন কি?

# The Hon'ble Aloy Kumar Mukherji:

ট্যান্ত্রের হার কালেক্টর ঠিক করেন—কালেক্টরের কাছে দরখাসত আসতে পারে। অনেক মামলা মোকদমা হচ্ছে, অবশেষে কালেক্টর এই হার ধার্য করেছেন।

### Si. Kanai Lal Bhowmick:

এই যে হার এটা এবার বাড়ান যে হয়েছে এর কারণ কি?

Mr. Speaker: That is a hypothetical question.

# The Hon'ble Aloy Kumar Mukherji:

কালেইরই সব ঠিক করে দেন, কি রকম থরচ হল এটা দেখে তিনি ট্যাক্স ধার্য করেন।

# 8j. Sudhir Chandra Das:

৩০শে বৈশাথ এটা ধরা হবে না-এই নির্দেশ পাঠিয়েছেন কি?

#### The Hon'ble Alov Kumar Mukherji:

৩০শে বৈশাখের পর যা খরচ হবে তার জন্য ট্যাক্স ধার্য হবে না।

#### Si. Natendra Nath Das:

(৩) প্রদেন বলেছেন বাঁধগুলি সরকার কর্তৃক নির্মিত হয় নাই। ১৯৪৯-৫০ সালের সংস্কার কার্যের জন্য ট্যাক্স আদায় হইতেছে। কত টাকা সংস্কার কার্যে সরকার বায় করেছিলেন?

#### The Hon'ble Ajoy Kumar Mukherji:

নোটিশ চাই।

# 8j. Saroj Roy:

ষে সমস্ত বাঁধ সংস্কার করার জনা এই ট্যাক্স আদায় হয় বহ**ু** ক্ষেত্রে বাঁধ সংস্কার করা সত্ত্বে বন্যা প্রতিরোধ করা হয় না, অথচ সেইসব জায়গায় ট্যাক্স আদায় হচ্ছে কি?

Mr. Speaker: That question does not arise.

#### 8j. Sudhir Chandra Das:

বে টাকা খরচ হয়েছে ৩০ বছর ধরে আদায় হতে পারবে এটা এস্টিমেট করে করা হয়েছে কিনা?

# The Hon'ble Ajoy Kumar Mukherji:

কন্টাক্ট যা করা হয় সেটা এ্যাডভান্স করা হয়। আগামী ৩০ বছর ধরে টাকা দেবেন আমরা বাধ মেরামত করে দেব, জমিদারের বাঁধ এটা।

# Si. Sudhir Chandra Das:

এখন কি অন্ত্রহ করে ৩০ বছরের মেয়াদ বাতিল করে একেবারে রেহাই করবার কথা বিবেচনা করবেন :

# The Hon'ble Ajoy Kumar Mukherji:

যে সময়ে থরচ হয়ে গিয়েছে সে সময়ে এই সব বাঁধ জমিদারের ছিল। রেহাই করার প্রশন কি করে উঠে।

[3-10--3-20 p.m.]

### Si. Janardan Sahu:

কোনা বছর গভর্নমেন্ট জমিদারদের বাঁধ মেনটেন করবার জন্য ভার নিলেন?

### The Hon'ble Ajoy Kumar Mukherji:

এক এক বার ২০ বছর, ৩০ বছরের কন্টাক্ট হয়। প্রথম কন্টাক্ট ১৮৭৪ সালের ১লা এপ্রিল হয়েছিল।

#### Si. Janardan Sahu:

कन्ध्रोक्टे टेक्शिनशाववा या धार्य कव्यवन मिणेटे शहर कव्यवन किना?

# The Hon'ble Ajoy Kumar Mukherji:

আইনে যা বলে তাই হবে।

#### Sj. Janardan Sahu:

আপনি কি জানেন যে ইঞ্জিনিয়াররা যেটা শেষবার ধার্য করেছিলেন ৮৮ পাই স্ক্যাট রেট হিসাবে সেটা কালেক্টর জোর করে বাডিয়ে দিয়েছেন?

# The Hon'ble Ajoy Kumar Mukherji:

ইঞ্জিনিয়াররা ধার্য করেন না কালেক্ট্রেই কর ধার্য করেন।

# 8j. Janardan Sahu:

জোর করে কালেক্টর সেই ফ্র্যাট রেট বাড়িয়ে দিয়েছেন এটা ঠিক কিনা?

#### The Hon'ble Ajoy Kumar Mukherli:

वर्लाष्ट एठा कर धार्य करतन कार्लक्टेंत, टेक्किनियात नय।

#### 81. Balailal Das Mahapatra:

জমিদারের সঙ্গে কি কন্টাক্ট ছিল সরকার জমিদারী নেবার পর এদের কাছ থেকে আদার হবে?

# The Hon'ble Ajoy Kumar Mukherji:

আর আদায় হবে না।

# 8j. Kanai Lal Bhowmick:

এই যে আপনি উত্তরে বলেছেন পটাশপ্র থানার কিছ্ অংশ নন্দীগ্রাম থানার কিছ্ অংশ, খেজুরী থানার কিছ্ অংশ ইত্যাদি অগুলে বাংসরিক দের ট্যাক্স ১,৩৫,২৩৪ টাকা ধার্য হইরাছে, এস্টেট একুইজিসন চাল্ব হবার পরেও কি এই টাকা আদার হবে?

# The Hon'ble Ajoy Kumar Mukherji:

এটা বকেয়ন টাকা কিনা তাই আদায় হতে পারে, গভর্নমেন্ট এ সম্বন্ধে এখনও কিছ্ ঠিক করেন নি।

#### 8]. Kanai Lal Bhowmick:

এই ১/৽এর সবটাই প্রজাদের কাছ থেকে আদার হবে না জমিদারদের কাছ থেকে আদার হবে?

# The Hon'ble Ajoy Kumar Mukherji:

আমরা সবটাই জমিদারদের কাছ থেকে আদায় করবো, জমিদার কিছুটা পোরসান প্রজাদের কাছ থেকে আদায় করতে পারেন।

#### Sj. Janardan Sahu:

এটা কি সতা যে টাকা ১৫ বছরের একসঙ্গে নেওয়া হচ্ছে?

#### The Hon'ble Ajoy Kumar Mukherji:

১৫ বছর নয় বছর বছর নেওয়া হচ্ছে।

#### Sj. Janardan Sahu:

১৫ বছরের টাকা একসভেগ নেওয়া হচ্ছে কিনা?

# The Hon'ble Aloy Kumar Mukherji:

क्ति अत्भ मत्न कतरहन। ६ वहरतत ठोका अक मरून त्नुहा र एह।

Mr. Speaker: Question is over.

#### Point of information.

#### Si. Subodh Baneriee:

আজকে কান্ধ আরশ্ভ হওয়ার আগে একটি জিনিষ দ্পীকাব দহাশয়কৈ ঠিক করবাব জন্য অনুরোধ করি। গত ব্হস্পতিবার বলেছিলেন যে নন-অফিসিয়াল ডে হবে না। কাল শ্কুবার নন-অফিসিয়াল ডে হবে কিনা এবং হলে কতক্ষণ হবে জানতে চাইছি।

Mr. Speaker: Tomorrow will be the non-official day first two hours and there will be no question tomorrow.

# Presentation of Petition on the West Bengal Land Reforms Bill, 1955

[Secretary reported that one petition under rule 88 of the West Bengal Legislative Assembly Procedure Rules has been received relating to the West Bengal Land Reforms Bill, 1955.]

#### **COVERNMENT BILL**

### The West Bengal Security (Amendment) Bill, 1955.

#### 8]. Jyotish Joarder:

মাননীয় স্পীকার মহাশয় আমরা কাল সিকিউরিটি এ্যামেন্ডমেন্ট বিল এর আলোচনায় আমাদের এদিক থেকে যুক্তিসংগতভাবে যা আলোচনা করবার তা কিছু করেছি। এখন আমি এক কথায় সিকিউরিটি এ্যামেন্ডমেন্ট বিল সম্পর্কে বলবো যে একটা অনাচারের অচলায়তনকে নিরন্ধ করবার চেন্টাতে এ বিল ডাঃ রীয় এনেছেন, যেখানে প্রথমই দেখতে পাওয়া যায় একটা মানুবকে বদি ধরতে হর তাহলে তার চরণ বাকা থেকে স্বর্ব করে যা কিছু ন্যায়সংগত কাজ সেকরে বা করতে যাছে বা করবার সম্ভাবনা আছে, যা কিছু হোক না কেন তাকে এই বিলের আওডার নিয়ে আসা বাবে। তাকে গ্রুভা বলে এখানে চালান যাবে, তার মতবাদ প্রকাশ করতে

বদি বার তাহলে তার উপর জন্ন্ম করা যাবে, তার মুখের সামনেকার মাইক্রেফোন আটকে নিয়ে বাওয়া যাবে—্যা আমরা আগে অনেক দেখেছি। সাধারণ মান্ধের হাতিয়ারের কথা নয়, সাধারণ মান্ধের হাতিয়ারের কথা নয়, সাধারণ মান্ধে ড্লিল করবে—ডিসিপ্লিন অভ্যাস করা দরকার সেটা এই বৈজ্ঞানিক যুগে সারা ভারতে বিশেষতঃ এই যুন্ধ বিগ্রহের আশুক্রার দিনে প্রয়োজন, কাজ কম উপযুক্তভাবে করতে গেলে সমগ্র ভারতে প্রত্যেক মান্ধের—ছাত্র, যুবক, শ্রমিকের শিক্ষা করা উচিত, সেটা এ আইনে বন্ধ আছে। আজকে যে ড্লিল এত প্রয়োজন যে ডিসিপ্লিন অভ্যাস করা কমপালসরী হওয়া দরকার সেদিকে ডাঃ রায়ের নজব পতল না, সাধারণ মান্মকে সে অধিকার দেওয়া হচ্ছে না। বিশেষ করে সর্ত অনুযায়ী ড্লিল শিক্ষার যে সুযোগটাকু সংশ্লিষ্ট ২৪নং ধারার ২নং উপ-ধারার হাওয়া ছিল তাও কেডে নেওয়া হল।

# [3-20-3-30 p.m.]

সভা সমিতি শোভাষাত্রার নিয়ন্ত্রণ ব্যাপারে আগে ছিল অর্থাৎ ১৯নং ক্লজএ ছিল সেফটি এ্যান্ড স্পেরিলিটি অফ দি নেটে মদি বিপন্ন হয়, কিন্তু এখন সেই প্রান রিটেশ আমলের কথাটি আনা হয়েছে—পাবলিক অর্ডার এয়ান্ড ট্রানকুইলিটি, এতে যখন তথন খ্রস্মিত এব জন্টে আটক করা সম্ভব হবে, বিচরে আচার তার পরের কথা। একটা জিনিষ পরিষ্কাব যে আজ যথন সাধারণ নির্বাচন সামনে আসছে সেখানে স্বভাবতই শাশ্তিপূর্ণ নির্বাচনের প্রেই গ্রাম্বের প্রকাশ হবে , এবং শান্তিভংগের কোন কারণ নেই। তাই আটকটা আপন গৌন্তে গুরুত্বপূর্ণ এবং বর্তমানে এমন কোন এর্ব্রী অবস্থা নেই। সেখানে এই কথাটা যদি জ্বড়ে দিতেন যে যদি কোন জর রী অবস্থার সুণিট হয় তাহলে জর রী অবস্থা ঘোষণা করে নিয়ে এই আইন প্রয়োগ করবেন তাহলেও ব্রুঝা যেত। তা না করে কোন জরুরী অবস্থা না থাকা সত্তেও বছবের পর বছর এর মেয়াদ বৃদ্ধি হচ্ছে। আর একটা সরকার যারা নির্বাচনের পর আস্তেন ভারা দেশের লোক ভোট পেয়ে ক্ষমতায় আসবেন তারা তখন অবস্থা নির্ধারণ করে ব্যবস্থা করতে পারবেন। আর গভর্মর বাহাদ্রে তো দেশ ছেড়ে চলে যাচ্ছেন না, অন্তবতীকালে তার শাসন যখন চলে তথন দরকার মনে করলে তিনি অর্ডিনান্স জারী করে কিছু করতে পারবেন। কোন জরুরী অবস্থা নেই। তারপর গভর্নরের শাসনের মধ্যে সমস্ত কিছ্ব রয়েছে, সাধারণ নির্বাচন চোথের সামনে, ইতিমধ্যে এরকম একটা বিল আনবার কোন যুক্তি থাকতে পারে না। কর্তৃপক্ষ হয়ত ভয় করছেন স্বাধীনভাবে জনসাধারণ মতামত প্রকাশ করতে পারলে তাঁদের নিবাচনে স্মাবধা रत ना ठारे अतकम अको आरेतनत सामान वृष्टि करत ताथरहन। आमि मरन कांत आता रामारक বিশ্বাস করে সাধারণ নির্বাচনে অগ্রসর হওয়া উচিত, তাহলে ব্ঝা যাবে এরা ডেমোক্রাসীর সম্মান করছেন। কিন্তু এ°রা যে "বিল" আনছেন তার মধ্যে কোথাও একট্ রিলাব্লেসন নেই, সমস্ত জায়গায় অপপ্রয়োগের স্থোগ আরও বাড়ান হচ্ছে। একটা সাধারণ ব্যাপার লয়টারিং ইন দি ভিসিনিটি অফ দি প্রোটেকটেড এরিয়া—কাছাকাছি কেউ যদি পায়চারী করতে যান তিনি pित्रफाकां कि क्यू कतरलन वा ना कतरलन भास, श्विमकारेवफ अर्थातीरे यीम भिक्षिभीक अस्त করেন তাঁকে ধরে আটকাতে পারবেন, তাঁকে সাজা পর্যন্ত দিতে পারেন, অথচ আগে এই সাজার ব্যবস্থা ছিল না। যে কোন মান,ষ এই রাস্তা দিয়ে যাবে কখন তিনি যে ভিসিনিটির মধ্যে পড়বেন তা কেউ বলতে পারে না, কারণ, এই ভিসিনিটির এরিয়া কতটা—এক মাইল বাঁ দশ মাইল ফ্রম দি প্রোটেকটেড এরিয়া তার কিছু বলা নেই। তারা আমাদের চোথে ধূলা দেওয়ার करना "मश्तकात" वााभारत भावीनक इन्होरतम्हे कथाहे। ज्यारम ज्याराहरू भावीनद इन्हेर्एतम्हे কথাটার অপব্যবহার কি করে হয় তা আমাদের সকলের জানা আছে। প্রোন যে ব্যবস্থা তা এখানে যোল আনা থাকবে তারপর ষখন তাদের ইচ্ছে হয় পার্বালক ইন্টাবেষ্ট ইন ডেনছার বলে একটা লেবেল মেরে যা খুসী করবেন। সভাপাল মহাশয় আপনি চিন্টা করে দেখুন একটা লোক ঘাড়ে করে একটা মাইক্রোফোন নিয়ে আসছে সে মাইক্রোফোন-এর সাহায্যে কিছু না বললেও তাকে ধরে নিয়ে তার জিনিষ বাজেয়াত করা এমন কি তাকে পর্যন্ত ধরে নিয়ে খাবার বাকেখা रुष्ट् । भाष भर्यन्य चारक निताभताथ मत्न कत्रल एडएए एउट्डा इर्द । हिन्दा कर्त एन्थ्र এই অবস্থাটা কি একটা সভায় যদি মাইক্রোফোন-এ কেউ দুয়েকটা কথা বলেই ফেলে, তাতে এটা এমন কি এক্সম্পোসিভ ব্যাপার ঘটতে পারে যাতে মৃহতে সমস্ত শাসন ব্যবস্থায় গোলমাল দেখা দেবে। আপত্তিজনক কিছু বলার সপ্তো সপো ধরবার কথা থাকত, তাহলেও বোঝা যেত।

তাত নয়? এইভাবে মানুষের ফ্রিডম অফ ঘট এ্যান্ড এক্সপ্রেশন বন্ধ করে দেওয়ার কি অর্থ হয়? রাষ্ট্রের বিপদের কিছু নেই শুধু পার্বালক অর্ডার এয়ান্ড ট্রানকইলিটির কথা বলেই যা খাসী করতে পারবেন। এই সমস্ত আইনের বলে সিকিউরিটি নামে সমস্ত জাতিকে ইনাসিকিউর করে ফেলে সমসত দেশকে আতৎকগ্রন্সত করে রাখা, এর পিছনে কি যান্তি থাকতে পারে? ফ্রিডম অফ থট নানাভাবে ক্ষ্ম করা হয়েছে এতেও এরা সন্তুষ্ট নয়, আরও তাকে জব্দ করতে হবে। কবিগনের "অচলায়তন" বইখানির কথা মনে পড়ছে, তার থেকে একটা লাইন আমি আপনাদের ए : तारात निकार भारत आहि **এ**ই वरेरात भर्म कथा। भान स्वत भागत अन्नाराजन थाए। करत ার তাশা, ভাকাখ্যা আশাভবসা যা কিছু সুন্দর সমহত কিছু বিকাশের পথে যত প্রাচীর এনে হাজির করা যায়, তওই মান্যযের মনপ্রাণ আর্তনাদ করতে থাকে। এমনি করেই রাখা হয়েছিল কবিগরের অচলায়তনে শিশনদের। সেই অন্ধকার ঘরের চারিদিকে জানালা দরজা বন্ধ। হঠাৎ কেট জালো দেখলে তাকে মহাপঞ্চক, পাতক ইত্যাদির নির্দেশে ভয়ংকর প্রায়শ্চিত্ত করতে হবে। তাকে জল পর্যন্ত দেওয়া হবে না, তাকে জলের জনা ছট্ফট্ করে মরতে হবে। এমনি করে যথন একটি দুটি করে শিশুদের উপর এই ভয়ঞ্কর নিপীড়ন চলতে থাকল তথন শেষ প্র্যান্ত সেখানকার আচার্য, উপাচার্য যারা এইসব ভয়াবহ প্রায়শ্চিত্তের নিষ্ঠার বিধান এবং অনুষ্ঠান নিমন্ত্রণ করতেন তাদেরও প্রাণ কে'দে উঠল। তারা বললেন—ভেপ্সে ফেল এই অচলায়তনের প্রাচীর, বেরিয়ে এস সব, বাইরের আলোতে। যথন এই প্রস্তুত্কের নানারকম কমেন্টারী বাজারে বের হাচ্ছল তখন কবি নিজে একদিন তাঁর অচলায়তনের ব্যাখ্যা করে দিলেন, তা থেকেই আমি একট্ব পড়ে শ্বাব।

[3-30-3-40 p.m.]

বইখানি পড়লে প্রথমত একখানি নাটক বলেই মনে হয় বা উপাখ্যান বলেই মনে হয়। কিন্তু কবিগ্রের আপন সমালোচনা শ্নলে সে ধ'রণা একেবারে বদলে যায়। তিনি বলেছেন—

"আমাদের সমস্ত দেশব্যাপী এই বন্দীশালাকে একদিন আমিও নানা মিণ্ট নাম দিয়ে ভালবাদিতে চেণ্টা করিয়াছি। কিন্তু তাহাতে অন্তরাত্মা তৃণিত পায় নি—পাষাণ প্রাচীরের চারিদিকে তাহারা মাথা ঠেকাইয়া বে কোন আশার পথ দেখিতেছে না, বাস্বে, এমন নিরন্ধ বেণ্টন, এমন আশ্চর্ষ পাকা গার্থনি! বহিন্দর্বার আছে বটে, কিন্তু শ্রের আছে কি? চারিদিকে তাকাইয়া শ্রের কোনখানে দেখা ষাইতেছে না। ঘরে বাইরে কোথায় সে আছে? অচলায়তনে আমার সেই বেদনা প্রকাশ পাইরাছে।"

াই বলছি বর্তমান সিকিউরিটি বিলএর বিরুদ্ধে জনসাধারণের অন্তরাত্মা কবিগুরুর এ বালীর মধোই আজ আবার পাচ্ছে তার বেদনার প্রতিধন্নি। এ সিকিউরিটি বিলের বিরুদ্ধে বাংলার সমুদ্ধ মানুষের ক্রন্দন পাচ্ছে ভাষণ। এই সিকিউরিটি বিল এখানেই প্রত্যাহার কর্ন; এ রাজের তাই দাবী। আর এই বিলের এক্সটেনশন তিনি চাইবেন না : এই হচ্ছে আমার অনুরোধ প্রধানমন্ত্রী মহাশরের কাছে।

#### 8], Subodh Banerjee:

মিন্টার দপীকার সাার, এই সিকিউরিটি আইনের ন্বপক্ষে কংগ্রেসপক্ষীরদের বলতে শ্নে আমার লক্জা হল। মনে ইচ্ছে বাংলাদেশে মিরজাফরের মত দেশদ্রোহীর অভাব এখনো নাই। ইংরেজের আমলে বারা ইংরেজের পদলেহন করে জাতির সর্বনাশ করার ঘ্ণা বড়বল্য করেছিল তাদের বংশধররা আজও এদেশে বিরাজ করছে এটা বোঝা গেল। নিরাপত্তা আইনের সপক্ষে অনেক কথা শোনা গেছে। কেউ কেউ বলেছেন যে, ১৯৪৮ সালে সারা বাংলা দেশ বিশ্ববী কার্বে ভেসে গিরেছিল, শান্তিকামী মানুষ তথন ছট্ফট্ করেছিল; তাই সিকিউরিটি এাাই যখন এলো, তখন দ্-হাত তুলে ডাঃ রায়কে নাকি দেশবাসী আশীর্বাদ করেছে। এই কথা প্রমাণ করে যে, ভণ্ডামি ও মিথ্যাচারিতার সমীমা থাকে না। বাংলাদেশে এই রকম বিশ্বব ঘটে গেল কিন্তু বাংগালী টের পেল না, ধনা কম্পনাশন্তি। আর আশীর্বাদ ঘটি কেউ করে থাকে তাহলে তা করেছে তারা, যাদের মন্দ্রিছের লোড ছিল, যারা চোরাকারবারে লিণ্ড ছিল, যারা ভনসাধারণের বক্ষের রক্তে নিজেদের মানাফার পাহাড গড়তে চাচ্ছিল তাদেরই নিরাপন্তার জন্য এই আইন করা

হয়েছে। বাংলাদেশের লোক ডাঃ রায়কে আশবিশি করে নাই এই সিকিউরিটি এট্র আনার জনা : जाता এই আইনকে রোধ করার জন্য প্রাণ দিয়েছে। ভলে যাবেন না-১৯৪৮ সালে এই কালা-কান নের বির দেধ বিপ,ল গণ আন্দোলন দেশময় গড়ে উঠেছিল। তারজন্য বহু লোক প্রাণ পর্যন্ত দিয়েছে। এই যদি আশীর্বাদের লক্ষণ হয় তাহলে ঘূণার প্রকাশ কাকে বলে? এই আইন এনে ডাঃ রায় সারা দেশের অভিশাপ কডিয়েছেন। এই কালাকান্নের ফলে হাজার হাজার ছেলে বিনা বিচারে বন্দী হয়েছে, নাশংস অত্যাচার সহা করেছে প্রাণ দিয়েছে কংগ্রেসী সরকারের জেলে। তাদের আত্মীয়স্বজন ডাঃ রায়কে এই সিকিউরিটি এট্রেই করার জনা ঘণা করে। তিনি বাংলাদেশের স্বাধীনতার ইতিহাসে, গণ আন্দোলনের ইতিহাসে এক বিরাট অশ্ভে ধ্মকেতর পে চিহ্নিত হয়ে থাকবেন। কোন স্বাধীনতাকামী মান্যই তাকে এর জন্য আশবিণদ করবে না, তারা তাঁর ধর্ণস কামনা করে। সরকাব পক্ষে ব্রট মেজবিচি থাকার জনা সাধারণ মানুষের উপর এই বালাকান্যন সরকার জাের করে চাপিয়ে দিতে। পারেন। কিন্তু একদিন জন্দাধারণের র দুরোয় এব বির দেধ ফেটে পড়বেই। তা দমন করার ক্ষমতা এই ব্রটে মেজরিটির নেই। ইতিহাস সেই দিনের নিদেশি দেয়। ব্যাচ্চিলের ভয় ফরাসী জনতাকে পণ্গ, করতে পারে নি। জারের নির্মাম অত্যাচার রুশ জনসাধারণের মনোবলকে ইম্পাৎ কঠিন করেছে। চিয়াং কাইশেকের পৈশাচিকতা চৈনিক চাষীমজ্বরদের অভিযান রুম্ধ করতে পারে নি। এন্ডারসনের দমননীতি বাংগালার বিংলবাকর্মধারাকে দত্র করতে পারে নি। আপনার নিরপত্তা আইনও গণ মুট্র আন্দোলনের গতিকে প্রতিরোধ করতে পারবে না।

# ্চে চার্মেচি ও গোলমাল।

সরকাব পক্ষের লোকের মৃথ হতে বার বার শ্নেছি—১৯৪৮ সালের অরাজকত। দমন করবার জনা এই সিকিউরিটি এ্যাক্ট প্রয়োজন হয়েছিল। তাকে তাই জিইয়ে রাখা দরকার। আমি জিজ্ঞাসা করি—এটা কি সেই ১৯৪৮ সালে? গত ১৯৪৮ সালে যদি কিছ্ ঘটেই থাকে এখন কি তা আছে : আমি যদি তকের থাতিরে মেনেও নেই যে, তখন এই আইনের প্রয়োজন ছিল—যদিও সেইভাবে ধরা ভূল—তাহলেও প্রশন থাকে এখন এর কি প্রয়োজন? আজকে ১৯৫৫ সালে ১৯৪৮ সালের সেই অবস্থা নাই। এখনো কি প্রয়োজন আছে এই সিকিউরিটি এ্যাক্ট-এর? ডাঃ রায় যদি তথা দিয়ে প্রমাণ করতেন যে, পশ্চিম বাংলায় এখনো সেই ১৯৪৮ সালের মত চুরি-ডাকাতি, খ্না, রাহাজানি চলেছে, পশ্চিম বাংলায় সাধারণ মান্যের জীবন ধনসম্পত্তি নণ্ট হচ্ছে, বা হবার উপক্রম হয়েছে সাধারণ আইন দিয়ে তাকে ঠেকান যাচ্ছে না তাহলে না হয় ব্রুতে পারতাম এই সিকিউরিটি এাক্ট-এর প্রয়োজন আছে। কিন্তু অরাজকতা এখন কোথায়? আর অরাজকতা বলতেই বা কি বোঝায়? ধনিক প্রণীর শোষণের বির্দেধ শ্রমজীবী মান্যের সংগ্রামের নাম অরাজকতা?

পশীকার মহাশয়, এই যে বিল—বেআইনী বা কালাকান্ন, এই আইন অনাবশাক, অযৌদ্ধিক এবং ক্ষডিকর ত বটেই আমি বলবো এটা মধ্য যুগের বর্বরতার নিদর্শন, তাছাড়া আর কিছুইনয়। কোন সভা দেশের গভর্নমেন্ট আজকে এই বিংশশতাব্দীতে ১৯৫৫ সালে এই প্রকার আইন প্রণয়ন করবার জনা, এই প্রকার বেআইনী, অনায় আইনের আয়ুন্কাল বর্ধিত করবার জনা এই বিধান সভায় প্রস্থাতা আনতে পারে—এটা খ্বই লক্জার বিষয়। এটা কি গণতান্তিক যুগে হতে পারে? কিন্তু আমাদের সরকার গণতান্তিক নয়। এখনও তাদের গণতন্তের হাতে খড়ি হয় নি; তারা হচ্ছে স্বৈরাচারী। বড়ই দুঃধের বিষয় বাংলা দেশের ব্লরকারের নীতি নির্ধারিত হয় সমগ্র দেশবাসীর কলাণের দিক থেকে নয়, কি কবে নিজেদের র্ভি রেভগার বাড়বে, গদি বজায় থাকবে, কি করে বিপক্ষদের দমন করা যাবে, বিপক্ষদের নায়সভগত আন্দোলনকে দমন করে কি করে নিজেদের গতি বজায় থাকবে এই প্রচেন্টাই চলছে। আজকে দেশের যে অবস্থা তাতে আমাদের সরকার প্রাণ রাথতেই প্রাণত। সেইজনা এই প্রকার আইন মাঝে মাঝে আসে এবং আমাদের ও তীর প্রতিবাদ জানান হয়। ইংরাজ আমলে এই সমসত আইনের বির্দেধ তাঁরাও ঘোরত বাপারি তলতেন এইসব আইনকে চোখা চোখা বিশেষণে বিশেষিত করতেন।

# [5-5-10 p.m.]

এখন এই আইনের কোন প্রয়োজন হয় নি। এই যে আমাদের সংবিধান রয়েছে, নিয়্মতান্তিকপন্থায় সমুসত রাজনৈতিকদল তাদের আন্দোলন চালাছে যার যার আন্দা অন্যায়ী। সেখানে
বুলেটের দরকার নাই, বালেট ত রয়েছে ৫ বছব অন্তর। এমন কোন শিম্পটম কি দেখেছেন
যাতে ব্ঝায় যে ঘেটএর নিবাপত্তা নাই ছছে, যাতে ব্ঝায় যে তার বির্দেধ কোন কমোসন,
কোন রাইজিং হছে যার জন্য এই আইনের প্রয়োজন হবে । আমার এক বন্ধ্বর দেখিয়েছেন —
এবং এই সম্বন্ধে বেশী বলারও নাই যে এই আইন চোর, বদমায়েস, ডাকাতের বির্দেধ প্রয়োজ
ইয় নাই, হয়েছে কেবল বিরোধী রাজনৈতিকগ্লির উপর। কৃষক আন্দোলনের, শ্রমিক আন্দোলনের
বির্দেধ, সমাজসেবীদের বিরুদেধ, সমাজসংস্কার আন্দোলনের বিরুদ্ধে এবং গোহতাা
নিবারণ আন্দোলনের বিরুদ্ধে, টিচারস'দের নিজেদের নায়া পাওনার জন্য আন্দোলনের বিরুদ্ধে।
শ্র্ব তাই নয়, এই আইন দ্বারা যেসব ক্ষেত্রে ডিটেনসন করা হয়েছে এক্সটারন্মেন্ট করা হয়েছে।
তথনই সরকারকে পিছন ফিরতে হয়েছে। তাই বলছি এবা অবৈধভাবে নিজের স্বার্থ বজায়
রাখতে এই আইন প্রয়াগ করেছেন।

একটা জিনিষ আমরা দেখেছি যখনই ডাঃ রায় একটা অন্যায় প্রশ্নতাৰ আমাদের সামনে আনেন, সেটা সমর্থন করেন আমাদের মাননীয় ছোট কালীবাব্—ি তিনি তথনই ডাঃ রায়ের রক্ষাকালীর্পে আবিস্তৃতি হন। তিনি তাঁর রাসভবিনিন্দিত কণ্ঠে, বিকট মুখর্ভাঙ্গামা সহকারে, দন্তর্চিকোম্দাবিকশিত করিয়া নটো কাটা কথায় অপ্রারা ভাষায় ডাঃ রায়ের সমর্থন করেন নানা কথা বলে। কিন্তু ডাঃ রায় নিজের মুখে বলেছেন যে, রাজনৈতিকদলের ভয় নাই তোমাদের বির্দেশ এ আইন কাজে লাগান হবে না। কিন্তু রক্ষাকালী যিনি কোনদিন শমশানকালীতে পবিণত হবেন—তিনি কিন্তু বল্লেন সোসালিও পাটি তিবাজ্বর-কোচিনে গালি করে মেরেছে আব হিন্দ্রহাসভা—গান্ধীজীর রক্তে তোমাদের হাত রঞ্জিত, আর কমানিন্দট পাটি তোমরা চোর, ডাকাত তোমাদের সকলের জনাই এই আইনের প্রয়োজন। দা্বথের কথা, লগুনার কথা। যে কথা বিধানবাব, বলেন নি বা বলতে চান নি আমাদের ছোটকালীবাবা সে কথা বলে সব ফাস করে দিয়েছেন।

The cat has come out of the bag from what Choto Kali Babu has said তিনি ডাঃ রায়ের পক্ষে ওকালতি করতে এসে তাঁর কেস খারাপ করে দিয়েছেন। আরো লম্জার কথা, তিনি হিন্দুমহাসভাকে কমিউনাল বলেছেন, কিন্ত কমিউনাল কথাটার কি অর্থ সেটা আঞ পর্যকত কেউ খোলাখালিভাবে বলে নি। এটা যেন গালাগালির একটা সিননিম হয়ে দাঁড়িয়েছে। He has accused my holy organisation which I have the honour to belong to গান্ধীজাকৈ এমন একটা লোক হতা৷ করেছিল যে হয়তঃ হিন্দুমহাসভার সভা ছিল, কিন্তু তাঁর কার্যের সমর্থন আমবা কেউ করি নি। একটা লোক গান্ধীজীকে মের্কোছল, এই ব'লে সমগ্র হিন্দুমহাসভা ঐ ষ্থ্যুকে লিংড ছিল বা হিন্দুমহাসভার হাত গাংধীকীর রক্তে রঞ্জিত এটা কত বড মিথাা কথা আপনাবাই বিবেচনা কববেন। কিল্ড সেই লোক মিথাাবাদী নয়, সে সত। কথাই বলৈছিল--- আমি মেরেছি"। তাঁব সাহসেব অভাব ছিল না। কংগ্রেসেব ভিতর কত লোক খারাপ আছে, কিন্ত খন্যায় করে তা স্বীকার করাব সাহস তাদের নাই। কিন্ত সতা কথা পলে সে ফাঁসিকান্টে গিয়েছিল। স্বয়ং জওহবলাল নেহর জী প্যতি সেদিন গান্ধীজীব ২৩।ব প্র প্রথম যে বেতার বক্ততা করেন তখন তিনি তাকে "পাগালা নওজোয়ান" বলে অভিহিত করেন। সতিটে সে একটা পাগলা নওজোয়ান। যখন লক্ষ্ম লক্ষ্ম নরনারী দেশবিভাগের পর গ্রহারা হয়ে এখানে আসছিল, যখন তাদের অহারস্প্র বাসস্থানের বারস্থা হাচ্চল না, তাদের মধ্যে কেই কেই দিল্লীতে মস্ফ্রিদে আশ্র নিষ্টেছল। তাদের মধ্যে রংন, পাডিত, গ্রভিণী, আস্রপ্রস্বা, স্দা-প্রস্বা অনেকে ছিল। কিন্তু গান্ধীকী বললেন মসজিদ থেকে এদেব বের হয়ে যেতে হবে। এইজনা পর্বালস দিয়ে তাদের তাড়ান হচ্ছিল এবং সেই অবস্থায় পাকিস্থানকে ৫৫ কোটি টাকাও দেওয়া হচ্ছিল, যে টাকা গোলাগুলির আকারে কাম্মীরে ফিরে এলো এইরকম অবস্থায় যদি কোন নওজোয়ান "পাগলা" হয়ে যায়, কোন ধর্মপ্রাণ দেশপ্রেমিক যদি মাথা খাবাপ করে একটা অপকর্ম করে ফেলে তারজন্য সমগ্র মহাসভা খার'প হয়ে যায় না। এথচ কংগ্রেসী লোকবা ষ্ট্যবন্তু করেছিল বীর সভাবকাবকৈ এই হত্যাকাণ্ডে জড়িত করতে। এত বড় একটা লোকের পক্ষে দেশের অন্তেম এই শেসে সংখ্যানের পক্ষে গাল্ধীজীব হতাবি ব্যপারে লিংড হওয়া কলপ্নার অতীত। গাণ্ধীজীকে আমবা সম্মান করেছি। কিল্ড তিনি চিবজীবন যাদের পাজা করতেন —সেই শ্রীকৃষ্ণ, শ্রীরামচন্দ্রকে আমরা আরও শ্রন্ধা করি।

দপনিবার মহাশ্য, কংগ্রেসের মধ্যে অনেক লম্পট আছে এখানে আছে বলছি না াই বলে কি কংগ্রেসকে লম্পটের প্রতিষ্ঠান বলা যায়- বল্লে কি সেটা ঠিক হবে ই অন্তত্তঃ একজন কংগ্রেস এম,এল,সি, ও একজন কংগ্রেস এম,এল,এ, বেপ কেসের আসামী হয়েছিলেন। তাই বলে যদি বলি কংগ্রেসের সমস্ত মেন্বরও বেপ কেসের আসামী সেটা কি ঠিক হবে ইগড়সে হিন্দা, মহাসার কোনার ছিল, গান্ধীজীকে হাত্তা করেছিল। স্ত্রাং সমগ্র মহাসভাই এই হাত্তার জন্য দারী একথা কি বলা যায় ই শতকরা ৮৭ জন হিন্দার পক্ষ থেকে যারা কথা বলতে চায়, অহিন্দাকে যারা হিন্দার মতই সম্মান করে, তাদের যারা সাম্প্রদায়িক বলে তারাই সাম্প্রদায়িক। যারা শতকরা ১৩ জন অহিন্দার অন্যায় দাবীর জন্য পাকিস্তান স্থিট করল, লক্ষ্ম লক্ষ্ম নরনারীর সর্বনাশ যারা। কবল, তারা সাম্প্রদায়িক নয়, যারা পাকিস্তানের বিরোধিতা করল তারাই হবে সাম্প্রদায়িক ই স্পীকার মহাশয়, মানসিংহের দল চিরকাল এইভাবেই প্রতাপসিংহের নিন্দা করে, কিন্তু ইতিহাসের শিক্ষা ভ্রেস্র

চলবে না। প্রতাপসিংহ, মানসিংহের কাহিনী এই দেশেরই কাহিনী। মানসিংহের স্মৃতি কোন অতলে তলিয়ে গিয়েছে, কিন্তু জাতি এখনো প্রতাপসিংহের স্মৃতি মাথায় করে রেখেছে। [ডিস্টারবাস্পেন] কিন্তু তব্ও দৃঃখের সপো স্বীকার করতে হয়,

those who have been the greatest friends of Hindudom, the Hindus have gone against them always.

[5-10-5-20 p.m.]

# Sj. Surhid Kumar Mullick Chowdhury:

মাননীয় স্পীকার মহাশয়, এই সিকিউরিটি বিল আমাদের সামনে এসেছে। এটা আসার স্থেগ স্থেগ দেশের সম্মত জনসাধারণ আমাদের জিজ্ঞাসা করেছেন এই সিকিউরিটি বিল কাদের জন্য : দেটটের ? যদি দেটটের বলা হয়, তাহলে দেটে বলতে আমরা কি মনে করবে। এই কংগ্রেস যাঁরা আজকে শাসন পরিচালনা করছেন তাঁরা? এই ণেটট বলতে আজকে যারা দেশের ভেতর ব্যাপক ত্রাসের সূত্রিট করেছে--সেই প্রেলিস? আমরা সেই ষ্টেট বলতে এ কথা কি মনে করবো যে ভেট হচ্ছে তাদের যারা আজকে দেশের সমসত কিছু, সম্পদকে লু-ঠন করছে, দেশের সমসত কিছু, সংস্কৃতি যা কিছু রয়েছে, তাকে নিয়ে তারা ছিনিমিনি থেলছে—তাদের নিয়েই কি ণেট ? আমরা দেখতে পাছি এই ওয়েণ্ট বেজল সিকিউরিটি এট্রে যেটা এসেছে আমাদের সামনে শুধ্র সেটা এমন একদল মানুষের জুন্য তৈরী হচ্ছে, যারা আমাদের দেশের মানুষের মুখের গ্রাস কেডে নিয়েছে, যারা আমাদের দেশের মান্ত্রকে বস্ত্রশ্ন্য করেছে, যারা আমাদের দেশের মান্ত্রের সমস্ত রক্ম স্থেশাণ্ডিকে কেড়ে নিয়েছে, তারা এই দেশের শাসন পরিচালনা করছে। আজকের দিনে আমরা সর্বত দেখতে পাচ্ছি সমস্ত দেশের কোণে কোণে, দিকে দিকে, আমাদের দেশের মান্যবেরা "ম্যার ভূখা হ'্ব"—বলে চীৎকার করছে। কেন? তার কারণ হচ্ছে ব্যাপক বেকারী। এই বেকারীর ফলে দেশের মানুষ দিনের পর দিন মৃত্যুকে আলিংগন করছে। মানুষ আজ জানে না তার ভবিষাৎ কি? তাই আমরা দেখতে পাচ্ছি অর্থনৈতিক বৈষমের সংগে সংগে শাসকের কুশাসনে দেশের বাকে মানাযের মধ্যে অসামাজিক সমস্ত রকম ব্যাপাব ঘটে চলেছে। তাব জন্য দেখতে পাচ্ছি গ্রন্ডা স্থিত হচ্ছে, তার জন্য দেখতে পাচ্ছি চবি ডাকাতি চলছে, তার জন্য মান্ত্র নারীদেই নিয়ে বাবসা করছে, তার জনা দেখছি মাতৃজাতির অবমাননা সারা বাংলা জাড়ে চলেছে। আর তার জন্য দেখতে পাচ্ছি আজ বাংলাদেশের সংবাদপত্ত-মাত গর্ভেব লম্জা বলে সেই সমস্ত তাস স্থিতিকার দৈর সম্বন্ধে নিন্দা প্রকাশ করছে। যথন সেই অবস্থা, তথন তাদের হাতে তলে দেওয়া হচ্ছে এই ব্যাপক ক্ষমতা এখানে এই আইনের মাধ্যমে। তাই আমরা বিরোধিতা করি এই আইনকে। এর ভেতরে যে ক্ষমতা দেওয়া হচ্ছে, সেই ক্ষমতা এত ব্যাপক—যা সমস্ত মান,ষের সমুহত শাণ্ডিকে বিঘাত করবে। সেইজনা আমরা বিবোধিতা করছি এই আইনকে। কিন্ত এই আইনের প্রশংসা করে কংগ্রেস পক্ষ থেকে আমার বন্ধরো অনেক কথা বলেছেন।

(Sj. Nepal Cu. Rov: আমিও বলবো।)

কিল্ডু কথা হচ্ছে এই আইনকে তারা কি করে সমর্থন করে? মনে পড়ে সেদিনের সে কথা, যেদিন ১৯৪২ সালে এদেশে বৃটিশ সাম্বাজ্ঞাবাদ প্রণভাবে কর্ড্য করতো, সে দিনের সংবাদপতে বিজ্ঞাপন দিয়ে সেদিনকার শাসন যারা পরিচালনা করতো, তারা রটনা করিরেছিল, প্রচার করিয়েছিল ১৯৪২ সালের আন্দোলন যেখানে বলা হয় "রিটীশ সাম্বাজ্ঞাবাদ ভারত ছাড়"—সেই আন্দোলনকে যাঁরা সমর্থন করেছিলেন, তাঁরা হচ্ছেন গ্রুড়া, তাঁরা হচ্ছেন দ্বর্ত্ত, তাঁরা হচ্ছেন ডাকাত, তাঁরা হচ্ছেন ত্বরুর, তারা হচ্ছেন খননী। সেই আন্দোলনেও কংগ্রেস দল ছিল। সেই কংগ্রেস আজকে শাসনের প্রোভাগে এসেছে, যারা সেইদিন নেতৃত্ব নিরেছিল। তারপর কি এমন রহসাজনক কারণ ঘটলো যাদের হাতে ভাদের নিগ্রীত হতে হয়েছিল সেই প্রলিসের হাতে সেই ক্ষমতা তুলে দেবার জনা তারা আজ বিটা হয়ে উঠেছেন। প্রণীকার মহাশ্য, আমি কংগ্রেসকে একট্র ধারিস্থিরভাবে চিন্তা করতে বলি। তারা আজ কি সর্বনাশ করতে যাছেন। এই বিলের মাধ্যমে যে সম্মন্ত ব্যাপক ক্ষমতা প্রলিসের হাতে তুলে দেওয়া হছে, সেই ক্ষমতার হাত থেকে ঐ পক্ষের

যে এম,এল,এ, ষিনি বক্তৃতা দিতে চাচ্ছেন, তিনিও বাঁচেন নাই। তাদের হাতে হ্যারাস্ভ रसिष्ट्रम यर्थण, এই कथा তिनिও এই সভায় न्दीकात करतिष्ट्रम। श्रीकाली मार्याञ्जी মহাশয়ও তারস্বরে বলে গেছেন-এই বিলের প্রয়োজন আছে। আমি জিজ্ঞাসা করি কিসের জনা তাঁকে বার্ণপরে চ্কতে দেওয়া হয় নাই সে কথা এত তাড়াতাড়ি তিনি ভলে গেলেন কেমন করে? আমি জিজ্ঞাসা করি শ্রীজামান সাহেবকে তিনি যেখান থেকে এম এল এ নির্বাচিত হয়েছেন সেই জল গাঁর কথা বলছি। জলগাঁ নদাঁর ওপারে পাকিস্তান, আর এপারে হচ্ছে হিন্দু-স্থান। সেখানে কারা সেই দেশ থেকে এদেশে মাল আমদানী করছে এবং এদেশ থেকে গরছাগল চুরি করে নিয়ে যায় পাকিস্তানে? কাদের পরিপোষকতায় এই ভয়াবহ অবস্থার স্থিত সেখানে হয়েছে? লোকে সন্দেহ করে এই ব্যাপারে তাঁরও যোগাযোগ আছে। তিনি সেটা ভালভাবে জানেন। যে ব্যাপার আজ পর্যন্তও চেকড হয় নাই কেন? কেন সেখানে একটা সন্তাসের রাজত্ব চলছে? সেখানকার মান্যের বহু, চিঠি আমার কাছে আছে। তারা বলছে এ ব্যাপার সরকারের কাছে বার বার বিবৃত করেও আমরা তার কোন প্রতিকার পাচ্ছি না। সংবাদপত্রে কোন সংবাদ পাঠিয়েও আমরা সেখান থেকে কোন রকম সমর্থন পাচ্ছি না। এই অবস্থার মধ্যে সেখানকার মানুষকে আজও চলতে হচ্ছে। সেখানে প্রলিস জামান সাহেবের দলকে সহযোগিতা করছে। সেই জনোই কি তিনি বলেন সমূহত তুম্করদের সমূহত ডাকাতদেব আমরা এই আইনের মাধামে বংধ করে দেব? তিনি ভলে যাচ্ছেন তার সমস্ত অতীতের ইতিহাস।

আমি আর একটা কথা বলতে চাই-সেটা হচ্ছে আমাদেব মুখামন্ত্রী মহাশয় বলেছেন তাঁর কাছে জানিয়ে দিলে অনেক ঘটনার প্রতিকাব হয়। স্থিটিই হয়তঃ কতকগ্রালি ব্যাপারে প্রতিকার হয়।

# The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

প্রতিকার হবে কিনা বলতে পারি না। তবে খবব পাওয়া উচিত ছিল।

#### Sj. Surhid Kumar Mullick Chowdhury:

আমি প্রালিস সম্পর্কে দেখেছি, তকে জানিয়ে দিলে তিনি অর্ডার দিলেও সেই অর্ডার কারী আউট করা প্রলিস কর্তবা বলে মনে করেন না যার জনা কিছুদিন আগে চিংডিঘাটায বোন মিলে যে ভয়াবহ অবস্থার স্ঞি করা হয়েছিল, সেখানকার শত শত সাধারণ মানুষের বাড়ীঘর পর্যুজ্যে দেওয়া হয়েছে, সেখানে বাড়ী লুট করা হয়েছে, সেখানে এসিড়া বাল্ব ছোড়া হয়েছে। তার সম্পর্কে তাঁর কাছে লিখেছিলাম। তারপর কিছুদিনের মধ্যে দেখতে পেলাম যার। এই ঘটনা করেছে, তারা পর্লিস সঙ্গে করে নিয়ে রাত্তি একটায় উপপ্থিত হয়েছে এবং মেয়েদের ঘরে ঢুকেছে, ঘর খুড়েছে। এই রকম তাসের রাজত্ব তারা সেখানে সূণ্টি করেছে। তাঁর এবং শ্রমফর্টা শ্রীকালি মুখার্জীর নাম উল্লেখ করে সেইসব সমাজ বিরোধীরা বলে বেডাচ্চে যে. আমরা কংগ্রেসের লোক। পর্লিসকে কালিবাব, ফোন করেছেন। আমাদের কেউ কিছ, করতে भातत्व ना। इस मात्र धरत छोरेक ठरलएइ। स्मिशास्त नक-आडे ६ रसएइ এकरे मालिएकन भारेरकल ফাক্টেবতি বন্ধ হয়েছে। শ্রমমন্ত্রীর জনোই এই অব্যক্তি দ্রীইক চলতে বাধ্য হয়েছে। °সেই জ্বীইক সম্পর্কে মাননীয় লেবার মন্ত্রী তৃষ্ণীভাব নিয়ে রয়ে গেছেন। তার পেছনে যে রথস্য রয়েছে সেটা আপনিও জানেন এবং মাননীয় জে, সি, গুণ্ত মহাশয়ও জানেন। এই রকমভাবে যদি শাসন্যক্ত চলতে থাকে, তাহলে দেশের জনসাধারণ এই শাসন্যক্তের উপর ভরসা রাখতে পারে না। সিকিউরিটি এাক্টে আছে সরকারী প্রতীক ব্যবহার কল্পে দণ্ডনীয় অপরাধ হবে। আমার কাছে একটা ফটো আছে। আপনাদের কংগ্রেসের পক্ষ থেকে এই রকম অশোকচক্র নিয়ে। সেখানে বিবিধ প্রকার বাবসা চালানো হচ্ছে।

[At this stage the red right was lit but the speaker continued his speech.]

Mr. Speaker: Your time is up.

Sj. Surhid Kumar Mullick Chowdhury: I am sorry, Sir.

Mr. Speaker: Do not forget the elementary etiquette. Everybody asked for time when his time was up. You did not even ask for it. You should respect the Chair.

Sj. Suhrid Kumar Mullick Chowdhury: I am sorry.

Mr. Speaker: I can tell you that your speech is absolutely irrelevant.

Si. Surhid Kumar Mullick Chowdhury:

ইররেলিভ্যান্ট তো আপনিও বলছেন, আমি তেমন কিছু বেশী বলছি না। আমি বলতে চাই সেখানে কোন ব্যবস্থা নেওয়া হয় নাই।

[5-20--5-30 p.m.]

Mr. Speaker: Two minutes more,

# Sj. Surhid Kumar Mullick Chowdhury:

আমি বলতে চাই যে সেখানে কোন ব্যবস্থা নেওয়া হয় নাই। তারপরে আরও ঘটনা আছে। আমার কেন্দ্রে কংগ্রেসসেবাদলের কর্মী নাসিম বোলে একজন কংগ্রেসের ট্রান্স পরে ঘ্রতো—একজন খ্রেন আসামা কিন্তু তারও পক্ষ অবলম্বন কর্তে কংগ্রেস সম্পাদক দ্রীয়ত্ত নাহার মহাশায়কে দেখা গেছে। এই বাংগের অম্ভূত ঘটনা যদি চলে, তবে এই সিকিউরিটি এই এ্যাস্ট্রে দেশের জনসাধারণ শান্তিতে বাস করবে কি করে? আমি মনে করি যে, অর্থানৈতিক কাবণের অর্থানিতিক অসাম্যের সংগ্য সংগ্য দেশে নানাভাবে এই সম্মত উপদ্রবের স্থিত হবে তারজনা প্রয়োজন এমন অবস্থা যাতে অর্থানিতিক অসাম্য দ্রে হয়। রাজানৈতিক প্রচেণ্টা আপনারা যতই কর্ন না কেন, অর্থানিতিক অসাম্য যতক্ষণ না দ্রে হবে, ততক্ষণ পর্যান্ত এই সম্মত আইন করে কিছ্ই করা যাবে না। আইন যদি জনসাধারণ না মানতে চায়, তাকে জোর কোরে আপনারা মানাতে পারবেন না। সেই দিক থেকে বলব যাতে এই দেশ সতিকাবের ওয়েলফেয়ার ছেটট হয়, তার ব্যবস্থা কর্ন, এই ধরনের যে সম্মত আইন তাকে বন্ধ কর্ন। এমন আইন আন্ম যা জনকল্যাণের জন্য ব্যবহার করতে হবে। তা যদি করেন তাহলে ব্যব্ধ যে আপনাদের উদ্দেশ্যের পিছনে একটা দেশসেবার মনোভাব আছে। প্রালসের হাতে ব্যাপক ক্ষমতা তুলে দেওয়ার জন্যে আইন আনা হয়, তাকে দেশদ্রোহী আইন ছাড়া আর কিছ্ব বলা যায় না।

8j. Raipada Das: Mr. Speaker, Sir, the House is very much hot today. Let there be a recess.

Mr. Speaker: I have called Sj. Sudhir Chandra Das.

#### Si. Sudhir Chandra Das:

মাননীয় স্পীকার মহাশয়! আজকে এই যে সিকিউরিটি বিলের মেয়াদ বাড়াবার কথা উত্থাপন করা হয়েছে আমি তাতে আপত্তি জানাবার জন্য দাঁড়িয়েছি। কংগ্রেস পক্ষ থেকে যে যাজিগ্নিল দেখান হয়েছে এর মেয়াদ বাড়াবার পক্ষে সে যাজিগ্নিল বিচার বান্ধির বাহিরে বোলে আমি একটি একটি কোরে বিশেলখণ কোরে দেখাতে চাই।

কংগ্রেসের পক্ষের কয়ের জন বক্তা যে যুক্তি দেখিয়েছেন তাতে একথা প্রমাণ করতে তাঁরা পারেন নি যে এখানে সেই অবস্থার সৃষ্টি হয়েছে, অথবা এমন অশান্তি বা গোলমাল হয়েছে –এমন জরুরী অবস্থা যার জনা এটা করা দরকার। তার কোন প্রমাণ দিতে পারেন নি। বরং উলটো প্রমাণ বিরোধী পক্ষ থেকে বারেনবাব, দেখিয়েছেন যে সিকিউরিটি বিলের প্রয়োগ ক্ষেত্র অনেক কম হয়ে গিয়েছে। অনেক ক্ষেত্রেই যে সিকিউরিটি এাক্টের কোন আবশ্যকতা নাই এ জিনিস প্রমাণিত হয়েছে। স্তুতরাং অবস্থার দিক বিবেচনা কোরে এটা পরিষ্কার হয়ে গেছে যে এখন এই বিলের আবশ্যকতা নাই। কিল্ডু কুংগ্রেস পক্ষের একটা যক্তি দেখান হয়েছে যে এতে আমাদের কিছ্ ভয় আছে। সে ভয় একটা অজানা ভয়। সেই অজানা ভয়ের কথার উল্লেখ করতে গিয়েছেটি কালীবাব যে বক্তৃতা করেছেন এবং তার ভিতরকার যে মর্মার্থতা প্রকাশ পেয়েছে তার প্রতিবাদ করা দরকার বোলে আমি দাঁডিয়েছি। তিনি প্রথমতঃ নজার দিয়েছেন যে কমিউনিট

পার্টির বন্ধুরা নাকি ধন্বসম্লক কাজ করেন, তাঁরা বহু প্রকারের শ্রমিক নিয়ে হাজ্যামার সুষ্ঠি करतन। धमन थातान काक करतरह ১৯৫০-৫১ माल आक ६ वश्मत भूर्व स्य चर्णना घर्रोहिन কোপায় তার প্রমাণ আছে? কোথাও প্রমাণ নাই. জ্যোতিবাব, অনেক কেস দৈখিয়েছেন যেখানে তারা নির্দোষ প্রমাণিত হয়েছে। সূত্রাং সেই সমস্ত ঘটনার উল্লেখ কোরে, তাদের পক্ষে এট আইনকে বলবং করবার যাত্তি অত্যত্ত নিলাজ্জকর যাত্তি বোলেই মনে করি। বিশেষ কোরে আজ যথন কংগ্রেস দলের প্রধানমন্ত্রী জওহরলাল নেহর, বুলগানিনের সঙ্গে সোখা স্থাপন কোরে তাকে আমন্ত্রণ জানিয়ে এসেছেন, তাঁকে বলেছেন যে "তুমি ভারতবর্ষে এস"-সেখানে আবার কমিট্রানস্ট পার্টির আত্মঘাতী কাজ কোথা থেকে হবে তা কল্পনা করতে পারছি না। একদিক দিয়ে বলেন তারা রুশিয়ার অনুগত পার্টি, আবার অন্য দিকে বুলগানিনের সম্পে মিত্রতাম্থাপন কোরে তাঁকে ভারতবর্ষে আসতে নিমন্ত্রণ কোরে শান্তিপূর্ণ আবহাওয়ার স্থিত করার চেন্টা হচ্ছে। এই অবস্থায় ঐ কমিউনিস্ট পার্টির উপর আবার অবিশ্বাস কেন: স্ত্রাং যেমন কংগ্রেসের ভয় হয়েছিল এবং গভার রাতে যারা পাহাবা দিও ভাদের বলেখিল দেখ, আচ গভার বাতিতে ক্লয় ভন্মাবে, তোমশা সত্রক থাকবে তথাপি রাত্তিতে কৃষ্ণ জন্মগ্রহণ করেছিল এবং কংসের । রাজ্য ছারথার করেছিল। কাজেই এত ভয় কোরে কোন লাভ নাই। সিকিউরিটি আইন থাকা সংগ্রেও জোতদার জমি থেকে গরীব চাষীকে হাজার হাজার উচ্ছেদ কোরে দিয়েছে কাঁথি মহক্ষায় তমলাক মহক্মায়, ২৪-প্রগণায়। এস্টেট একুইজিসন বিল যখন পাশ করা হল তখন ভাগচায়ী উচ্ছেদের জন্য সবকারকে জানান হয়েছে এবং তথন তাঁবা অর্ডিন্যান্স কর্বোছলেন। এডিন্যান্সের পর তাঁরা বলতে পারবেন কি কোন জোতদার কোন দণ্ড পেয়েছেন, অঁথবা কোন জোভদারকে আটক কোবে বাখার চোটা করেছেন? তাব উল্লেখ একটা সামাগামত কবতে পারেন কি কোগাত কবতে পারেন না, কারণ তা হয় নি। সতেরাং তাঁবা এই আইনকে বডলোকের রক্ষাক্ষ্য কোরে রাখছেন। যেখানে ফিল মালিকের সংগ্র শ্রমিকদেব ঝগড়া হয়েছে, সেখানেই দেখোছ শ্রামকেবা যখনই চেড্টা করেছে তখন প্রমিকদেরই দমন করা হয়েছে কিন্তু মিল মালিকদের গড়েডা যারা ভাদের দমন করবার চেন্টা হয় নি। সূত্রাং আমবা দেখছি কেবল বডলোকের বক্ষা করচ হিসাবে এটা বাখবার চেটো হয়েছে এবং তা প্রমাণিত হয়েছে বলে আরু প্রতিবাদ কর্বছি। তারা আরু একটা অভাহোত দেখিয়েছেন যে ঘোষ মন্ত্রিসভা এবং ডাঃ ঘোষ এটা প্রবর্তন কোরে, এবং চাল; কোনে গিয়েছেন। কি অভ্নত যুক্তি। কবেকার অবস্থার সং**শ্রে আজকে তুলনা দিছেন।** তথ্ন তাঁরাই কংগ্রেস দলের লোক ছিলেন। প্রজাসমাজতক্তী দল মাত্র দরেছৰ পূর্বে গঠিত হয়েছে। অতএৰ এটার সংগ্র প্রজাসমাজতন্তী দলের কি সম্পর্ক থাকতে পাবে ব্যুক্তে পারি না।

তৃতীয়তঃ আজ আমরা আরও জানি যে শাহ্তিরক্ষার জন্য পর্বালসের বায় বাড়িয়ে দিয়েছেন। আগে অবিভক্ত বাংলায় পর্বালসের জন্য খরচ আড়াই কোটি টাকা, এখন খরচ কবছেন ছয় কোটি টাকা। কতরকম আইন রাখছেন– ফৌজদারী সংশোধনী বিধান ধারা জ্যাণ্টিস্ অব দি পীস্পাশ কোরে—খবরদারী করবার বাবস্থা করেছেন, আবার সিকিউরিটি আইন পাশ করাতে চান অথচ প্রভেনটিভ ডিটেনসন এটাই রয়েছে, স্ববিচ্ছু আইন থাকা সত্ত্বেও এই আইনের কি দরকার তা ব্যুতে পারি না। আমার মূল বহুবা হচ্ছে যে অবস্থায় এটা হয়েছিল এখন তা নাই, সেইজন্য এটার কোন কারণ নাই।

[At this stage the blue light was lit.]

একটা সময় দেবেন।

#### Mr. Speaker:

কিছ, ন্তন পয়েণ্ট বলন।

#### 8j. Sudhir Chandra Das:

ন্তন প্রেন্ট বলছি। স্তরাং এই আইন সম্বশ্ধে ন্তন প্রেন্ট না হলেও এবং আজ্ব আমাদের প্নের্ভি হলেও বলব বিরোধীপক্ষ কোন রকম যুদ্ভি দেখাতে পারেন নি। স্তরাং আমি তাঁর প্রতিবাদ জানাবার জন্য দাঁড়িয়েছি এ কথা বলতে পারা ষায়। যথেন্ট টাকা বায় করা হচ্ছে নিরাপ্তার জন্য তিনগুণ বেশী টাকা বাড়িয়ে দিয়েছেন এবং অফ্রুন্ত আইন হাতে রাখা সত্ত্বেও নিরাপত্তা নন্ট অজুহাত দেখান হচ্ছে। বড়লোকের নিরাপত্তা নন্ট হবে, দলের নিরাপত্তা নট হবে এই আশব্দাই দেখতে পাচ্ছি। স্তরাং এ কথার আলোচনা করতে গেলে একই কথার প্নরাব্তি হয়ে যায়। আসন্ত্র নির্বাচনের প্রস্তৃতিস্বর্প তাঁরা এটা রক্ষা করতে চান এবং ব্যবহার করতে চান, এ ছাড়া আর কোন কারণ নাই। ন্তন ট্যাক্স বাড়িয়ে যে অত্যাচার হবে বলে মনে করছেন তার বিরুদ্ধে যদি জনসাধারণ প্রতিবাদ করে তবে তাকে দমিয়ে দেবার জন্য এটার দরকার—এই একটা কারণ আমরা অনুমান করি।

আজ আমরা বলবো যদি সরকারপক্ষ প্রমাণ করতে পারতেন যে এই আইনের যথেষ্ট প্রয়োজনীয়তা এখন রয়েছে, তাহলে হয়ত কিছু বিবেচনার অবকাশ থাকত। সেজন্য আমরা বলেছিলাম জনসাধারণের পক্ষ থেকে যে এটা জনসাধারণের মত সংগ্রহার্থে প্রচার করা হোক, এটাই আমাদের প্রস্কৃতাব ছিল। এটা জনসাধারণ সমর্থন করেন কিনা জানা হোক। কংগ্রেস পক্ষকে আক্রম আহ্বান করছি, তাঁরা কাঁথি অণ্ডলে গিয়ে কোন সভা করে এই জনমত গঠন কর্ন্বে, এই সিকিউরিটি আইনের ন্বারা আমরা লোকের উপকার করতে পারবেন। আমি বিশ্বাস করি তাঁরা এই রকম একটা সভা কবে এই রকম জনমত গঠন করতে পারবেন না। আমি আমার পক্ষ থেকে জানাছিছ যে এবং এটা আমরা মনে করি যে, বাংলাদেশের যেখানেই তাঁরা জনসভা কর্ন না কেন, বাংলার জনতা একবাক্যে এই সিকিউরিটি বিলের প্রতিবাদ করবে। এটা গণ্ডল বিরোধী এবং জনস্বার্থ বিরোধী। রাজনৈতিক দ্বেভিসন্ধি নিয়েই এটার প্রয়োগ করা হছে। এর প্রেও আমরা এইজন্য প্রতিবাদ জানিয়েছিলাম এবং এটার সাকুলেসনের জন্য অনুরোধ করছি।

[5-30-5-40 p.m.]

# Sj. Sasabindu Bera:

মাননীয় ম্পীকার মহাশয়, আমি এই বিলের বিরোধিতা করি। সিকিউরিটি এ।ক্টের আয় ্বাডিয়ে দেবার জনা এই যে বিল এসেছে, এই বিলের স্বপক্ষে এমন কোন যুক্তি নেই যার জন। সেই বিলের আয়ু বাড়িয়ে দেওয়া যেতে পারে। এই যে এমেন্ডিং বিলটি এসেছে একে দুই অংশে ভাগ করা যায় একটা অংশে সিকিউরিটি এনক্টের আয়,ট্রকু বাড়িয়ে দেওয়া হচ্ছে ৫ বছবেব জনা, আর অনা অংশে সেই এয়াক্টের ভেতর কিছ্ কিছ্ পরিবর্তন করা হচ্ছে। এই বিলটির অবজেকটস এ।ান্ড রিজিনেসর মধ্যে এমন একটা বিস্তারিত বিবরণ আমরা পেয়েছি। যা এতদিন এই হাউসে অনা কোন বিলেব পেছনে অবজেকটস এনন্ড রিজিন্সে এ আমবা পাই নি। কিন্ত সবচেয়ে মজার কথা এই যে, এই বিস্তারিত বিবরণীতে প্রতোকটি ক্রজেব পেছনে কাবণ দেখানো হয়েছে, কিন্তু যে ক্লুটিতে আমাদের সবচেয়ে বেশী আপত্তি বয়েছে, অর্থাৎ ১নং কুল যাতে ১৯৫০ সালের সিকিউরিটি এয়াক্টের পরমায়, পাঁচ বছর বাড়ান হচ্ছে-সেই মারাত্মক ক্রজের স্বপক্ষে এতে কোন যান্তি নেই। এর দ্বারা বোঝা যায় যে, সরকার পক্ষ কোন ভল যাত্তি वा विराग्य উप्प्रतात छेलत ভिछि करत এই आर्टेन्त लत्रमाय, वर्गम्य कतवात रुको केत्रहान। সরকার বিবোধী দলগালির বিরুদ্ধে এই আইনটিকে কাজে লাগাবার আসল উদ্দেশা, এ থেকে স্পণ্টই প্রমাণিত হয়। বিলের আলোচনা কালে সরকার পক্ষীয় সদস্য মহোদয়গণ অনেকেই আলোচনা করেছেন এবং তাতে কেউ কেউ বলেছেন যে মলে আইনটিকে কর্নাস্টটিউসনের সংগ্রে খাপ খাওয়ানব জনা কতকগ্রলি সংশোধনী আনা হয়েছে, আবার কেউ কেউ বলেছেন যে এই বিলটাকে আরো লিবারালাইজ করবার চেণ্টা করা হয়েছে এবং কোথাও কোথাও ডেমোর্কেসির নাম উল্লেখও করা হয়েছে। আমরা তা শুনে বিশ্মিত হলাম। আমরা বুঝতে পারলাম না যে, এই আইন কি করে কর্নাস্টিটিউসন অনুসারে হয়েছে এবং কিভাবে ডেমোক্রাসির আদর্শ এতে স্থান পেয়েছে। কারণ, কর্নাস্টিটিউসনে ফাল্ডামেন্টাল রাইটস-এর মধ্যে যে সমস্ত রাইটস ট্র ফ্রিডম আছে তার প্রত্যেকটিকে দমন করবার বাবস্থা করা হয়েছে. এই ১৯৫০ সালেব সিকিউরিটি আইনে। কনস্টিটিউসনে অবশা সিকিউরিটি অব স্টেটের জন্য আইনের মারফং রিজনেবল রেস্ট্রিকেসন ইমপোজ করবার ক্ষমতা কেন্দ্রীয় এবং প্রাদৈশিক সরকারকে দেওয়া হয়েছে: তাহলেও আসলে কনস্টিটিউসনের স্পিরিট হচ্ছে যে ফ্রিডম বাডিয়ে দেওয়া হবে, কতকগর্নল ফান্ডামেন্টাল রাইটস, কতকগ্রনি ফাণ্ডামেন্টাল ফ্রিডম মানুষের বাড়িয়ে দেওয়া হবে। যদিও কোন কোন ক্লেত্রে

সেগ লৈকে সংকৃচিত করার প্রয়োজন হতে পারে কিন্তু অসলে ফ্রিডম বাড়িয়ে দেওয়া হবে। আমাদের এই স্টেটকে একটা ডেমোক্রাটিক রিপাবিক বলে আখ্যা দেওয়া হয়েছে। ডেমোক্রাস বলতে আমরা একথাই বৃঝি যে ডেমোক্রাসি ফ্রিডম আনে ফ্রিডম ব্যাড়িয়ে দেয় কাজেই এই সিকিউরিটি এনাক্টের ন্বারা স্বাধীনতা হরণের যে বাবস্থা করা হয়েছে. স্বাধীনতাকে যে**ভাবে** ক্ষান্ত্র করা হয়েছে ১৯৫০ সালের আইনে এবং তারপর যে তিনবার সংশোধন হয়েছে, তারুমধ্যে এগলো পডলে বিস্মিত হতে হয়, যে স্বাধীন দেশের মান্যের উপর এই রকম নিয়ন্ত্রণ বাবস্থা কিভাবে করা হয়েছে এই আইনের মারফং। বিভিন্ন ধারার মধ্যে নানাভাবে স্বাধীনতা সভেকাচনের ব্যবস্থা হয়েছে। যেকোন এরিয়াকে প্রোটেকটেড এরিয়া বলে ঘোষণা করা তার ভিতরে বা তার কাছাকাছি যাওয়ার অপরাধে লোকদের এাারেল্ট করা, আটক রাখা ও নানাভাবে হয়রান **করা**, যখন ইচ্ছা যেকোন লোকের থাশ্ব ইমপ্রেসন নেওয়া, দেপসিমেন সিগনেচার নেওয়া, হ্যান্ডরাইটিং নেওয়া ইত্যাদি - এসব জঘনা বাবস্থা এই আইনের মারফত সরকার কবেছেন। মান,যের স্বাধীনতার উপর এমনভাবে হস্তক্ষেপ করতে কোন স্বাধীন দেশের সরকার পারে বলে আমরা ভারতে পারি ना। ट्रिटेएंत निवाপতात नाम करत एम निरमय मन अतकात श्रीतानना कतरहन, स्पर्ट मर्**लात** নিরাপতার দিকে লক্ষা রাথবার জন্য এই আইন কবা হয়েছে। গতকাল ধরে এই হাউসে ষে আলোচনা চলছে তা থেকে এই ধারনা ম্পণ্ট হয়েছে যে, এই আইন্টির প্রমায়: বিশেষ উদ্দেশ্যে বাড়িয়ে দেওয়া হচ্চে।

<sup>†</sup>At this stage the blue light was lit ]

একটা সময় দিন স্থার। এখন নাকি এই আইনের বিশেষ প্রয়োজন কিছাকালের জনা আছে। যে বিশেষ প্রিস্থিতির মধ্যে এই আইনটা তৈরী করা হয় সেই প্রিস্থিতি বর্তমানে আছে কিনা সেটা দেখা দ্বকার।

আমি অপব পক্ষ থেকে আলোচনা শ্নলাম যে এই সিকিউবিটি এন্টেই যদি না থাকে তাহলে দেশেব নিরাপতা বক্ষা হবে না, দেশেব শান্তিশ্ভেলা বক্ষা হবে না। ১৯৫০ সালে পশ্চিম বাংলাই সিকিউরিটি, পশ্চিম বাংলার লেকদের নিবাপত্তা কিভাবে বিপটা ইয়েছিল, তা আমার জানা নেই। দেশে এই আইন বয়েছে, ইণ্ডিয়ান পেনাল কোডের মাবফং সর্বপ্রকার অপরাধীর জন্য শান্তির বাবস্থা বয়েছে। তা সত্ত্বে এই বক্ম একটা বিশেষ আইন আনবার কি প্রয়োজনীয়তা থাকতে পাবে আও আমবা ব্রুতে পারি না। দেশের যেসমুহত সাধারণ আইন আছে সেই আইনগ্রেলব সংহায়ে সরকার যদি শাসনবাবস্থা চাল্ রাখতে পারেন তাহলেই সক্ষারকে ক্ষেত্র প্রকার বলা যায়। যে সবকার তা না পারেন, যে সবকারকে এই রক্ম বিশেষ আইনের আগ্র নিতে হয় রাজ্যের শাসনের জন্য সে সরকারের মধ্যে অক্ষমতা এসেছে, সে সরকার স্বাভাবিক পথে দেশের শান্তিও শৃংখলা রক্ষা করতে পারেন না এইটেই প্রমাণিত হয়। কাজেই আমি বলছি যে এই আইন যার শ্বারা সংবিধানে জনসাধারণকে যেসমুহত অধিকার, যেসমুহত ডেমোক্রাটিক বাইটস দেওয়া হয়েছে, তার উপর হৃহতক্ষেপ করা হচ্ছে, যে আইনের শারা সরকারের পঞ্জাকের প্রকাশ হয় এই আইন আর বেশাটিন বজায় রাখা উচিত নয়। এই আইন প্রত্যাহার করা উচিত। এই বলে আমি এই বিলের বিরোধিতা করছি।

# Janab Mahmmad Ishaque:

মাননীয় দ্পীকার মহাশয়, আজ দুদিন ধরে নিরাপতা আইনের সদ্বন্ধে যেসমদত আলোচনা হল তাতে আমার যতদ্র মনে হয় যে এই আইনের বিশেষ প্রয়োজন আছে, এমন সব ঘটনা অনেক সময় ঘটে যাতে দেশ বিপন্ন হবার সদ্ভাবনা ঘটে। সেই বিভীষিকা আমরা চোথের সামনে দেখেছি। অনেকে অনেক কথা এ সদ্বন্ধে বলেছেন, কিন্তু আমার প্রে এক বন্ধ্ বলেছেন যে এটা গণতন্তের বিরোধী। তাঁরা নাকি জানেন না যে, ১৯৫০ সালে আমাদের শান্তিশৃৎপ্রলা বিপন্ন হয়েছিল এবং সিকিউরিটি এাক্টের বাদতবিকই প্রয়োজন ছিল। সেটা তাঁরা ভূলে গেছেন। আমি শৃধ্মাত এইট্কুই বলতে চাই যে ১৯৫০ সালে দাপার সময় আমি চন্দিশপরগণা জেলা বোডের মেন্বার ছিলাম, তথন কলিকাতার উপর দিয়া আলিপ্রে যাওয়াটা আমার পক্ষে বিপদ্জনক ছিল, এবং বেলগাছিয়ায় যেতে হলে লাপিগ পরে আমাদের যেতে হোত। এইরকমভাবে একবাথে বিপদাপর ছিলাম। তা ছাড়াও সভাস্মিতিও এক মাসের জন্য বন্ধ করে দেওয়া হয়েছিল।

এইভাবে রাদ্তাঘাটে বেআইনীভাবে বোমা, হাত বোমা, বন্দন্ক, ছোরা, ছ্রির, ছোঁড়া এবং নিয়ে যাওয়ার ফলে সাধারণভাবে জাবনমাত্রা দ্রবিসহ হয়ে উঠেছিল। সেই অবস্থায় বাদ্তাবিকই এমন একটা আইনের দরকার ছিল। যেমন মরার সময়ও প্রিভেনটিভ মেজার হিসাবে ইনজেকসন দেওয়ার দরকার হয়, তেমনি বিপদের যখন একটা আশঞ্কা হয় তখন এই রকম সিকিউরিটি এায়্ক অনার দরকার হয়। সেইজন্য সিকিউরিটি এায়্ক করার দরকার নেই এ কথা বলা যায় না।

[5-40-6-5 p.m.]

১৯৫০ সালে এই সিকিউরিটি এ্যাক্ট পাস করা হয়েছিল এবং আপনারা জানেন যে, তথন দমনমূলক আইনের প্রয়োজন ছিল। তথন মানুষ বিপন্ন হয়ে পড়েছিল। তাদের দৈর্নান্দন জীবন্যার বাঘাত হছিল, সেই সময় এই এ্যাক্ট-এর প্রয়োজন ছিল। এইসব কথা যদি আমার বিপক্ষের বন্ধারা মনে করেন তাহলে এই আইনকে বিভীষিকার চক্ষে দেখবেন না। তথন যে সমস্ত অবস্থা হয়েছিল, লোকের বাড়ীঘর পড়ে গিয়েছিল, রাস্তায় লোক বের্তে পারতো না। সেইজন্য শান্তিশ্ভখলা বজায় রাখার জন্য এই রকম একটা আইন যদি রাখা যায় তাহলে কি ক্ষতি হবে তা আমি ব্রুতে পারি না। অবশ্য দমনমূলক আইন একট্ কড়াই হয়ে থাকে। আমরা জানি কেউ কেউ এখানে রয়েছেন তাঁরাই প্রফ্লের খোষ যখন প্রধানমন্ত্রী ছিলেন তথন ১৯৪৮ সালে এই বিল পাশ করান। আজকে শুখু এই বিলের মেয়াদ বাড়িয়ে দেওয়া হচ্ছে, এতে আপান্তর কি কারণ থাকতে পারে? এখানে ২-১টি ফুজ হয়ত একট্ কড়াই হয়েছে। সেটা যখন পাশ করা হবে তখন এ্যামেন্ডমেন্ট দেওয়া যেতে পারে এবং তা সংশোধন করার চেটা করা যেতে পাবে। এখন ভিস্কাসান হচ্ছে ফার্ম্ট রিডিংএ স্তুরাং এখন থেকেই সর্বনাশ হয়ে য়য়বে এটা ভাববার কোন কারণ নেই। এই আইন নিশ্চয়ই থাক্বে এবং পাশ হওয়া দরকাব। এই বলে এই আইন আমি সমর্থন করিছে।

[At this stage the House was adjourned till 6-5 p m [ After adjournment.]

[6-5 --6-15 p.m.]

#### Si. Manoranian Hazra:

মাননীয় স্পীকার মহাশয়, এই যে বিলটা আনা হয়েছে এই বিলটা আভ ন্তন নয়। বহু-দিনের প্রাণ্যে বিল। বার বার আসছে এবং এটার মেয়াদ পাঁচ বছব করাব যৌত্তিকতা কি সে সম্বন্ধে বহু সদস্য বলেছেন। আমি প্রথমেই আনতে চাই একেবারে ন্তন কথা বলি। In the vicinity, protected area

বলে যে কথা রাখা হয়েছে, তাতে যেখানে প্রটেকটেড এরিয়া যেখানে আছে তার কাছাকাছি ইন দি ভিসিনিটিতে যদি কেউ যায় তাহলে তার কি অবস্থা হছে সেটা আমাদের অজানা নাই। আজকে বার্ণপর্ন-এর হিন্ত মটর ফাাঙ্করীকে প্রটেকটেড এরিয়া করে রাখা হয়েছে। মানানীয় সপীকার মহাশয় আপনি জানেন আমাদের দেশে বেকার সমস্যা কি ভয়াবহ আকার ধারণ করেছে। প্রতিদিন ফাাঙ্করীর সামনে হাজারে হাজারে কাতারে কাতারে লোক আসে চাকরির জনা। আজ সেই সমস্ত লোকের কেউ যদি খাদা মন্দ্রী প্রফল্পে সেন মহাশয়ের চিঠি নিয়ে যায় কিংবা শ্রম মন্দ্রীর চিঠি নিয়ে যায় তাহলে তাকেই সেখানে চ্কৃতে দেওয়া হয় এবং বাকী লোককে চ্কৃতে দেওয়া হয় না। ফলে মানুষের বে'চে থাকতে যে অধিকার আছে চাকুরিবাকুরি করে যে নিজের জাবিকাঙ্কন করেরে সে অধিকার তারা পায় না। এখন ফাাঙ্করী এলেকাকে যদি প্রটেকটেড এরিয়া করে রাখা হয় এবং বে'চে থাকার জনা খাওয়াপরার রোজগারের জনা যদি কোন মানুষ ইন ভিসিনিটিতে যায় তাহলে প্রশাস তাদের সাবিয়ে দেবে বা তাদের প্রশাস করেত পারে। যে সমস্ত অঞ্চল প্রটেকটেড এরিয়া বলে ডিক্লেয়ার করা আছে তাদের সম্বন্ধে বলি। বার্ণপর্ অঞ্চলকে ১৯৫৩ সালে প্রটেকটেড এরিয়া বলে ডিক্লেয়ার করা আছে তাদের স্বান্ধন মালিক ও ওয়ারকারসদের মধ্যে কোন গোলের স্বোগ নিয়ে বহু ওয়ারকারসদের জবাব দিয়ে দেওয়া হয় এবং ওয়ারকারস পাস কেনে নেওয়া হয়। সেখান নিয়ে বহু ওয়ারকারসদের জবাব দিয়ে দেওয়া হয় এবং ওয়ারকারস পাস কেনে নেওয়া হয়। সেখানকার ঘটনা আশা করি কারও অজানা নয়। তারপর হিল্ড মটর

ফ্যাইরীর ব্যাপার মাননীয় সদস্য কালী মুখার্জি সেখানে কোম্পানীর তরফ থেকে প্রেসিডেন্ট। আমি শ্রমিক ইউনিয়ন-এর প্রেসিডেন্ট। তিনিও জানেন যে ওয়ারকারসরা আমার কথা শোনে। ১৯৫০ সালে সমুহত শুমিকরা লেবার কমিশনার থেকে আরুদ্ভ করে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট পর্যন্ত বেলা সাতটা থেকে চারটা পর্যন্ত আটক রেখেছিল, তাদের বাইরে বেরতে দেয় নি। এ থেকে বোঝা যায় শ্রমিকদের উপর আমার প্রভাব আছে, সেটা কালীবাব ও জানেন। তিনি সেখানে লাঠিবাজী করে যেভাবে টাকা তোলেন সেসব শ্নলে আপনি অবাক হবেন। তিনি সেখানে প্রটেকটেড এরিয়ার ঘটনা না বলে যেভাবে ট্রেড ইউনিয়ন-এর প্রতি কট,ক্তি করে গেলেন তার জবাব দিতেও ঘূণা হয়। প্রিলসের যেভাবে তিনি সাফাই করলেন যেভাবে ফলাও করে বলে গেলেন তাতে প্রকৃত ঘটনার যে কতথানি বিকৃত করলেন সেটা শানলেও লম্জা হয়। কিন্ত সেইসব উদ্ভিব জবাব যখন জনসংধারণ চেয়েছে তা দেবার সাহস হয় নি। আমি জানি ট্রেড ইউনিয়ন মৃভ্যেন্ট করতে গিয়ে কংগ্রেস হত্যাকান্ড চালেয়ে থাকে, মার্রাপট চালায় ৮ হিন্ড মজদুর ইউনিয়ন-এর ব্যাপারে মুখামন্ত্রী মহাশয় জানেন গুলি চালান হয়, সেথানে কয়েকজনের জনা গ্রাচইসাস রিলিফ এক্স-গ্রাসিয়া পেমেন্ট-এর বাবস্থা হয়। তারপর তাদের আই, এন, টি, ইউ সির বিষ্ট্রাব্রে কীতি জানি কি করে একজন লোককে মার্ডার করিয়েছেন, তারা এইভাবে ট্রেড ইউনিয়ন মুভ্যেন্ট করেন আর কমিউনিস্ট পার্টির নিন্দা করেন। ফটিক সাহাকে এই বিষ্ট্ ব্যানার্জী মার্ডার করিয়েছেন।

### Mr. Speaker:

মেন্রদের যা হয় বলনে, কিন্তু একজন বাইরের লোক তিনি মার্ডার করিয়েছেন একথা বলবেন না।

- Sj. Jyoti Basu: Mr. Speaker, Sir, why not, may I ask? Yesterday while Shri Kah Mukherjee was speaking he said referring to, not an outsider, but to Dr. Ranen Sen, a member on this side of the House, who was absent. He said that in Wellington Square—
  তিনি বলেছেন খান খানাৰী ইয়ে যাকু।
- Mr. Speaker: That is what I am saying. You should not refer to outsiders.
  - Si. Sudhir Chandra Ray Chaudhuri: He also referred to outsiders.
- Mr. Jyoti Basu: When Mr Zaman was speaking yesterday at that time he referred to innumerable sub-pudice cases. He himself said that these cases were before the Court. But you did not pull him up then.
  - Mr. Speaker: I pulled him up.
- 8j. Jyoti Basu: When members on this side of the House make a reference to somebody outside you are pulling them up. It is a good thing that they should be pulled up in this way. But justice should be on both sides.
  - Mr. Speaker: As Mr. Jyoti Basu knows it is always done.

#### Sj. Subodh Banerjee:

এটা তো আপনি জানেন জামান সাহেব বর্লোছলেন, তোমার ফিরিস্তি দেব, তোমার বাবার ফিরিস্তি দেব, তোমার গোন্ঠির ফিরিস্তি দেব।

Mr. Speaker: Before any of the members asked him to withdraw, I pulled him up first and asked him to withdraw.

8j. Kali Mukherjee: As he mentioned my name I had to mention.
[Interruptions.]

Mr. Speaker: What I objected to, and Mr. Jyoti Basu agreed to that, was outsiders being mentioned.

8j. Jyoti Basu: It was not done in the case of Kali Babu.

Mr. Speaker: You do not remember. Whenever Kali Babu referred to outsiders I also pulled him up.

8]. Kali Mukherjee: I did not mention any outsider.

8j. Bankim Mukherji: I may just refresh your memory, Sir. Yesterday he spoke about Randive who is not a member of this House.

8j. Kali Mukherjee: Only Randive's policy I mentioned.

8j. Bankim Mukherji: He said a reign of terror and murder was set up in Randive's regime. Nobody pulled him up.

Mr. Speaker: That is a general statement. He spoke about his regime.

8]. Kali Mukherjee: They refer to Jawaharlal Nehru several times.

8j. Manoranjan Hazra:

যে কথা বলছিলাম ফটিক সাহা তাদের ইউনিয়ন বিরোধা বলে তাকে মার্ডার করা হল, তার সাক্ষীসাব্দ নত্ট করা হল। খ্রীরামপ্রের এস. ডি. ও. একট্ ভাল লোক ছিলেন বলে তিনি ওয়েরলেস করে সাক্ষীদের ধবে এনেছিলেন কিন্তু তথন সমস্ত কেসটা এমন সাজান হয়ে যায় যে, নত্ট হয়ে গেল। ৬ই অক্টোবর ১৯৫৩ সালে, রামপ্রিয়া মিল-এর সামনে আই, এন, টি, ইউ, সির অফিস-এর কাছে ফটিক সাহাকে মার্ডার করা হয়

[noises and disturbances from the Congress Benches]

রাচি দ্বটোর সময়। আমাকেও হত্যা করতে এসেছিল। এর পরেই রাইটার্স বিল্ডিংস থেকে আমাকে গ্রেণ্ডার করা হয়।

(cries of "shame" from the Opposition Benches)

এইভাবে তারা ট্রেড ইউনিয়ন ম্ভুমেণ্ট করেন। লিণ্ট বাড়াতে চাই নে। কালীবাব্ বলেছেন এর্যাসিড বালব্-এর কথা। আমি তাঁকে জিজ্ঞাসা করি সাবা বাংলাদেশে কজন কমিউনিন্ট পার্টির লোকের এর্যাসিড বালব্ ছোঁড়ার ব্যাপারে কনভিকসন হয়েছে? দ্রীরামপুর কংগ্রেস অফিস-এ এ্যাসিড বালব্ ছোঁড়া হয়েছে বলে ২০জন কমিউনিণ্টকে গ্রেণ্ডার করা হয়েছিল, দৃই বছর তাদের হাজতে পাঁচয়ে তাদের ছেড়ে দেওয়া হল, অপরাধ প্রমাণ করতে পারলেন না। স্পীকার মহোদর, আপনি যদি এখানে দেখেন, ক্লজ ১৯, সেকসন ২৭, অরিজিনাল এ্যাক্ট যেটার পরিবর্তন করা হয়েছে এর মধ্যে কি সাংঘাতিক জিনিষ রাখা হচ্ছে, যদি কেউ খবর দেয়, সে খবর ডিসক্রোজ করা হবে না। আমরা জানি গত টিচার্স স্ট্রাইক-এর সময় এদেরই এজেন্ট প্রভোকেচাররা ট্রামের তার কেটেছে।

[noises and disturbances]

ইলেকট্রিক তার কেটেছে যার জন্য মিলিটারি ডাকতে হয়েছিল। আজকে কালী মুখাজী মহাশয় বলেছেন. কমিউনিস্ট পার্টি আর্মাস এরান্ড এমোনিসনস-এর কারবার করে, হাাঁ, আয়রা চাই আর্মাস এরান্ড এমোনিসনস, কেটা আমরা সাপোর্ট করি, কিন্তু নন-ভায়োলান্স-এর কথা একদিকে বলে আর একদিকে গুলি করে মারা এরকম হিফোক্রিটস আমরা নই। আমরা চাই হাতিয়ার—আর্মাস এরান্ড এরামোনিসনস এবং সেটা হল ভারতের জনসাধারণের ঐক্য। আমরা ঐকাবন্ধ শান্ত চাই—সেই হল আমাদের আর্মাস এরান্ড, এরামোনিসনস। মাননীয় মন্দ্রীমহাশয়, আর্পান শুনে থাকবেন যে কেন্দ্রীয় স্বরাণ্ট্রমন্ত্রী গ্রীর্গোবিন্দ বল্লভ পন্থ সেকেন্ড ফাইভ-ইয়ার প্লান সম্পর্কে বলেছেন যে প্লিসের জন্য এই সেকেন্ড ফাইভ ইহার প্লেন-এ বহু টাকা বায় হবে তা না হলে ভারা চালাতে পারবেন না। কিন্তু সেজন্যে চাষীর ঘর থেকে, আমার মত গরীব মধ্যবিত্তর ঘর

থেকে আজ টাকা দিতে হবে, কেন? আজ তাদের জীবিকার ব্যবস্থা দরকার, বেতন বৃদ্ধির দরকার, শিক্ষা দরকার, তার ব্যবস্থা না করে আজ প্রিলিসের হাতে বেশী বন্দ্কের ব্যবস্থা করে তাদের জব্দ করতে এ'রা চান। অপজিসনের ক'ঠরোধ করতে চান। কয়েকদিন থাদে ইলেকসন হবে, যাতে সেখানে এ'রা পার হতে পারেন তার জনো এই বিল ন্তন করে আনছেন। আমি যদি এম,এল,এ, না হোতাম আমি যদি সাধারণ জনসাধারণের একজন হোতাম তাহলে যেসব হিপোক্রিস প্রিলসের রাজত্বে বাংলাদেশকে পরিণত করতে চায় তাহলে রাস্তার উপর আমি তাদের গর্দিল করে মারতাম। এই সিকিউরিটি বিল-এর এই হচ্ছে আমার জবাব।

[6-15--6-25 p.m.]

## Sj. Cangapada Kuar:

মাননীয় স্পাঁকার মহোদয়, আজকে সিকিউরিটি এাক্ট-এব আয়; ব্দিধর জনা যে বিলটি এসেছে, সেই সংশোধনী বিলের আমি আপত্তি করি, তার কারণ, এই সেকিউরিটি এয়াক্ট প্রথম যথন পাশ হয়, তখন দেশে যে পরিস্থিতি ছিল এখন সেই পরিস্থিতি নাই; এবং সেই পরিস্থিতি নাই বলে এব প্রয়োজনত শেষ হয়ে গিয়েছে, স্কুতবাং এই বিল আনায় আমি আপত্তি করছি।

কংগ্রেস পক্ষ থেকেও মৃভার এফ দি বিল এর পক্ষ থেবে যে সমসত যুত্তির এবতারণা করা হয়েছে সেই সম্মত যাত্তি আমাদেব বিরোধী পক্ষবে কনভিত্স কবতে পারে নি। তার মধ্যে প্রধান ও মালতঃ যে সমসত কারণে সিকিউরিটি এন্টে এর উল্ভব হয়েছিল, আভাকে সেই সমসত কারণের মধ্যে একটাও দেখতে পাচ্ছি না। সশস্ত বিশ্লব, বহিরাক্রমণের আশ্ভকা, বে-আইনীভাবে, গুংত অস্থ্যসন্থ সংগ্রহ, বেআইনী জনতা ইত্যাদি যে সমুদত কলেলের জনা সেচা স্থান্ত ইয়েছিল। গাজুর সেই সম্পত কারণ নাই, সেইজনা সেইদিক দিয়ে বর্তমান অবস্থাস এই আইনের স্বাধার বা আছে বলে আমি মনে কবি না৷ আমৰ দেখতে পাই, প্ৰথম থেকে আচ প্ৰ'ত যে সম্মত চেম্প্ৰায এই আইন প্রয়োগ হয়েছে, তার প্রত্যেকটি ক্ষেত্রেই এই আইনের মথা প্রয়োগ বে ন। বিশেষ করে আমাদের এই পদ্ধ থেকে বহ', বরু, বলেছেন প্রতিতি ক্ষেত্রে দরিদ আন্দোলনার,র সাধারণকে দমন করবার জন্য এই আইন প্রয়োগ করা হয়েছিল। কিন্তু কোন অনুস্থায়ই কানখুনার মালিক বা জোড্লাব, জুম্লাব, অভ্যাচারী ধনিককে সাজা দেবার জন্ম এই আইনের প্রযোগ হতে দেখি নি। ক গ্রেস পক্ষের বহা, বছা বহু তা প্রসংগে গলায়তে হিবে খার গালমন্দ করেছেনা কিন্তু বিধার। পক্ষের যে চ্যালোঞ্জ কোন সময় এভাচারা জমিদার ভারদারদের বির্দেষ এই আইন প্রযোগ করা হয় নি. এই সম্পর্কে হারা কোন কথা বলতে পাবেন নি। আমি বলতে চাই প্রিভেমটিভ ডিটেনসন আৰু বা সিকিউরিটি আই, বা অইনেব পর আইন পাশ করে দেশে কখনত শাহিত ও শৃংখলা বজায় রাখা যায় না। এর দ্বারা শেষে এই পরিণাম দাঁড়ারে যে লোকের প্রতি একটা অবিশ্বাস অগ্রেধা সরকারের মনে বুখমাল হবে এবং তার আনিবার্য পরিণ্ডিস্বর পুরুর্মান শাসকলোণ্ডীর করর খোঁড়া হবে বলে আমি মনে করি। আমরা মনে করি যে যভক্ষণ প্রতিত দেশে শান্তি ও শুজ্ঞলা গুরুত্রবাপে বিপল্ল ক্ষে পড়ে, ততক্ষণ প্রথণত এই ধরনের আইন রাখা উচিত। বর্তমানে সেই পরিস্থিতি নাই অতএব এই আইনের আর প্রয়োজন থাকতে পারে না। অবশ্য একটা মাত্র কারণ আমত্রা শ্বনতে পেলাম, যা মাননীয় কালবিবাব, উল্লেখ কবেছেন বিবোধী দলকে, আমাদের মত পালিটিক্যাল অপেনেন্টসকে দমন করবার জন্য এই আইন প্রয়োগ করা । ইরে। আমরা মনে কবি কালীবাব, যে কথা উল্লেখ করেছেন, সেটা সতা কথা, সেটাই আসল কারণ। তিনি বক্ততা প্রসংখ্য বলতে গিয়ে কমিউনিস্ট পার্টি ও এন্যান। বিরোধী দলের কথা উল্লেখ করেছেন। কিন্তু আমি তাঁকে জিল্জাসা করতে চাই ব্টিশ এদেশে প্রায় দুশো বছর ধরে আমাদের উপর অত্যাচার করেছিল এবং তাদের বিরুদ্ধে আমাদের দেশের ৩৬ কোটি নরনারী আন্দোলন কর্বোছল, তখন এই ধরনের বিশেষ আইনের প্রয়োজন হয় নি। আর আজকে দেশে কি এমন পরিস্থিতির উদ্ভব হল, বা দেশে সাম্প্রদায়িক দাঞ্গাহাজ্যামা উপস্থিত হয়েছে যার জন্য এই আইনকে বজায় রাখতে হবে? যে সমসত আইন সাধারণভাবে প্রচালত আছে সেই সমসত আইনের ম্বারা আমার্টের দেশের শাহিত ও শৃংখলা প্রতিষ্ঠা হতে পারে। এই ধরণের অবাঞ্চিত আইনকে এক দিনের জনাও বাঁচিয়ে রাখা উচিত নয় : আমরা এই আইনের তাঁর বিরোধিতা করি, এবং শেষ পর্যক্ত বিরোধিতা করবো।

একটা কথা আছে "ক্ষমতা হাতে থাকলে, প্রায়ই তার অপপ্রয়োগ করা হয়"। এই আইন কি রকমভাবে অপপ্রয়োগ করা হয়েছে তা বহু বন্ধা এখানে বলে গিয়েছেন। মাননীয় সদস্য অতীনবাব কিছু দিন প্রে একটা মিটিং করতে আসানসোলে গিয়েছিলেন, সেখানে তিনি মাইক ব্যবহারের অনুমতি চেয়ে পাঠিয়েছিলেন, কিন্তু তিনি তা পান নি। এই রকমভাবে প্রত্যেকটি ক্ষেত্রে যেখানে গণতান্দ্রিক আন্দোলন চলেছে সেখানে এই আইন তার বিরুদ্ধে প্রয়োগ করা হয়েছে। তাই সেদিন ফল এবং চায়ের "প্রবেশ কর" নিয়ে যে আলোচনা হয়েছিল, তখন আমরা বলেছিলাম যে যাদ জিনিবের দাম বৃশ্ধি হয় তাহলে সরকার কি ব্যবহ্বা অবলন্দ্রন করবেন? তার উত্তরে, মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছ থেকে প্রেসন্থিপসন প্রেছিলাম "আপনারা পিকেটিং কর্ন"। তাঁদের হাতে আইন আছে, তাঁরা আইন করতে পারেন। কিন্তু অনায়ভাবে যারা "চা" বা ফলের দাম বাড়াবে, তাদের বিরুদ্ধে আইন প্রয়োগ করতে ভয় পান। তাই আমি বলবো এই যে আইনের আয়ু বৃশ্ধি করতে যাছেন, এর ন্বারা দেশে শান্তি ও শ্ঃখলা প্রতিষ্ঠিত হবে নাঁ; এর ন্বারা হবে গণতন্তের যে শ্রেন্টেডম আশবিদি ব্যক্তিস্বাধীনতা তাকে বলি দেওয়া। আপনারা কি এই কথা বলতে চান যে, যতদিন দেশে কংগ্রেস শাসন চলবে, ততদিন প্র্যন্ত এখানে এই আইন থাকবে? তাহলে সেটা স্পৃষ্টভাবে বলনে।

কিন্তু, এইভাবে দেশ কোনদিন শাসন করা যায় না, এবং প্রাণ ইতিহাসে আমরা তার প্রমাণ পাই কংস আপ্রাণ চেণ্টা, করেছিল তার চিরশন্ত কৃষ্ণকে নাশ করবার জন্য। সে কৃষ্ণের ভয়ে সব সময়ই আতংকগ্রুত হয়ে থাকত : এবং আত্মরক্ষার জন্য নানা রকম সান্ত্রী পাহাবা দিয়ে নিজেকে ঘিরে রাখতা। কিন্তু শেষ পর্যন্ত সে নিজেকে তার শন্ত্রর হাত থেকে বাঁচাতে পারলো না। স্ত্রাং গণতান্ত্রিক আন্দোলনকে এইভাবে নণ্ট করবাব জন্য, দেশের শান্তিম্য পরিবেশেও এই আইন জিইয়ে রাখায়, কংসের যা পরিণাম ঘটেছিল, এই কংগ্রেস সরকারেরও সেই পরিণাম ঘটবে —এইটাই আমার দৃঢ় বিশ্বাস।

## Sj. Haripada Chatterjee:

সভাপাল মহোদয় আমার একটা পাবসোনাল এক্সংলানেশন আছে।

গতকাল মাননীয় সদস্য কালী ম্থাজ ী মহাশয় তাঁব বক্তৃতা প্রসংগ আমার নাম উল্লেখ করে বলেছেন যে আমি প্রে এই সিকিউরিটি বিলকে সমর্থন করেছিলাম। কিন্তু আমি আপনার মাধ্যমে হাউসকে জানাতে ঢাই উনি যে বলেছেন, ১৯৪৮ সালে প্রথম যথন এই সিকিউরিটি বিল পাশ হয়, এটা আমি সমর্থন করেছিলাম, এটা সর্বৈর অসতা। কারণ অথন্ড নদীয়ায় আমার যে কনিস্টিটিউয়েস্সী ছিল, সেটা বিভক্ত হয়ে যাওয়ায়, আমার আর এখানে প্রেশাধিকাব ছিল না, যতক্ষণ পর্যন্ত না কেন্দ্রীয় সরকার ঠিক করেছিলেন আমি প্নেনায় এম,এল,এ, হয়ে আসতে পারি। আমি সাত মাস এসেমরি হাউসে আসতে পারি নি সেই সময় আমার এখানে অসবার অধিকার ছিল না। ১৯৪৮ সালে যখন প্রথম সিকিউরিটি এাক্ট পাশ হয়, তখন আমি এখানে ছিলাম না, কাজেই তখন আমি এটা সমর্থন করি নি এবং ১৯৫০ সালে যখন আবার এই বিল হাউসের সামনে আসে তখনও আমি শেষ প্র্যন্ত এর সমর্থন কবি নি। স্ত্রোং কালী মৃখ্র্জে মহাশয়ে যে কথা বললেন এটা সম্পূর্ণ অসতা।

## Sj. Subodh Chowdhury:

মাননীয় পশীকার মহাশয়, পাঁচ বছর প্রে শিশ্ব রাণ্টের দোহাই দিয়ে সিকিউরিটি বিল পাশ করা হয়, আজ পাঁচ বছর চলে গিয়েছে আবার ন্তন করে এই বিল নিয়ে আসবার কি প্রয়োজন হয়েছে? কংগ্রেস ঘোষণা করেছে যে, বর্তমানে দেশের অবস্থার উন্নতি হয়েছে; কিন্তু পশিচম বাংলার সর্বা থাদ্যাভাব, বন্দ্যাজ্জ্বর রয়েছে, তা সত্ত্বেও সিকিউরিটি বিলকে ন্তন আকারে কেন নিয়ে আসছেন? এই সিকিউরিটি বিল-এর দ্বারা সাধারণ মান্যের, কৃষকের, মজ্বেরে কি কোন উপকার হয়েছে? রিফিউজিদের রক্ষা করবার জনা সতিকোর কোন ব্যবস্থা করা এই বিলের দ্বারা কি কখনও সম্ভব হয়েছে? না তা হয় নি। জমিদারী ক্রয়ের ফলে আজ হাজার হাজার কৃষক, মজ্বর তাদের জমি থেকে উচ্ছেদ হয়ে গেল। জ্যোতদার, জমিদারদের গ্র্ডারা তাদের উপর জ্লুম, জবরদাস্ত, মারধর করে কৃষকদের জমি থেকে তাড়িয়ে দিল, তাদের অন্যায়ভাবে জমি থেকে উচ্ছেদ করে দিল, তখনত এই সিকিউরিটি এ্যাক্ট-এর শ্বারা তাদের রক্ষা করা হয় নি: এবং এর কারণ খাজে পাওয়া যায় না।

আমাদের সরকার শ্ধে যে জমিদার ও বড়লোকদের সমর্থক, তাদের রক্ষাকর্তা তা নয়, এমনাঁক তাঁদের যে গ্রেডা তাদেরও সায়েগতা করতে পারেন না। কারণ, একথা পরিষ্কার যে আমাদের সরকারী নেতা মন্ট্রী সভায় অনেক গ্রেডা পোষণ করেন, যে গ্রেডারা তাঁদের সমর্থন করেন এবং ভিন্ন ভিন্ন পথানে, বিভিন্ন ভায়গায় সাধারণ লোকের উপর হামলা, অত্যাচার করে। স্তরাং গ্রেডা দমনের নাম করে এই বিলকে সমর্থন করবার কোন যৌজিকতা আছে বলে আমি মনে করি না।

# [6-25-6-35 p.m.]

মাননীয় স্পীকার মহাশায়, গুরা বলে থাকেন সাম্প্রদায়িক কোন হালগামা হলে পরে তা থেকে দেশকে বাঁচাবার জনা, যাতে বিভিন্ন কমিউনিটির লোকেরা প্রস্পরের উপর হামলা না করতে পাবে তার জনা এই আইন করছেন। সতাই কি তার জনা করেছেন? আমার বাঞ্চিগত অভিজ্ঞতা আছে সাম্প্রদায়িক হালগামা মেটাতে চান না, বরং সাম্প্রদায়িক হালগামার উস্কানি দেওয়া হয় এই আমারা জানি। আমারা জানি যে পালিস দাঁজিয়ে থাকে যখন, তখন ঘর পোড়ে, বাড়ী লাঠন হয়, এ কথা কানো অবিদিত নয়। এবং প্রত্যেকটি ক্ষেত্রে পরিকোরভাবে প্রথম যখন সাম্প্রদায়িক হালগামা হয়েছে পালিস থামায় নাই, থামিয়েছে সেখানকার জনসাধারণ, তারাই শালিতরক্ষা করেছে। এবং তারাই শালিতর জন্য প্রচার করেছে। এবং তারাই শালিতর জন্য প্রচার করেছে।

মাননীয় প্রপাকার মহাশয়, এই বিলের মধ্যে আছে যে, যেকোন এলেকাকে প্রটেকটেড এলেকা বলে ঘোষণা করতে পারেন। আমরা জানি বাংলাদেশের মধ্যে বহু জায়গা আছে যাকে বহুকাল ধরে প্রটেকটেড এলেকা বলে ঘোষণা করা। হয়েছে। আমরা জানি আবহুমান কাল ধরে শুধু চিত্তরঞ্জন নয়, আরো বহু জায়গা জুড়ে প্রটেকটেড এলেকা ঘোষণা করা হয়েছে। সেখানে শুধু লোককেই নয়, থানবাহুনকে নিয়ন্তণ করেছেন, সেখানে যারা যায় তাদের ধরে নিয়ে যাওয়া হয়, আইন ভাগ করেছে বলে তাদের সাজা দেওয়া হয়। সেখানে, মানুষের উপর জুলুম করবার জনা তাদের সিকিউবিটি রক্ষা করছেন। বার্ণপুরের ঘটনার কথা নিশ্চযুই আপনারা জানেন তব্ অপনার সান্দেন বলতে চাই যে, ১৯৫৩ সালের পর থেকে আল প্রথাণ করা হয়েছে, কি কারণে? সেখানে সংগ্রামশাল মজুরেরা সংগ্রাম করতে গেলে, সেই মজুরদের বাঁচাবার জনা তাদের প্রটেকটেড প্রেক নাই। তাদের বাঁচাবার জনা কোন চেণ্টা করেন নি, বরং দিনের পর দিন প্রটেকটেড প্রেস বলে ঘোষণা করা হয়েছে। সেখানে প্রামন ক্রিক করা করে এক্সন কমিটি গঠন করেছিল, সেটা ভাগবার জন্য কর প্রচেণ্টা করেছিল, সে•কথা জানি।

তারপর রাণীগঞ্জ ফ্যান্টরীর কথা, ১৯৫৪ সাল থেকে আজ পর্যক্ত সেথানে প্রোটেকটেড এরিয়া ঘোষণা করা হয়েছে, তারা যে দাবী করেছিল, এবং সে দাবী মজুর ইউনিয়ন করেছিল, তাতে তাদের সমসত চিকিৎসার বায় দেবার জন্য বলেছিল। তাতে কোম্পানী রাজী হয়েছিল, তাদের ন্যুনতম বেতন ইত্যাদি সম্পর্কে তাদের সেই দাবী নিয়ে লেবার মিনিটারের কাছে আসা হয়, লেবার মিনিটারও সে দাবী নায়সপ্যত বলে স্বীকার করেন, কিম্তু তা সজুেও সায় বীরেন তাদের কথা উপেক্ষা করলেন। তারপর যথন ডাঃ রায়, সায় বীরেনকে ডাকলেন লেবার মিনিটারও তাঁর কাছে গিয়েছিলেন, তথনও তিনি তাদের কথায় শুক্ষেপ করেন নি। এবং তার ত কোন প্রতিকার হলই না উল্টো সেই মজুর আন্দোলন ভাগ্যবার জন্য সিকিউরিটি এাক্ট বাবহার করা হয়েছে। স্তরাং যদি বলেন যে না, আজকে শান্তির জন্য আমাদের দেশকে রক্ষা করার

জন্ম এটা হচ্ছে, তা নয়। দেশকে রক্ষা করবার জন্য নয়, মৃণ্ডিমেয় লোককে বাঁচাবার জন্য, কোটি-পতিদের বাঁচাবার জন্য : যেমন কোটিপতিদের স্বার্থ বরাবরই রক্ষা করেন. সেই কাজ করবার জন্য। স্ত্রাং আমি এই বিলের তীব্র প্রতিবাদ করি, এবং মনে করি এ বিল উইথড্র করা দরকার।

## Sj. Saroj Roy:

মাননীয় সভাপাল মহাশয়, কংগ্রেস বেণ্ডের জনৈক সদস্য মহম্মদ ইসাক তাঁর বক্তৃতায় কিছ্ম্মণ প্রে বলেছেন "দৈনন্দিন জীবন যথন অচল হয়ে যায়, তথন এই আইনের প্রয়োজন হয়"। আজকে আমরাও স্থেই একই কথাই বলছি এবং প্রশন্ত কর্রাছ, আজকে এই সিকিউরিটি বিলের কি প্রয়োজন : বিরোধী পক্ষের সদস্য হিসাবে আমরাই যে শ্র্ম্ প্রশন কর্রাছ তা নয়, বাইরেও এবিষয়ে, মান্থের মনে প্রশন জেগেছে— এই আট বছর পার হয়ে গেল, তারপ্রেও আজ সিকিউরিটি বিল কেন এলো? কোথায় এমন অচল অবস্থার স্থিই হছে; সভাই কোথাও যদি অচল অবস্থার স্কিইর, তথন প্রয়োজন হতে পারে সিকিউরিটি আইনের।

বর্তমানে বাংলাদেশের কংগ্রৈস সরকার জানেন, আজকে সহরে ও গ্রামে বেকাবের সংখ্যা বেড়ে চলেছে এবং ক্রমশঃ আরো বাড়বে। দেশের জনসাধারণের উপর তাঁদের ট্যাক্সের পর টাক্সে চাপাতেই হবে ন্যাশনাল ডিভেলপ্মেন্টের নামে। সেই জন্যই দ্বকার হয়েছে এই সিকিউবিটি আইনের, বাতে জনসাধারণকে দমন্ করে রাখা যায়, যাতে তাবা তাদের বেকারীর বিবৃদ্ধে, অতিবিক্ত ট্যাক্সের বিরুদ্ধে নায়েসংগত আন্দোলন না করতে পারে এবং তাদের দমন করে না রাখলে বাংলাদেশের বড়লোক শ্রেণীও তাদেরই সরকার এই কংগ্রেস সরকারেরই অচল অবস্থা সাথি থবে, এবং সেই অবস্থা আসছে বলে আজ তাঁদের প্রয়োজন হয়েছে এই আইনের, এবং তারা যদি মনে করে থাকেন এই আইনের শ্বারাই, বাংলাদেশের আথিক অবস্থা যখন আবো গ্রেল্ডর হতে চলেছে, তখন বেকার মান্যেব উপর আরো টাক্সে বসিয়ে যাবেন, অভ্যাচার করে যাবেন আব সিকিউবিটি এয়ান্ত দিয়ে তাদের ঠান্ডা করে রাখবেন, তাহলে সেটা দিয়া স্বান্ন ছাতা আব কিছ্নেই ন্য।

**িদ্বতীয় প্রশ্ন, তাঁরা আর একটা কথা তুলেছেন**- পিস এন∿ড ট্রানকুউলিটি এফ দি ভেটট— এখানে পিস এয়ান্ড ট্রানকুইলিটি এফ কংগ্রেস বললেই ভাল হোতে একটা ঘটনা জানাচ্ছি যা প্রমাণ করবে যে এরা ণেটট-এব পিস এয়ান্ড ট্রানকুইলিটি প্রকৃত্রপক্ষে চায় না, করেক্দিন আগ্রেকার ঘটনা, এই কলকাতার উপর বাংলাব কংগ্রেসের সভাপতি মহাশয় যে স্পীচ দিয়েছিলেন ১৫ই অগাস্ট, সেই স্পিচএ বলেছেন- যদি কাবো হাতে লাল ঝান্ডা দেখ, তার হাত ঠেগ্রিয়ে তেগেগ দাও। একথা সংবাদপতে বেরিয়েছে। প্রধানমন্ত্রী মহাশ্যকে জিজ্ঞাসা করি, লাল ঝাডা যখন বেআইনী হয় নাই, এবং লাল ঝাড়া যদি বেআইনী না হয় এবং কংগ্রেস সভাপতি যদি এই বক্ষ কথা বলে উত্তেজনা সূচিট কবেন, যে যদি কারো হাতে লাল ঝান্ডা থাকে তবে তার হাত ঠেভিগয়ে ভেপে দাও, তারজনা তাঁকে কেন সিকিউবিটি এটাই এ ধবা হয় নাই : এইভাবে উত্তেজনামূলক কথা বললে কি সমাজের পিস এটাড ট্রানকুইলিটি নটে করা হয় নাই যদি সমাজের পিস এটাড দ্মানকুইলিটিকেই রক্ষা করা কংগ্রেস সরকারেব প্রকৃত উদ্দেশ্য হয়, তবে কংগ্রেস সভাপতিকে তাঁর ১৫ই আগস্ট-এর এই উত্তেজনা স্থিম্লক কথার জনা যা তাঁর মুখ থেকে খোলাখুলি বেরিয়েছে যে কারো হাতে লাল ঝান্ডা দেখলে তার হাত ঠেগ্গিয়ে ভেগে দাও। (ভয়েসেসঃ বস. বস, ঢের শ্রেছি)- নিয়েজ আন্ড আপরোর: এইভাবে উত্তেজনা সূচিট করার জন্য এই উত্তেজনা স্থিকারী মান্মটিকে কেন সিকিউরিটি এট্ট অনুযায়ী এরেস্ট করা হয় নাই? তিনি টেমপার ঠিক রাখতে পারেন নাই বলে তার মুখ দিয়ে তার দলীয় যে মত তারই কতকগুলি সতা কথাই বেরিয়েছে। এর থেকেই বোঝা যায় যে এই সিকিউরিটি আইনের প্রকৃত উদ্দেশ্য কী।

Mr. Speaker: Stop. Mr. Ghosal, it is very had. You just now raised your shoes. Don't do it again.

# Sj. Hemanta Kumar Ghosai:

আমি কাকে কি দেখিয়েছি স্যার? আমি আমার হাতে জনুতোটা নিয়ে দেখছিলাম আর ত কিছু করি নি।

Mr. Speaker: You deny it. All right,

## 8j. Saroj Roy:

তারপর যে কথা আরো অনেকে বলে গেছেন, বারে বারে আমরাও অনেক কথা জানিয়েছি: তা সত্তেও এই জমিদারী এ্যাকুইজিসন এয়ার্ক্ট পাশ হবার পরে গ্রামের সমস্ত সমাজেব মধ্যে যে অশান্তি, যে বিশ্ভেথলা সূন্টি হয়েছে, যা নাকি বড় বড় জ্মিদার ও জ্যেতদাররা সূত্রি করছে, আশ্চর্যের বিষয় তাদের একজনের প্রতিও কিল্তু এই সিকিউরিটি এ।। স্থান্তর করা হয় নাই। গডবেতা অঞ্চল থেকে বার বার খবর পাঠান হয়েছে যে মংগলাপ্রসাদ পাণ্ডে সেখানে দটোরশো ক্রমককে উচ্ছেদ করেছে। বন্দকে নিয়ে লোকের ঘরে বে-আইনীভাবে হামলা করে**ছে** নাবীর উপর পর্যন্ত অত্যাচার করেছে, তাব প্রতি যদি সিবি উরিটি এয়াক্ট প্রযোগের কথা বলা হয়, সেক্ষেত্রে সেটা প্রয়োগ করা হবে না। কোন কেস ভাব বিবৃদ্ধে করা হলে প্রলিস রিপোটি দেবে মিসটেক অফ ল এবং তাদিগকৈ স-সম্মানে মুক্তি দেবে। কারণ তাবাই হচ্চে কংগ্রেসের সম্প্রক্ এখানে ওদিকের জনৈক সভা কালীবাব, বলৈছেন যে ৪৮-৪৯ সালে কলকাতার বাসতায় মেয়েদের বেব,নো মুদ্কিল হত যেহেতু কমিউনিস্টবা এয়াসিড বাল্ব্ নিয়ে ঘুবে বেড়াও। আমি ভিজ্ঞাস। কবি ১৯১৯ সালে কি হয়েছিল বৌবাজারে কি হয়েছিল এই ২৪ প্রগণায় : ১৯৫০ সালে কি হয়েছিল, আর আজ কি হচ্ছে কুচবিহাবে : এই ১৯৫৫ সালে দাজিলিংএ : হিসাব করে দেখতে বলি যে কওগ,লি নাবী হত্যা কবা হয়েছে এই কয় বছরে? ভারা নিভেদেব বুকে হাও দিয়ে চিন্তা কবান, কাদের স্বার্থে তারা এই বকম আইন পাস কবতে যাচ্ছেন। গণওশোর নামে তাঁরা মন্তিনেয়রই সিবিউবিটি চান। যদি কংগ্রেস চান আগামী যেদিন এগিয়ে আসছে সেদিনের সমস্যগ্রালির সম্ধান না করে দরিদ্র জনসাধারণ কেকার জনসাধারণকে ঠান্ডা রাখবার জনাই এই সিকিউবিটি এট্টে-এব দ্বকার ভাহলে তাবা সে আশা নিয়ে কিছু দিন থাকতে পারেন বটে, বিল্ড ও দের সে আশা সাধাবণ মানুযেব কঠিন আঘাতে আঁচরে ভেলেগ পড়বে।

# [6-35 6-45 p.m.]

ডাঃ রাগকে বিশেষভাবে জানাই যে, যদি কোন সময়ে এই বক্ষ হয়, যখন মান্যেব জীবন সাধারণভাবে আর চলতে পাবে না হখন সেই অবস্থায় সিকিউবিটি আইনের দবকাৰ হতে পাবে এবং যদি সেই অবস্থা হয় তাহলে আমবা সকলেই এই সিকিউবিটি আইনিটিকৈ সম্প্রান করেবা। সেই বক্ষ অবস্থা যখন এখনও আসে নি তখন এই জঘন আইনকে তিনি প্রত্যাহার কর্ন। তবে যদি তারা দবে করেন যে, দীর্ঘ পাঁচ বছরের জন্য এই আইন করে তারা আগামী ইলেকসান তরী পাব হবেন তাহলে এই সিকিউবিটি আছের লাঠি, গালি, জেলেব দ্বাবা হয়াও এবারের মতনও ইলেকসন তরী পার হতে পারবেন, কিন্তু ইলেকসন ভড়াও ও জনসাধারণের সামনে আরো অনাবক্ষ পথ আছে সে কথা যেন প্রধানমন্ত্রী মহাশ্য ভলে না যান।

## Sj. Provash Chandra Roy:

মাননীয় সভাপতি হাহাশয়, আমার এই বিল দেখে বেজাল ভিমিনাল ল এমেন্ডমেন্টের কথা মনে পড়ছে। সেই সময় ব্টিশ সরকার সেই আইন করবার সময় একথা বলেছিলেন যে দেশের শাহিত, শৃংখলা এবং নিরাপত্তা রক্ষার জন্য তারা সেই আইন করভেন। তথন দেশের জনসাধারণ সেই আইনেব প্রতিবাদ করেছিলেন। কেননা দেশের মান্য তথন জানতেন যে দেশের প্রাধীনতার জন্য যাবা দেশে আন্দোলন করছেন, তাঁদের আটক রাখার জন্যই ইংরাজ সরকার সেই আইন করেছিলেন এবং তথনকার দেশের প্রেট্ড দেশভঙ্ক যাঁরা ছিলেন, তাদের সেই আইনে আটক করা হয়েছিল। আমরা জানতাম যে ইংরেজ সরকার বিদেশী শাসক বিদেশী শাসন বজায় রাখার জন্য এবং ভারতবর্ষে যে বিদেশী ধনিক প্রেণী রয়েছে, বিদেশী মিলওয়ালা রয়েছে, তাদের স্বার্থ বজায় রাখার জন্য দেশের শাহিত শৃংখলার নাম দিয়ে সেই আইন তাঁরা করেছিলেন। তেমনি আজকের এই যে সিকিউরিটি বিল হাজির করা হয়েছে, এই সেসনে আমরা দেখেছি, দেশের জনসাধারণকে দাবিয়ে রাখার জন্য, দেশের যারা গণ আন্দোলন করতে চায় তাদের এবং কৃষক ও মধ্যবিত্তর আন্দোলন দমন করার জন্যই এই সেসনে আরো দুটো আইন পাশ করা হয়েছে এবং সেদিক থেকে যে স্পেশাল কনস্টেবল বা স্পেশাল পর্যুলিস অফিসার নিয়েগের যে আইন করেকদিন আগে মাননীয় প্রধানমন্ত্রী মহাশয় পাশ করিয়ে নিয়েছেন, জাণ্টিস এব পিসের নাম দিয়া

একদিন বান্ধির প্রস্তাব দিয়েছি এই কারণে যে, তা নাহ'লে নেগেটিভ এনমেন্ডমেন্ট হলে বাবে। এই বিধানসভার আইন রক্ষা করার জন্য একটা দিন মেয়াদ বাড়িয়ে দিতে বলেছি. কিন্তু আমার সংশোধন প্রস্তাবের আসল উন্দেশ্য এই যে, এই আইন আর একদিনও **যেন চাল** না থাকে। তার কারণ এই আইনের কোন প্রয়োজন নাই। প্রকৃত কথা দেশের মধ্যে এমন কিছু, অরাজক অবস্থা হয় নি, জনসাধারণের নিরাপতার ব্যাঘাত ঘটেনি যার জনা **এই** নিরাপত্তা আইন চাল, রাখতে হবে। নিরাপত্তা যদি কারও ব্যাহত হয়ে থাকে ত হয়েছে তাদের যারা সাধারণ মান্মকে শোষণ করে নিজেদের কায়েমী স্বার্থ পরিপূর্ণ করতে চায়। প্রতিদিন অত্যাচাবের মাত্রা বাড়ছে, শোষণের মাত্রা বাড়ছে; সাধারণ মান্য এগালির প্রতিবাদ করছে। কিল্ড সরকারপক্ষ চায় সাধারণ মান্য যেন প্রতিবাদ না করে এবং অত্যাচার ও শোষণের প্রতিবাদ করলে তাদের যাতে আটকে রাখা যায়, বহিম্কার করা যায়, অন্তরীণ করা যায়, তার বাবস্থা করার জন্ম এই আইন আনা হয়েছে। কোন লোক এই ধরণের বেআইনী আইনকে সমর্থন করতে পারে না। সরকারের অসংখ্য আইন আছে, এইসব আইনের ভারেই আমরা মরে যাবার দাখিল হরেছি। এত আইন থাকা সত্তেও নতেন ক'রে সিকিউরিটি এাার আনার কোন দবকাব নেই। সরকারপক্ষে ডাঃ রায় হিসাব দিয়ে দেখিয়েছেন কোন্ কোন্ ধারাতে কত লোককে ধরা **হয়েছে।** বিরোধীপক্ষের সদস্যবা গ্রেণ্ডারকে ভয় পান না। গ্রেণ্ডাবেব ভয়ের জনা ভাঁরা প্রতিবাদ করছেন তা নয় তাঁরা প্রতিবাদ কবছেন এটা কালাকান্ন বলে। কংগ্রেসী সদসারা বলেছেন তারা এই বিবের্ণিধভাব কারণ ব্যুখতে পারেন না। ব্যুখতে না পাবারই কথা। কারণ সিকিউরিটি এাার্ক্ট তাদের উপর পড়ে না এবং পড়বে না, বিরোধী দলের উপরই পড়ে ও পড়বে। সিকিউরিটি এ।ক্টেব শিকার হয়েছি আমবা। আমাদের দলভক্ত লোকেরা, সাধারণ মান্ধেরা তাই এ থেকে বাঁচবার জনা প্রভাবতঃই চেণ্টা করবে।

( জনৈক সদসাঃ জন্ম দেধর সময় কি করেছিলেন?)

জনৈক সদস্য জনযুষ্ণের কথা আমাকে বলছেন। তিনি বোধহার দ্বিতীয় মহাযুষ্ণের সমন্ন ইংবাজের পদলেহন কর্রছিলেন, ক্ষমতা হস্তান্তরের পর গান্ধীট্পি মাথায় দিয়ে কংগ্রেসের সন্ত্য হয়েছেন। ক্ষমতা পাবাব আগের কংগ্রেসে আমরা ছিলাম যথন কংগ্রেস থাকার অর্থ ছিল সাম্রাজ্যবাদী অত্যাচার ও নির্যাতন সহ্য করা। সে অত্যাচার আমি সহ্য করেছি। সুত্রাং "জনযুষ্ণে"র কথা আমাকে বললে চলবে না। আমি সে সময়ের স্বাধীনতা আন্দোলনে লিশ্ত ছিলাম এবং স্বাধীনতা আন্দোলনে যোগ দিয়ে শক্তি ও সামর্থামত কণ্ট স্বীকার করেছি। এ কথা ঠিক যে, কংগ্রেসের পুরান সভারাও ত্যাগ স্বীকারের কথা বলতে পারেন। তাঁদের অনেকে বহু নির্যাতন সহ্য করেছেন। কিন্তু এখন যাঁরা কংগ্রেসে তাঁদের অধিকাংশই ১৯৪৭ সালের পর কংগ্রেসে চ্কুকেছেন। সেইসব তথাকথিত দেশবতী লোকদের ত্যাগের কথা আমি জানি। ঠিকমত বলতে গেলে, দুটো জিনিস তাঁরা দেশের জন্য ত্যাগ করেছেন মল ও মৃত্য। এ ছাড়া তাঁদের আর কোন ত্যাগের কথা জানি না। বরং এইট্কু জানি যে, তাঁরা গান্ধীট্পির সুষ্বাগ নিয়ে পার্রামিটএর রাজহু ক'রে মানুষকে শোষণ ক'রে, কালোবাজারী ক'রে স্মার্গালং ক'রে সমন্ত রকমে নিজেদের পকেট ভর্তি করেছেন।

Mr. Speaker: Be relevant to your amendment. Do not make indecent suggestions.

8j. Subodh Banerjee: If you sow the wind you will have to reap the whirlwind.

আমাকে লক্ষ্য ক'রে জনফ্লেধর কথা না বললে এ কথা শ্নতে হ'ত না। সন্তরাং আমাকে পক্ষ্য ক'রে কেউ যদি জনফ্লেধর কথা বলে তাদের শোনান দরকার গার্থাট্রপির তলায় আজ তারা কি করছেন। আর একটা জিনিস সাধারণ যে আইন আছে সেই সাধারণ আইনই যথেণ্ঠ। ন্তন করে সিকিউরিটি এট্র আনার দরকার নাই।

তাই আমি বলব, এই বিল একদিনও যাতে বেশী চালা, না থাকে তার চেণ্টা আমাদের করা দরকার—একথা বার বার করে বলব। তাই আবার বলি ১৯৫৬ সালের ২৫শে জানায়ারী পর্যাকত যে বিলের মেয়াদ, সেই বিলের মেয়াদ যাতে তার একদিনও বেশী না থাকে, তাই আমরা চাই।

[6-25--6-35 p.m.]

# Si. Haripada Chatteriee:

মাননীয় সভাপাল মহাশয়, আমার পূর্ববতী বন্ধা যে কথা বলেছেন.....

#### Mr. Speaker:

कान जारम जरम ने मन्तरम वन हन ?

# 8J. Haripada Chatterjee:

আমি কোন এাামেণ্ডমেণ্ট সম্বশ্বে বলছি না, কেবল এই ক্লজটাকে অপোজ করছি।
হাস্য

আমার পূর্ববতী বক্তা একদিনের সময় দিয়েছেন। কিন্তু আমি একদিনও সময় দিতে চাই না। কারণ আমি গণতন্তকে ভালবাসি। আমাদের দেশে গণতন্ত চাল্ হোক সেটা আমি চাই। এই আইন যা করতে যাচ্ছেন--ডাঃ রায় অবশা আশ্বাস দিয়েছেন যে, তোমাদের কোন ভয় নেই। বিন্তু ভাঁর আশ্বাসটা কি রকম । আবোল-ভাবোল বইয়ে দেখেছি, একটা বিরাটাকায় দৈতা হাতে একটা মুস্তবড় গদা নিয়ে—বিরাটাকায় দৈতা মুখখানা তার পাঁচের মত, হাতগ্লো ছিল আকাশ্সপশী, সে গদা নিয়ে একটা মানুষকে ভাড়া করছে। আমাদের গণতন্তকে এই মানুষের সংগ তুলনা করা যেতে পারে। দৈত্যটা বলছে, তার ভয় নেই, এই গদা দিয়ে যদি তোকে মারি লাগবে না। কারণ, এ গদা হাল্কা, তোর ভয় নেই, এই গদা দিয়ে যদি তোকে মারি লাগবে না। কারণ, এ গদা হাল্কা, তোর ভয় নেই। এবং তারপরেও মানুষটা ছুটছিল, তখন, সে বললো—-"এটা, এত করে বলছি, তব্ও শুনুহ না। তব্ও ভয় পাছে। ধরব নাকি ঠাাটো। দেখাব নাকি মজাটা।"

"আমি আছি, গিলি আছেন, আছেন মোদের নয় ছেলে,

সবাই মিলে কামড়ে দেব, মিথ্যা অমন ভয় পেলে।"

# [উচ্চহাস্য]

এই হচ্ছে ব্যাপার। আমরা শৃধ্ননিকি মিথ্যা কারণে ভয় পাই। আমাদের ভয় করবার কারণ নেই। যারা গণতশ্ববিরোধী কাজ করছেন তাদের বিরুদ্ধে এটা প্রয়োগ করা হবে।

[নয়েজ, ইন্টারাপশন্স এগণ্ড লাফ্টার]

কিন্তু কথন যে এই গদা আমাদের ঘাড়ে এসে পড়বে তার নিন্চয়তা নেই। আমাদের মনে আন্বাস পাচ্ছি না। তিনি একবার বলেছিলেন এই হাউসে যথন আমরা বিরোধীপক্ষ কঠোর ভাষায় সমালোচনা করছিলাম, তথন তিনি একবার বলেছিলেন, সিকিউরিটি এন্তর্ভ এখানে নেই বলে এইসব কথা বলতে পারছ। স্তরাং সিকিউরিটি এন্তর্ভ কি উদ্দেশ্যে হচ্ছে সেটা বেশ ভালই আমরা ব্রুবতে পাচ্ছি। ডাঃ রায়ের আশ্বাসে আশ্বদত হতে পারছি না।

লোউড নয়েজ আন্ড ইন্টারাপশন স

কাজেই আমি বলি যে, এটা গণতন্দ্রবিরোধী, এই আইনের ন্বারা যে ক্ষমতা তাঁরা হাতে নিচ্ছেন তাতে দেশের অনিষ্ট হবে, দেশের অকল্যাণ হবে। এ আইনের কোন দরকার নেই। আমার বন্ধ্ব, বলে গেছেন একদিন এর মেয়াদ বাড়াতে চান, আমি বলি একদিনও এটার মেয়াদ বাড়াবার প্রয়োজন নেই, একদিন কেন, এক ঘণ্টা, এক সেকেন্ডও এটাকে আমরা রাখতে চাই নঃ।

[নয়েজ এাতে ইন্টারপশন স]

#### Sj. Bibhuti Bhushon Chose:

মাননীয় স্পীকার মহাশয়, ডান্ডার রায় এবং তাঁর সরকার এমন একটা আইন করতে পারেন না, যার ফলে সারা পশ্চিম বাংলায় আপদ্কালীন জর্বী ব্যবস্থা গ্রহণের প্রয়োজনীয়তা জন্তুত হয়। তিনি তাঁর প্রারম্ভিক বন্ধৃতায় আমাদের খ্ব কর্নভিন্স করতে পারেন নি এই আইনের প্রয়োজনীয়তা সম্বন্ধে। রাষ্ট্র পরিচালনা করতে গোলে অবশাই কিছু বিশেষ ক্ষমতা হাতে রাখার প্রয়োজন আছে, তার জন্য তিনি যথেষ্ট ওকালতীও করবার চেষ্টা করেছেন। প্রথম অধ্যায়ে তিনি এমন সমস্ত যুত্তি দেখিয়েছেন যেগালি এবসোলিউটলি ফেল করেছে। প্রথম অধ্যায়ের উত্তরে তিনি যেসমস্ত যুত্তির অবতারণা করেছেন তাতে তিনি আমাদের খ্ব কর্নভিন্স করতে পারেন নি। পশ্চিম বাংলার বির্দ্ধে কি কেউ আজ যুম্ধ ঘোষণা করেছে? পশ্চিম বাংলার জনসাধারণ কি একটা যুম্ধ ঘোষণা করেছে পশ্চিম বাংলা সরকারের বিরুদ্ধে? তারা কি বিদ্রোহ করেছে? কিম্বা তারা কামান, বন্দ্বক, গুলীগোলা নিয়ে কি রাইটার্স বিশিষ্ট্য ঘোষণা করেছে যে, তিনি এইরকম একটা কুখাতে আইন আমাদের সামনে এনে উপস্থিত করেছেন। এই বিলটা অতান্ত কুখাতে বিল। একমান্ত কংগ্রেস সরকারের আমলে তিন তিনবার সিকিউরিটি এান্তেইর এাামেন্ডমেন্ট হয়েছে।

আমায় খানিকক্ষণ বলতে দিতে হবে, স্যার। আপনারা ফলের দাম চড়িয়েছেন, লেব্র দাম চড়িয়েছেন, পেয়ারার দাম বাড়িয়েছেন, কেরোসিনের দামও বাড়াবেন, দেশলাইয়ের দাম বাড়াবেন, নারিকেল তেলের দাম বাড়াবেন, আমরা পয়সা দেব কোথা থেকে? (এ ডয়েসঃ গ্রুডামী কর্ন।) গ্রুডামী করলেও সিকিউরিটি এগ্রেই ধরবেন। বীরেনবাব্ যে হিসাব দেখিয়েছেন, তাতে তিনি প্রমাণ করে দিয়েছেন যে, সিকিউরিটি এগ্রেই গ্রুডাদের উপর প্রয়োগ করা হয় নি। গ্রুডাদের উপর বদি এই আইন প্রয়োগ করার দরকার হয় তাহলে কংগ্রেস ওরফের যিনি আমাদের শয়তান বলে গেছেন তাঁকে আগে গ্রুডা আইনে প্রেণ্ডার করা দরকার।

# [নয়েজ এয়ান্ড ইন্টারাপশন্স]

আমরা বেশ ভালভাবে জানি যে আমাদেরই ধরবার রাস্তা আপনারা তৈরী করছেন, আর তার জনাই আমবা চাংকার করছি এই সর্বনাশা বিলের বিরুদ্ধে প্রতিবাদ স্বরূপ।

### [At this stage the blue light was lit.]

সারে, আমার প্রথম অধ্যায়ে সাকুলেশনের জন্য এয়ামেন্ডমেন্ট থাকা সত্ত্বে আমি কিছ্ব বলি নি। আমাকে এখন খানিকটা সময় দিন। আমরা কেন এই বিলের বিরোধিতা করছি? তার মূল কারণ হচ্ছে, পশ্চিম বাংলায় বর্তুমানে এমন একটা অবস্থা আসে নি, যে অবস্থার পরিপ্রেক্ষিতে এই বিল আপনারা আনরন করতে পারেন। এমন একটা অবস্থার উল্ভব হয় নি, মানুষ আজকে স্টেটের বির্দেধ এমন একটা ষড়যন্ত্র করে নি, রাষ্ট্রকে জাহালমে পাঠাবার জন্য এমন একটা বিশ্লবাত্মক কিছ্ব করে নি, যার জন্য আজকে এই আইন করছেন। আমরা অবশা বলছি যে, প্রত্যেক দেশে শাসনযন্ত্র চালাতে গেলে কিছ্ব বিশেষ ক্ষমতা রাখতে হবে। কিম্তু বিশেষ ক্ষমতা রাখার একটা লিমিটেশন রয়েছে। তাই যেসমন্ত ধারাগ্রিল এই বিলের মধ্যে এনেছেন তার প্রত্যেকটি ধারার বিরন্ধে আমি তীর প্রতিবাদ করছি।

Mr. Speaker: You can speak those things in the third reading. এখন শ্ব্যু একটা ধারা কুজ ট্রুর কথা বল্ন।

#### St. Bibhuti Bhushon Chose:

আমি গোটা বিলটারই প্রতিবাদ কর্রাছ। একটা অগণতান্দ্রিক বিল আপনারা সাপোট করে বাবেন, আমাদের কোন কথাই রাখবেন না। আমাদের কোন ভাল কাজ আপনারা দেখতে পারেন না। আমরা ভুক্তভাগী।

[লাউড নয়েজ এয়ান্ড ইন্টারাপশন্স]

হাাঁ, চীংকার ত করবেনই, জেল ত খাটেন নি কোনদিন, আরামে বসে আছেন। ১৯৪৭ সালের পূর্বে কি করেছেন আপনারা?

স্যার, বি•কমবাব্ এই বিলের সাপোটে অনেক কিছ্ বলে গেছেন। কিন্তু আপনি জানেন সাার, বি•কমবাব্ কিরকম রাজনীতি করেছেন। জেলে তাঁকে কোনাদন থাকতে হয় নি। কাজেই উনি জানবেন কি করে এইরকমভাবে দিনের পর দিন অন্ধকারের মধ্যে জেলে থাকলে মান্বের মনের অবন্থা কি হয়, কি দ্বেসহ বেদনা তাকে ভোগ করতে হয়—তা বি•কমবাব্ আর জানবেন কি করে? ও'র রাজনীতির কথা জানতে আমার আর বাকী নেই। কারাভোগ না করেই তিনি এখানে এসেছেন। আমাদের মত আন্লিমিটেড পিরিয়ডের জন্য ও'কে ত জেলে থাকতে হয় নি।

[লাউড নয়েজ এ্যান্ড ইন্টারাপশন্স।] (এ ভয়েসঃ আনলিমিটেড সময়ের জন্য কবে জেলে গিয়েছিলেন?)

তা আর জানবেন কি করে?

#### Mr. Speaker:

ওসব কথা ছেড়ে দিয়ে তাড়াতাড়ি শেষ কর্ন।

#### 8j. Bibhuti Bhushon Chose:

ওদের বারণ কর্ন, স্যার। ওরা যদি খোঁচা মারে তাহ'লে আমরাও মারবো, ওরা ভদুলোকের মত বসে থাকলে আমরাও থাকবো।

[হাসা]

সেজনা আমি আবার অন্রোধ করব যে, সব কিছ্ই কর্ন কিল্কু লিমিট কর্ন। আনলিমিটেড এইরকম একটা আইন করে সকলের মনে একটা ভাঁতি, একটা সন্তাসের স্থিত করে
এই রাণ্টকৈ আপনারা আনপপ্লার করছেন। এটা আমাদের বোঝবার কোনরকম ধারণার
বাইরে চলে যাছে। সেইজন্য অন্রোধ করছি, এই বিলটা অগণতান্দিক, এটা আমরা চাই না।
কাজেই এই বিলটাকৈ প্রতাহার কর্ন। যাঁরা গণতন্দ্র বিশ্বাস করেন, যাঁরা গণতান্দ্রিক
আন্দোলনে বিশ্বাস করেন, তাঁরা কৃছ্তেই এটা সমর্থন করবেন না। পেনাল কোডে যথেন্ট
শক্তি দেওয়া হয়েছে, তাতেই আপনারা সমস্ত কিছ্ করতে পারেন। কিন্তু এটা অগণতান্দ্রিক,
এটা আনা উচিত নয়। আমাদের কথা না শন্নে যদি এই আইন প্রণয়ন করেন তাহলে আপনারাই
তার ফলভোগ করবেন, আমাদের আর কি?

[6-35-6-45 p.m.]

#### Sj. Monoranjan Hazra:

মাননীয় স্পীকার মহাশয়, আমি যে সংশোধনী প্রস্তাব দিয়েছি তাতে হচ্ছে যে, একদিনের জনাও—২৬শে জানুয়ারী পর্যস্ত এর পরমায় বাড়ান হচ্ছে, অর্থাৎ একদিনের বেশী নয়। কেন চাই না সেই কথাই বলছি। ডান্তার রায় উত্তর দিলেন এবং স্কুল্বভাবে কতকগ্লি জিনিষ বলে গোলেন। এখানে দুইটি জিনিষ স্পণ্টভাবে ফুটে উঠেছে। তিনি আবেদন করছেন গুক্তার বির্শেধ এই আইন প্রযুক্ত হবে। এতে সমস্ত মানুষ নিশ্চয়ই সমর্থন করবেন। গুক্তা দমনের জনা আমরা তাঁর সংগ্য একমত। গুক্তা দমনের জনা যাদ এটা হত তাহলে নিশ্চয়ই তাঁর সংগ্য সহযোগিতা করতাম। কিন্তু এর মধ্যে আর একটা ফাঁক আছে। এটা প্রয়োগ করা হছ্ছে কিভাবে। বহুতায় যখন শিক্ষক আন্দোলনের কথা উঠেছে বলে উল্লেখ করলেন যে, সেটা তাঁর কোন উপায় ছিল না বলে সিকিউরিটি আক্টে প্রয়োগ করা হয়েছে।

# Mr. Speaker:

কুজএর উপর বলনে। রিপ্লাই থার্ড রিডিংএ দেবেন।

# Sj. Monoranjan Hazra:

আমি এই ক্লএই বলছি। সেইজনা গভীর নিশীথ রাত্রে দুইটার সময় শিক্ষকদের ধরে নিয়ে যাওয়া হল, এরকম কোন সভ্য দেশে ঘটে না। এখানে সিকিউরিটি আট প্রয়োগ করার প্ররোচনা দেওয়া হয়েছিল এবং তার জনা জনসাধারণের চক্ষের অগোচরে গভীর রাত্রে শিক্ষক ও শিক্ষরিতীদের পর্বলশ ভাানএ করে নিয়ে যাওয়া হল। এই ঘটনা তিনি চেপে গিয়েছেন। এই সিকিউরিটি এাক্ট কিভাবে প্রয়োগ হছে সে সম্বন্ধে তিনি চেপে গিয়ে বাঘ য়েমন নামার্বাল গায়ে দিয়ে বলে, ভয় নেই, সেই রকম বলছেন। এখানে তিনি ডিফেন্সিভভাবে বক্তৃতা দিলেন। এই রকম একটা অনায়ে আইন, খারাপ আইন করছেন তার কারণ হছে এই বাংলাদেশে পঞ্চবার্ষিকী পরিকল্পনার জনা ফেভাবে মান্ষের উপর কর চাপান হছে তাতে তারা বিরোধিতা করবেই এবং সেটা দমন করার জন্য এই সিকিউরিটি এাক্টএর প্রয়োজন আছে। সেইজনা ডান্ডার রায় অত্যন্ত শান্তভাবে বক্তৃতা দিলেন—বাঘ নামার্বাল গায়ে দিয়ে বলল, ভয় নেই। সেইজন্য আমরা বলছি য়ে, পরীক্ষিতের য়েমন জন্ম হ্বার পরই মৃত্যু হয়েছিল সেই রকমভাবে এই বিল হবার পরই এটা যাতে বিনাশ হয় সেইজন্য আমি এই সংশোধনী প্রস্তাব দিয়েছি।

#### Sj. Kanai Lal Bhowmick:

মাননীয় স্পীকার মহাশয়, আমি এই বিলের তীব্র বিরোধিতা করছি। এর প্রত্যেকটি ক্লন্ত্রপাশ করাতে সরকারকে তীব্র বিরোধিতার সম্মুখীন হতে হবে। আমি এই বিলের মেয়াদ বাড়াবার বিরোধী, একদিন বাড়াবারও আমবা বির্দেধ। যেহেতু আইনেব মধ্যে একটি সময় দেওয়া দরকার সেজনা ফেব্রুয়ারী মাস প্র্যানত বাড়াবাব কথা বলছি, কিন্তু ম্লতঃ আমরা এই আইনকে একটা দিনের জন্তে চাই না।

#### Mr. Speaker:

একটা দিনের জনাও চাই না. এটা তো প্রত্যেকেই বলেছেন। কিছু বললেই তো বলবেন, স্পীকার ইন্টারফিয়ার করছেন।

#### Si. Kanai Lal Bhowmick:

স্যার, প্রোনো বিল এ'রা বার বার আনছেন, স্তরাং একই কথা তো বলতেই হবে।

#### Mr. Speaker:

ना स्मिणे ठिक नय।

#### Sj. Kanai Lal Bhowmick:

এই বিলে যে ধারাগ্রিল আছে তাতে আমাদের তিক্ত অভিজ্ঞতা থেকে জানি যে, যথনাই কোন গণতাল্যিক আন্দোলন হয়েছে তা দমন করবার জন্য এই বিল প্রযুক্ত হয়েছে। আমাদের মাননীয় ম্থামন্ত্রী মহাশায় বলেছেন শ্রীয়ত স্থান মালক চৌধ্রী মহাশায়ের ঘটনা দিয়ে যে গ্রুডামি দমন করবার জন্য তাঁকে আসতে হয়েছিল ম্থামন্ত্রীমহাশায়ের ঘটনা দিয়ে যে গ্রুডামি দমন করবার জন্য তাঁকে আসতে হয়েছিল ম্থামন্ত্রীমহাশায়ের কাছে। তাহলে তথনও তো সিকিউরিটি এ্যাক্ট ছিল কিন্তু তা সত্ত্বেও কেন মাননীয় সদস্যকে মন্ত্রীমহাশায়ের কাছে ধল্লা দিতে হয়েছিল গ্রুডা দমন করবার জন্য। আসলে ও'দের কুমতলব আছে, গ্রুডা দমন করা ও'দের উন্দেশ্যা নয়, আসল উন্দেশ্যা হছের রাজনৈতিক দলের বির্দ্ধে কংগ্রেস পার্টির আন্দোলনের বির্দ্ধে, যে কোন বিরোধী পার্টির বির্দ্ধে এই আইন প্রয়োগ করাই আসল উন্দেশ্যা। তাছাড়া আমরা দেখেছি, কংগ্রেস পক্ষ থেকে মনেকে উন্দোনি দিয়ে বক্ত্বতা করে, যাতে প্রচুর বিষ থাকে, যাতে রাজের সেফটি এবং স্টোবিলিটি বিপান হতে পারে তাদের বির্দ্ধে তো কোনদিন এই আইন প্রযুক্ত হতে দেখি না? যেকথা মাননীয় সদস্য সরোজ রায় মহাশায় বলে গেলেন যে, ১৫ই আগণ্ট কংগ্রেস প্রাদেশিক কংগ্রেস সভাপতি যে, উত্তেজনাম্লক কক্ত্বতা দিয়েছিলেন, আর একটা রাজনৈতিক পার্টিকে আক্রমণ করে যে উন্কানি দিয়েছিলেন, যে ভাষা প্রয়োগ করেছিলেন—সেকথা "আনন্দবাভার পরিকা", "যুগান্তর" এবং "স্টোসম্যান" প্রভৃতি প্রত্যেকিটি পরিকার বেরিয়েছিল—কিন্তু তার বির্দ্ধে সিকিউরিটি বিলের একটি ধারাও তো প্রযুক্ত হয় নি? সেজন্য মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের আশাণকা করার যথেণ্ট কারণ হছে

এই বে, এই বিল আমাদের বির্দেখ গণতান্তিক আন্দোলনের বির্দেখ প্রযান্ত হবে। সেইজনাই বলছি যে, এই 'বিলের মেয়াদ একদিনের জনাও বাড়ানোর আমরা বির্দেখ। সেজনা যে সংশোধনী প্রদতাব দিয়েছি তাতে বিলের মেয়াদ পাঁচ বছর না করে তা কমানোর জন্য এই এয়ামে ডমেণ্ট দিয়েছি।

#### Sj. Rameswar Panda:

মাননীয় স্পীকার মহাশয়, আমার একটা এ্যামেন্ডমেন্ট আছে। সেটা হচ্ছে এই যে, আইনের মেয়াদ ১৯৫৮ সাল পর্যক্ত বাড়ান, হোক। এই আইনের প্রথম স্ছিট হয় ১৯৫০ সালে। তথন কি অবস্থা দেশের ছিল, এরকম আইনের প্রয়োজনীয়তা তথন আদৌ ছিল কিনা, সে সন্দর্শেধ অনেক আলোচনা ইতিপ্রে হয়েছে। এ আইন নতুন নয়. এটার প্নরায় মেয়াদ ব্রন্থিকরা হছে মাত। এ আইন যথন প্রথম হয় তথন দেশব্যাপী আন্দোলন হয়েছিল এবং কোন সভা দেশে নাগরিক অধিকার এভাবে ক্ষ্ম করে এ ধরণের আইন হয় কিনা সন্দেহ। যে আইন মাত ২।৩ বছরের জন্য হয়েছিল আজ সেটারই মেয়াদ পাঁচ বছর বাড়াবার জন্য চাওয়া হয়েছে। বাস্তবিক পক্ষে প্রবিত্তী বক্তারা বলে গেছেন যে, আইনের মেয়াদ একদিনও বাড়ান উচিত নয় —এটা ঠিক কথা—তবে যথন বাড়াবেনই তথন যত কম বাড়ে সেজনাই আমি টাইম-লিমিট কমিয়ে দিলাম যে, ১৯৫৮ সাল পর্যক্ত এ আইনটাকে করে দেওয়া হোক, তারপর আবার আইনসভায় এটাকে আনতে হবে। তথন যদি আইনসভা মনে করে, এটা বাড়ান দরকার কিংবা দরকার নাই, সেটা তথন ঠিক হবে। রাজাশাসন করতে গেলে আইনের প্রয়োজন আছে, এটা ঠিক কথা, কিন্তু কিরকম আইন হওয়া উচিত?

ন রাজ্ঞা মৃদ্নাভাবাং
মৃদ্নিত পরিভূয়তে।
ন চাপি ভাবাং তীক্ষোন—
তীক্ষাদ্বিজতে জনঃ—

অর্থাৎ রাজা কেমন হবে <sup>2</sup> খ্ব মৃদ্ নয়, কারণ দুজের দমন চাই কিন্তু তা বলে খ্ব কঠিন হবেন তাও ঠিক নয়, কারণ তীক্ষা হলে সে রাজা আনপপ্লার হবে। এটা হল কথা। অতএব মেয়াদ যথন বংড়াবেনই তথন যতটা কম বাড়ান যায়, সেজনাই ১৯৫৮ সাল পর্যন্ত মেয়াদ রাখতে বলছি।

[6-45 6-55 p.m.]

#### Sj. Bankim Mukherji:

মাননীয় স্পীকার মহোদয়, এই ক্লজটি হঠাৎ এল কেন? এই পাঁচটা কি ম্যাজিক নাম্বার? এর পূর্বে যখন সিকিউরিটি বিল এসেছে তখন কারণ শূনা গিয়েছিল যে, বিশেষ কোন পরিস্থিতি এবং সেই পরিস্থিতি যখন সাধারণ আইনের দ্বারা সামলান যাচ্ছে না এরই জন্যে এই অবিশেষ পরিস্থিতির জনো এই অবিশেষ আইনের প্রয়োজন হয়েছিল। আমি ব্রুবতে পারি ১৯৪৮, '৪৯ বা '৫০ সালে কিছুটা হয়ত এর প্রয়োজন ছিল। নতুন শাসন প্রবর্তনের কালে কিছুটো অব্যবস্থা এসেছিল যার জনো সাধারণ আইন পর্যাপ্ত ছিল না। সেখানে মতপার্থকা থাকতে পারে। হয়ত তাঁরা মনে করেছিলেন যে, নতুন শাসনব্যবস্থা যথন হচ্ছিল তথন গভর্ণমেণ্টের ভিত্তি দুঢ় নয় সে সময় তাদের একটা অসাধারণ আইনের দরকার হয়েছিল। এর পূর্বে যখনই সিকিউরিটি বিল আনা হয়েছে দ্ব' বছরের জন্যে তিন বছরের জন্যে তাকে চাওয়া হয়েছে অর্থাৎ এর মধ্যে অবস্থা ভাল হবে এট্রকু আশা করেছিলেন। ভেবেছিলেন ১৯৫৬ সালের ২৬শে জানুয়ারী পর্যন্ত যদি সময় পাই তাহলে তার ভিতরে আমরা এমন অবস্থা আনতে পারব যখন আয় এই সিকিউরিটি বিলএর প্রয়োজন হবে না। কিন্তু এই যে কুন্দটিতে পাঁচ বছরের জন্যে মেয়াদ বাড়াতে চাইছেন ত্রীতেই ব্রুমা যাচ্ছে, এই সিকিউরিটি বিল এতদিন থাকার জন্যে অবস্থার উর্মাত হওয়া দুরে থাকুক এত অবনতি ঘটেছে যে, আজ একদম পাঁচ বছর চাই। কিল্ড পাঁচ বছর কেন, কেন বা শ্বাশ্বত নয়? যদি তাঁরা মনে করেন যে, অবস্থাটা বরাবর এমনি থাকবে, কারণ যে যুক্তি আজ শ্নলাম এই যুক্তি দু' বছর আগেও শ্নেছি, দু' বছর পরেও শানতে পারি—তাহলে তাঁদের সাহস নেই কেন ইণ্ডিয়ান স্ট্যাটিউটএর ভিতরে তাঁরা এটাকে চিরকালের জন্যে কেন ধরে রাখা? আমাদের বাংলাদেশে দশশালা বন্ধোবসত, চিরস্থায়ী বন্ধোবসত এসেছে এটাকেও শ্বাশ্বত বন্ধোবস্তের পূর্বাভাষ বলে মনে আশ্ব্রু হয়। কি বিশেষ পরিস্থিতির আশ্ব্রু ডাঃ রায় আগামী পাঁচ বছরের জন্য করছেন যার জন্যে এ রক্ষ একটা অবিশেষ আইনের প্রয়োজন হ'ল? এতগালি কেস হয়েছে......

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Last year the amendment was for six years.

#### Sj. Bankim Mukharji: For three years.

যাই হোক. তিনি বলেছেন, এতগর্মাল কেস হয়েছে, এতগর্মাল কর্মাভকশন হয়েছে, সেই রিপোর্ট শ্বনে তার ইন্টারপ্রিটেশন, তার তাৎপর্য ব্যাখ্যায় কি হ'ল? আমি যেট্রকু শ্বনলাম তাতে ব্রুলাম প্রলিসী বেড়াজালে বাংলার চারিদিক ঘিরে ফেলা হচ্ছে। এতগালি লোক যে ছাড়া পেল তাদের জন্যে প্রধানমন্ত্রীর চিত্তে এতট্টকু নাড়া দিল না যে, তাদের মধ্যে যদি একজনও নিরপরাধী থাকে তাহলে সেই ভদ্রলোকের প্রতি অন্যায় করা হয়েছে? তার কি খেসারং এই গভর্ণমেন্ট দিয়েছে? প্রালস যাকে পেল ধরে নিল। কি করে কোন সভা দেশে সভা নাগরিকের বিরুদ্ধে এই ব্যবস্থা চলতে দেওয়া চলে? যেসমুস্ত লোক ধরা পড়ে সুবই পুথচারী যেমন এখানে যখন কর্ডন প্রভৃতি হয়, যখন কোন গোলমাল হয় বেচারী পথচারী যায়া जारनत वितः एप रा नाक्ष्मा दर आगा करतिक्रिनाम वाध दर जारनत करा काम करा अत मर्पा পাব। তা যদি পেতাম যদি দেখতাম সরকার পক্ষ থেকে তাদের জন্য খেসারত দেবার ব্যবস্থা রাখা হয়েছে তাহলে এর যৌত্তিকতা ব্রুতাম। কিন্তু সেখানে এরা নির্বিকার ত রকম সাধারণ গরীব মান্য দ্'-দশটা ধরা পড়ল তাতে কি হয়েছে? হব্চন্দ্র রাজার গব্চন্দ্র মন্ত্রী হলে যে আশুকা আজ বাংলাদেশেও যা হচ্ছে, সেটাও তাই। আমি যে কথা বলেছি যে, বার বার সিকিউরিটি বিলএর মেয়াদ বাডিয়েও যদি অবস্থার উন্নতি না হয়ে থাকে, তা থেকে কি প্রমাণ হয় না যে, এই বিল থাকা অন্যায়? ডাঃ রায় দ্-একটা কথা বলতে উঠে বললেন, আমাদের দিক থেকে স্ত্দবাব্ সিকিউরিটি এাক্ট চেয়েছেন–অপোজিশনএর দিক থেকে বলেছেন সিকিউরিটি এ্যাক্ট দেওয়া হ'ক। আমি তাঁদের কাছে এরকম কিছু শুনি নি।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: It is absolutely true and Suhrid Babu cannot deny it.

#### Si. Bankim Mukherji:

স্ত্দবাব্ পার্সোন্যাল এক্কণলানেশন দেবেন। নিশ্চয়ই তিনি নিজের সিকিউরিটি চান নি এবং সিকিউরিটি এয়ক্টের সাহায্য চান নি।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: You can ask him.

#### 8i. Bankim Mukherji:

এ রকম সিকিউরিটি এন্ট্র দিয়ে কোন জায়গায় সেফটি দেওয়া যায়, তা আমার মনে হয় না।

যাই হোক, কি বিশেষ পরিস্থিতির জনো এ রকম একটা জিনিষ হাতে রেখে দেওয়া, য়ায়
অপপ্রয়োগ তিনি নিজে যে স্টেটমেন্ট দিলেন তা থেকেই পরিস্কার ব্রা য়ায়? ৮০ পারসেন্ট,
কোন কোন জায়গায় ৯৮ পারসেন্ট অপপ্রয়োগ হয়েছে। এই যে এতগ্লি লোকের হয়রানি,
এর কি অর্থ হতে পারে? আপনি হয়ত ২ পারসেন্ট, ১০ পারসেন্ট যা কনভিক্টেড হয়েছে
তাই দেখিয়েছেন, কিন্তু কিভাবে কর্নভিক্টেড হয়েছে? ওপেন কোর্ট এ সর্বপ্রকার স্নুবিধা বদি
তাদের থাকত তাহলে হয়ত কোন পারসেন্টই ক্রভিক্টেড হত না। সেই জায়গায় আমি দেখাছি
য়ায়া ব্রেক্স্র থালাস পেল তাদের যে হয়রানি তার সম্বন্ধে কি বছবা? তাদের বিরুদ্ধে যে
লাছ্মনা..... (দি অনারেবল ডাঃ বিধানচন্দ্র রায়ঃ আহা, আহা।) তার প্রতিকার কি? আমি
জানি বদি কোনদিন আমি প্রধানমন্দ্রী হই সেদিন আপনাকে ওখানে বসে 'আহা, আহা' করতে
শ্নেব না।

[6-55-7-5 p.m.]

# The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

চার মণ তেলও প্রভূবে না, রাধাও নাচবে না।

### Si. Bankim Mukherji:

রাধা নাচবে।.....

অবশ্য আমার হতাশা, আমার ভয় এই যে, আপনার বয়েস যেটা হয়েছে, সেই বয়েস, ততদিন আমি পাব না; নইলে আমি এ বিষয় নিঃসন্দেহ যে, ঐতিহাসিক রথ চক্র যে কোথায় গিয়ে পে'ছাবে, এই জয়যাত্রার শেষ কোথায় সেটা আপনি বেশ ভাল করেই জানেন। হিসটোরিক্যাল অবশ্যম্ভাবিতা বলে একটা জিনিষ আছে, কিন্তু আমাদের দুর্ভাগ্য, আপনাকে তো আর তথন পাবো না ''আহা, আহা" করতে? [হাস্যরোল]

8j. Suhrid Kumar Mullick Chowdhury: Mr. Speaker, Sir, I want to speak on a personal explanation.

মাননীয় স্পীকার মহোদয়, মুখ্যমন্ত্রী মহাশয় আমার নাম করেছেন এবং বলেছেন, আমার সিকিউরিটির জন্য আমি তাঁর কাছে গিয়েছিলাম। ব্যাপার ষেটা ঘটেছিল, সেটা আমার বাড়ীর কাছে এবং মন্ত্রী শ্রীষ্ট্রত হেমচন্দ্র নম্করের বাড়ীর আরও কাছে, সেখানে.....

#### Mr. Speaker:

আপনি এইসব অবাশ্তর কথা বলছেন কেন? দ্যাট ইজ নট এ পারসোন্যাল এক্সপোনেশন। আপনি ফাস্টেস বলুন।

#### 8j. Suhrid Kumar Mullick Chowdhury:

ফ্যাক্টস্এ আসছি। এথানে চিংড়িহাটা বোন্ মিলে, যার সংগ্গে আমাদের মাননীয় সদস্য জে, সি, গৃংত মহাশয়ও সংশিল্প আছেন—তারই কাছে আর একটা কারখানা আছে, সেটা হচ্ছে ইণ্ডিয়া সাইকেল ফ্যাক্টরি, এই দুটার একই প্রোপ্রাইটর.....এই কারখানা দুটোয় দ্বাইক চলছে।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: He never said that, he came for the protection of himself. He said he came so that the area in which he and Amar Babu were living, which was being infected with goondas, be freed of them or something like that.

#### 81. Suhrid Kumar Mullick Chowdhury:

মাননীয় প্পীকার মহাশয়, মাননীয় শ্রীঅমর বস্ মহাশয় ঐ অঞ্চল থাকেন না। তিনি শ্ধ্
আমার সংগ্য গিরেছিলেন। তা ছাড়া কাউকে সিকিউরিটি এট্টএর সাহায্যে এট্রেন্ড করবার
জনা তাঁকে বলি নি। আমাদের ঐ অঞ্চলে শ্রমমন্দ্রী কালী ম্খাঙ্গী মহাশয় ও অন্যান্য মন্দ্রীদের
সহযোগিতাপ্টে একদল কংগ্রেসীর উন্ফানিতে এবং আই, এন, টি, ইউ, সি-র পোষা গ্র্পডা
কয়েক জনের অপকর্মের ফলে ঐ অঞ্চলের শান্তি বিঘিতে হয়েছে, গ্র্পডারা ঘরবাড়ী জনুলিয়েছে,
ল্ঠেতরাজ ইত্যাদি করেছে। এ ঘটনা অমরবাব্ নিজে দেখে এসে ম্খামন্দ্রীকে বলেছেন।
ম্খামন্দ্রীর মারফং এইমান্ত সংবাদ পেলাম যে, তাদের এটারেন্ট করা হয়েছে, এজনা আমি তাঁকে
ধনাবাদ দিচ্ছি। কিন্তু সিকিউরিটি এট্টেএ তাদের এটারেন্ট করান আমার উন্দেশ্য ছিল না।
প্রিসের ওপর যাতে অন্য কোন বিভাগের মন্দ্রী বা কংগ্রেসকর্মী অযথা হন্তক্ষেপ করে প্রভাবিত
না করেন এবং দ্বন্ফ্রতকারীরা যাতে যথোপযুক্ত শান্তি লাভ করে এবং বেলেঘাটা অঞ্চলের
প্রতিপত্তিশালী কংগ্রেসীদের অপচেন্টারুম্খনন্টীর কাছে গিরেছিলাম।

Mr. Speaker: I will put the main clause first.

Sj. Subodh Banerjee: On a point of order.

তা কি হতে পারে? আপনাকে আগে সংশোধন প্রস্কাবের উপর ভোট নিতে হবে। ধে সংশোধন প্রস্কাব সর্বাপেক্ষা বেশী। সময় নির্দেশ করেছে সেটা যদি পরাজিত হয়, তখন কম সময় নির্দেশ করা প্রস্কাবগর্নি আপনাআপনি পরাজিত হয়। তাদের উপর ভোট নেওয়া হয় না। এই হল আইন। আমরা তাতে কিছু বলছি না,.....।

Mr. Speaker: What is your point of order?

#### Sj. Subodh Banerjee:

আসছি, আসছি। এইভাবে যথন সর্বাপেক্ষা বেশী সময় নির্দেশ করা সংশোধন প্রহতাবটি পরাজিত হবে, তারপর আপনি মেন ক্লজ অফ দি বিল ধরতে পারেন, এর আগে আপনি ধরতে পারেন না। আগে সংশোধন প্রহতাব আপনাকে ডিসপোজ অফ করতে হবে।

You are to dipose of the amendment fixing the maximum time-limit first. After it is disposed of then and then only you can proceed to the main clause of the bill.

আপনি মেন রুক্ত আগে ধরে অন্য সংশোধন প্রস্তাবগর্নিকে হঠিয়ে দেবেন, এ রক্ষম হতে পারে না। তা বেআইনী।

Mr. Speaker: I would only request Mr. Subodh Banerjee—he is such an able parliamentarian, he is so much conversant with the rules—I would only draw his attention to rule 44(2) which says 'it shall be the discretion of the Speaker to put first to vote either the original motion or any of the amendments as he thinks fit'. Therefore, I have taken the original motion, because it is a time clause, and the others will fall through.

#### Sj. Subodh Banerjee:

অবশ্য এ কথা কেউ অস্বীকার করছে না যে, স্পীকার মহাশয় সবসময়ই তাঁর ডিসক্রিশন ইউজ করতে পারেন। এটা আমরা চ্যালেঞ্জ করতে পারি না। কারণ আইনে যে ক্ষমতা দেওয়া আছে তাতে স্পীকার হলেন প্রায় "পরমব্রহ্ম", যা ইচ্ছা তাই করতে পারেন, ডিসক্রিশন ইউজ করার পক্ষে। কিন্তু আমার বন্তব্য হল, আপনি এই ডিসক্রিশন ইউজ এখানে কেন করবেন?

Mr. Speaker: For the simple reason that it is only a change of word, from 1961 to different figures.

The question that clause 2 do stand part of the Bill was then put and a division was called.

[When the bell was ringing, Sj. Ananda Gopal Mukherjee was seen going to the Communist Party Benches. A little later there was some excitement at that place which was followed by a general uproar.]

Mr. Speaker: The House stands adjourned for five minutes.

[After adjournment.]

[Excitement continued.]

Mr. Speaker: The House is adjourned till 9-30 a.m. tomorrow.

### Adjournment

The House was accordingly adjourned at 7-5 p.m. till 9-30 a.m. on Saturday, the 10th September, 1955, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Saturday, the 10th September, 1955, at 9-30 a.m.

#### Present:

Mr. Speaker (The Hon'ble Salla Kunar Mukherjee) in the Chair, 15 Hon'ble Ministers, 12 Deputy Ministers and 190 Members. [9-30-9-40 a.m.]

#### COVERNMENT BILL.

#### The West Bengal Security (Amendment) Bill, 1955.

Clause 2

Mr. Speaker: I shall now put the clause before the House.

The question that clause 2 do stand part of the Bill was then put and a division taken with the following result:--

#### AYES-103.

Abdul Hameed, Janab Hajee Sk.
Abdus Shokur, Janab
Abul Hashem, Janab
Atawal Ghani, Janab Abul Barkat
Bandopadhaya, Sj. Khagendra Nath
Bandyopadhyay, Sj. Smarajit
Banerjee, Dr. Srikumar
Barman, The Hon'ble Syama Prasad
Basu, The Hon'ble Satyendra Kumar
Bergat, Sj. Mangaldas
Bhattacharjee, Sj. Shyamapada
Bhattacharyya, Sj. Syama
Biswas, Sj. Raghunandan
Bose, The Hon'ble Pannalal
Chakravarty, Sj. Bhabataran
Chatterjee, Sj. Bijoylal
Chatterjee, Sj. Satyendra Prasanna
Chattopadhyay, Sj. Sarojranjan
Das, Sj. Kanai Lal (Dum Dum)
Das Adhikary, Sj. Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Sj. Haridas
Dhar, The Hon'ble Dr. Jiban Ratan
Digar, Sj. Kiran Chandra
Fazlur Rahman, Janab S. M.
Gayen, Sj. Brindaban
Ghose, Sj. Kshitish Chandra
Ghosh, Sj. Bejoy Rumar
Ghosh, Sj. Tarun Kantl
Ghosh Maulik, Sj. Satyendra Chandra
Giasuddin, Janab Md.
Gupta, Sj. Nikunja Behari
Haldar, Sj. Kuber Chand
Halder, Sj. Jagadish Chandra
Hasda, Sj. Loso
Jalan, The Hon'ble Iswar Das
Jana, Sj. Prabir Chandra
Jha, Sj. Prabir Chandra
Jha, Sj. Prabir Chandra

Lahiri, SJ. Jitendra Nath Lutfal Hoque, Janab Mahata, Sj. Mahendra Nath Maiti, Sjkta, Abha Maiti, Sj. Pulin Behari Maiti, Sj. Subodh Chandra Majhi, Sj. Nishapati Mal, Sj. Basanta Kumar Maliah, Sj. Pashupatinath Mandal, Sj. Umesh Chandra Maroai, 5). Sowrindra Mohan Misra, 8). Sowrindra Prasad Misra, 8). Sankar Prasad Modak, 8). Niranjan Mohammed Israil, Janab Mojumder, Sj. Jagannath Mondal, Sj. Baidyanath Mondal, SJ. Rajkrishna Mondal, Sj. Sishuram Moni, Sj. Dintaran Mukharji, The Hon'ble Dr. Amulyadhan Mukherjee, Sj. Kali Mukherjee, Sj. Sambhu Charan Mukherji, The Hon'ble Ajoy Kumar Mukherji, Sj. Pijush Kanti Mukhopadhyay, Sjkta. Purabi Murmu, Sj. Jadu Nath Naskar, Sj. Ardhendu Sekhar Naskar, The Hon'ble Hemohandra Panja, The Hon'ble Jadabendra Nath Panja, The Hon'ble Jadabendra Na Paul, 8j. Suresh Chandra Poddar, 8j. Anandilall Pramanik, 8j. Tarapada Rafiuddin Ahmed, The Hon'ble Dr. Ray, SJ. Jajneswar Roy, SJ. Bijoyend Dr. Bidhan Chandra Roy, SJ. Bijoyendu Narayan Roy, SJ. Biswanath Roy, Sj. Nepal Chandra Roy, Sj. Prafulla Chandra Roy, The Hon'ble Radhagobinda Roy, 8J. Ramhari Roy, Sj. Surendra Nath

Roy Singh, Sj. Satish Chandra Saha, Dr. Sisir Kumar Santai, Sj. Balóya Nath Saren, Sj. Mangai Chandra Sarkar, Sj. Bejoy Krishna Sen, Sj. Narendra Sen, Sj. Narendra Nath Sen, Sj. Rashbehari Sen Gupta, Sj. Gopika Blias Sharma, Sj. Joynarayan Shaw, SJ. Mahitosh Tafazzai Hossain, Janab Tarkatirtha, SJ. Bimalananda Tripathi, SJ. Hrishikesh Trivedi, SJ. Goalbadan Wangdi, SJ. Tenzing Yeakub Hossain, Janab Md. Zainal Abedin, Janab Kazi Zaman, Janab A. M. A.

#### NOE8-41.

Baguli, SJ. Haripada
Banerjee, SJ. Biren
Basu, SJ. Ajlt Kumar
Basu, SJ. Amarendra Nath
Basu, SJ. Hemanta Kumar
Bera, SJ. Sasabindu
Bhandari, SJ. Sudhir Chandra
Bhattaoharlya, SJ. Mrigendra
Bhattaoharya, Dr. Kanailal
Bhowmick, SJ. Kanai Lal
Bose, Dr. Atindra Nath
Chakrabarty, SJ. Ambica
Chatterjee, SJ. Haripada
Chatterjee, Dr. Hirendra Kumar
Choudhury, SJ. Subodh
Chowdhury, SJ. Benoy Krishna
Dai, SJ. Amulya Charan
Dalui, SJ. Nagendra
Das, SJ. Natendra Nath
Das, SJ. Ralpada
Das, SJ. Ralpada

Dey, SJ. Tarapada
Chosai, Sj. Hemanta Kumar
Chose, SJ. Bibhuti Bhushon
Ghose, SJ. Jyotish Chandra (Chinsurah)
Ghosh, SJ. Ganesh
Chosh, Dr. Jatish
Haldar, SJ. Nalini Kanta
Hazra, SJ. Malini Kanta
Hazra, SJ. Malini Kanta
Hazra, SJ. Madan Mohon
Mahapatra, SJ. Balailaj Das
Mitra, SJ. Mripendra Gopai
Naskar, SJ. Gangadhar
Ray, Dr. Narayan Chandra
Ray Chaudhuri, SJ. Sudhir Chandra
Saha, SJ. Madan Mohon
Sahu, SJ. Janardan
Sarkar, SJ. Dharani Dhar
Satpathi, Dr. Krishna Chandra
Tah, SJ. Dasarathi

The Ayes being 103 and the Noes 41, the motion was carried.

- 8j. Anandilal Poddar: On a point of order, Sir. Three members entered this House after the gates were closed. Is it allowed?
- Mr. Speaker: Under the new system of voting, this may be allowed in between voting on clauses.

#### Clause 3.

- 8j. Canesh Chosh: Sir, I beg to move that for clause 3, the following be substituted, namely:—
- "3. In section 2 of the said Act,-
  - (1) clause (4) shall be omitted:
  - (2) item (ii) of sub-clause (a) of clause (9) shall be omitted;
  - (4) in item (iii) of sub-clause (b) of clause (9), the words 'or liquids' shall be omitted."
- 8j. Monoranjan Hazra: Sir, I beg to move that in clause 3, before sub-clause (1), the following new sub-clause be inserted, namely:—
  - "(A1) in clause (1), the words beginning with 'or power' and ending with 'the community' shall be omitted;".
- 8j. Sasabindu Bera: Sir, I beg to move that after clause 3(1), the following sub-clause be inserted, namely:—
  - "(IA) in clause (9), the words 'or is likely' shall be omitted:".

**Sj. Suhrid Kumar Mullick Chowdhury:** Sir, I beg to move that after clause 3(2), the following sub-clause be added, namely:—
"(3) sub-clause (d) of clause (9) shall be omitted."

#### 8j. Ganesh Chosh:

মিঃ দপীকার, স্যার, এই সিকিউরিটি বিলের সংশোধনের উদ্দেশ্যে যে সংশোধনী প্রদতাব সরকার পক্ষ থেকে এসেছে, আমি সেই সংশোধনী প্রদতাবের বির্দেধ মূল এগ্রের মূল প্রদতাবটাকেই রাখতে চাই। কারণ তার পিছনে কিছ্টা যুদ্ধি আছে। সংশোধনী প্রদতাবের একটি অংশ সিভিয়ার রাইটিং সম্পর্কে আব একটা অংশ শুধ্ ভাষামূলক পরিবর্তন সম্পর্কে: তার সঙ্গে আমি আব একট্ যোগ করতে চাই যে মূল আইনের ২নং ধারার ৯নং উপধারার ২নংএ যেখানে আছে—'সেফ্টি এগ্রুড দুলে দিতে চাই। স্বিন্তি তাই সংজ্ঞা দেওয়া হয়েছে; আমি এইট্কু তুলে দিতে চাই। [9-40—9-50 p.m.]

সে সম্পর্কে আমি এটকু বলতে চাই। সাব্ভাসিভি এটি বলতে মূল আইনের যে কথা বলা হয়েছে তার পরিবর্তে আমি বলতে চাই, "সাব ভার্সিভ এন্ট্র তাকেই শুধু, বলা হবে যেসমুস্ত কাজ সাম্প্রদায়িক হাণ্যামা সুষ্টি করে কিন্বা সাম্প্রদায়িক সম্প্রীতি নন্ট করে"। সরকারী প্রস্তাবে আছে সাবভার্সিভ এটে বলতে বোঝায়—যেসমুহত কাজ রান্ট্রের নিরাপত্তা ও রান্ট্রের স্থিতি বিঘাত করে। আমি বলতে চাই এবং আমাদের বিরোধী পক্ষের কথা এই যে "রাড্টের নিরাপত্তা, রাম্থের দিথতি বিপন্ন করে", এই যে কথাগুলি মূল আইনে দেওয়া হয়েছে এর অর্থ অতান্ত ব্যাপক। যিনি এই আইন প্রয়োগ করবেন, তাঁর নিজের ধারণা, তাঁর নিজের দুণ্টিভগগী, তাঁর নিজের চিন্তাধারা অনুযায়ী রাজ্যের "নিরাপত্তা ও রাজ্যের স্থিতি" সব সময় ব্যাখ্যা করা হয়। ডাঃ বিধানচন্দ্র রায় যদি কখনও এই আইন প্রয়োগ করেন তখন "রান্ট্রের নিরাপত্তা রান্ট্রের স্থিতি" প্রভাত "বডলোকের নিরাপত্তা, বডলোকের স্থিতি", এইভাবেই ব্যাখ্যা করা হবে। যদি একটি পুলিস কনস্টেবল এই আইন প্রয়োগ করতে চায় তাহ'লে "রাডেট্র নিরাপত্তা, রাডেট্র স্থিতি বিপন্ন হবে" বলে সে মনে করবে তথন, যখন তার ঘ্যম্ব নেওয়া বন্ধ হয়ে যাবার সম্ভাবনা দেখা যাবে। এই রকমভাবে এই যে একটা কথা "রাষ্ট্রের নিরাপত্তা, রাষ্ট্রের স্থিতি" বলা হয়েছে এটা অতানত ইলাস্টিক এবং অতানত ভেগ কথা। রাজ্যের নিরাপ্তা নিশ্চয় বিঘাত হয় মুখন কেউ সেই রাষ্ট্রকে পররাষ্ট্রের পদানত করতে চায় : রাষ্ট্রের নিরাপত্তা এবং রাষ্ট্রের স্থিতি তথ্যই বিঘিত হয়, যথন একটা দেশ আর একটা দেশের সঙ্গে যুদ্ধে নামে, যে যুদ্ধে হেরে গেলে রাষ্ট্রের নিরাপন্তা, রান্ট্রের ভিত্তি, রান্ট্রের গৌবব, মান সব কিছুই অনিশ্চিত হয়ে পড়ে। বর্তমান অবস্থায়, বিশেষ করে ১৯৫৫ সালে সেই রকম কোন সম্ভাবনা আছে কি যে আমাদের ভারতবর্ধ পররাজ্যের পদানত হয়ে যাচ্ছে, এবং আমাদের ভারতবর্ষের মান সম্মান, স্থিতি সমস্ত কিছুই ধ্বংস হয়ে যাছে? সেই সম্ভাবনা আছে কি? যদি থাকে তবে ডাঃ রায় কিম্বা সরকার পক্ষ সেটি আমাদের প্রমাণ করে দিন যে হ্যাঁ, রাণ্ট বিঘিত্ত হচ্ছে। তাহ'লে নিশ্চয় আমরাও এই রাণ্ট্রকে বাঁচাবার জন্য এগিয়ে যাবো, এবং শুধু, এই আইন কেন, এর চেয়ে আরো কঠোর আইন তৈরির জন্য আমরা সরকার পক্ষকে সর্বতোভাবে সমর্থন করবো। কিন্তু আজকে এই নিরাপত্তা আইন কিভাবে প্রযুক্ত হচ্ছে? বহু, ব্যক্তি বলে গেছেন যে, একটা স্টাইক হলেই এই নিরাপত্তা আইন প্রযুক্ত করা হয়। জলপাইগ্রড়িতে স্টাইক হল বোনাসের জনা, বেতন বৃণ্ধির দাবীতে : সেখানে রাষ্ট্রের নিরাপত্তা কি করে বিঘি,ত হয়েছিল? যখন দুটো ইউনিয়নের সদস্যরা মারামারি করে তথন নিরাপত্তা আইন প্রযান্ত হয়। তখন কি রাজ্যের নিরাপত্তা বিঘিত্ত হয়? রাজ্যের নিরাপত্তা বিঘিত্ত হয়েছে কিনা সে কথা যে আইন প্রয়োগ করে তার দুষ্টিভগার উপরই নির্ভার করে। গুল্ডা ममत्नेत्र कना निक्छितिरि अास्त्रित यीम श्रद्धाक्रम दय अवर यीम अमा आहेत्म शुरूषा मध्यम कत्रा না যায় তাহলৈ সিকিউরিটি আইন প্রযুক্ত করা দরকার। যদি সাম্প্রদায়িক সম্প্রীতি বিঘিত্রত হয় এবং সাম্প্রদায়িক দাপ্গার সম্ভাবনা দেখা যায় এবং অনা যেসব আইন আছে তার শ্বারা যদি সম্প্রীতি বর্জায় রাখা সম্ভব না হয় তাহ'লে হয় ত নিরাপত্তা আইন প্রযুক্ত করার প্রয়োজন আছে। কিন্তু বর্তমানে রাজ্যের নিরাপত্তা এবং রাজ্যের প্থায়িত্ব বিঘিত্রত হয় এমন কোন কথা আমরা স্বন্ধেও ভাবতে পারি না। স্বভাবতই কংগ্রেস দলের মুখপত্র "যুগান্তর" অনেক চিন্তা **করে এ**ই কথাটা বলেছে যে রাষ্ট্রের নিরাপত্তা এবং রাষ্ট্রের স্থিতির অর্থ [নয়েজ্ঞ] কংগ্রেসের নিরাপত্তা,

মরকার পক্ষের নিরাপত্তা। যে নিরাপত্তার উদ্দেশ্যে এই সিকিউরিটি বিল আনা হয়েছে সেই নিরাপত্তা সম্পর্কে "য্বানতর" পত্রিকা সম্পাদকীয় মন্তব্যে লিখেছে—"আজ সর্বাত্তে শাসক মহলের এবং তাদের সংগীদের নিরাপত্তার কথা চিন্তা করা হয়েছে"। এটা কমিউনিন্দ পার্টির কথা নয়, এটা কংগ্রেসের ম্থপত্র যুগান্তরের কথা। আমি, স্পীকার, স্যার, আপনার মাধ্যমে ওঁদের ভেবে দেখতে বলছি যে, "সিকিউরিটি এয়ান্ড স্ট্যাবিলিটি অফ স্টেট" কথাটি এত ইলাস্টিক এবং শ্বার্থবাধক, এবং এত ভেগ যে এই কথাটা রাখার কোন প্রয়োজন নাই। তাই আমার সংশোধনীতে বলেছি এই কথাট্বকু তুলে দেওয়া হোক।

#### Si. Monoranjan Hazra:

মাননীয় দ্পীকার মহাশয়, আমার যে সংশোধনী প্রদ্তাব আছে সেটা সরকার পক্ষ থেকে যে সংশোধনী আনা হয়েছে সে সন্বন্ধে। আমার সংশোধনীতে বলতে চাই যে যেখানে পাওয়ার কথাটা বলা হয়েছে সেখান থেকে কমিউনিটি পর্যদ্ত এই কথাগ্রিল বাদ দেওয়া হোক। কেন এই সংশোধনীটা দিয়েছি সেটা একট্র পরিন্দার করে বলা দরকার। ফ্ড, ওয়াটার, ফ্রেল, লাইট প্রভৃতি এসেনিস্মাল কমোডিটি বলাতে আমাদের আপত্তি নেই কিন্তু পাওয়ার বললে একট্র আপত্তি আছে। পাওয়ার সম্পর্কে যদি ধারাটা স্ম্পন্ট হ'ত তাহ'লে হয় ত আপত্তি করতাম না কিন্তু পাওয়ার থাকার ফলে অবন্থা এই দাঁড়াছে যে ডাঃ রায় কয়েকদিনের এই আলোচনায় বার বার করে বলে গেছেন যে গ্রুডাদের বিরুদ্ধে প্রযুক্ত হবে, ইত্যাদি ইত্যাদি। কিন্তু পাওয়ার কথাটা থাকলে পরে সামগ্রিকভাবে ট্রেড ইউনিয়ন আন্দোলন ধর্ণস করা সম্ভব হবে। এর থেকে উন্তুত্ব কতকার্নলি জিনিস যেমন ফ্যাক্টরী এ্যাক্টে শ্রমিকরা যেট্রুকু অধিকার সরকারের কাছ থেকে পেয়েছে, ট্রেড ডিসপ্টেস এ্যাক্টে যেট্রুকু অধিকার তারা পেয়েছে, সে সম্মতই এই পাওয়ার কথাটা থাকার ফলে নাকোচ হয়ে যেতে পারে।

মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার দূচ্টি আকর্ষণ করি যে পাওয়ার থাকলে ৫ বা ততোধিক লোক কাজ করলে তাকে ফ্যাক্টরী বলে অভিহিত করা যেতে পারে। এই যদি অবুদ্থা হয় তাহ'লে সিকিউরিটি আইন আজকে কোথায় প্রয়ন্ত হতে চলেছে সেটা সংস্পট হয়ে উঠে। এমন কি সংবাদপত্তের মেসিনগর্নাও ফাক্টেরী এাক্টের মধ্যে পডে। আজকে ডাঃ রায় যখন গ্রন্ডা দমন করতে যাচ্ছেন তখন এই আইনেব বলে কোন সাংবাদিক তাঁর যদি বাকী মাইনের জন্য আবেদন করেন বা সেখানে কোন গ্রিভান্স ভোলেন তাহ'লে তার পক্ষে প্রয়ন্ত হবে এই আইন। সাংবাদিকরা কি গণ্ডা? তেমনিভাবে যদি কোন মজ্ব তাকে ৮ ঘণ্টার বেশি খাটানো হয়েছে এবং তারজনা সে যদি কোন কথা বলতে চায়, কোন আন্দোলন করতে চায় তাহ লে এই পাওয়ার কথাটার দ্বারা সেখানে তার উপর সিকিউরিটি আইন প্রয়োগ করা যাবে। মজরেরা কি গ্রন্ডা ? সাতরাং এটা কি করে গণেডা দমনের জনা করা হচ্ছে টেড ডিসপটেস এটােই পরিক্রারভাবে বলা যায় যে দ্রেড ইউনিয়ন আন্দোলন ট্রেড ডিসপ্টেস আইন অনুযায়ী হয়ে চলেছে যদিও তারা সম্পূর্ণ ক্ষমতা পায় নি এই আইনান যায়ী। কিন্তু স্বখানেই আইনসংগতভাবে কাজ তারা করে। এখানে এই পাওয়ার কথাটা থাকলে সিকিউরিটি এ।। তাদের উপর প্রযুক্ত হবে। এই সরকার আমাদের কি বোঝাচ্ছেন? ডাঃ রায়ের তাঁর দলের যেসমুহত অপুগণ্ড লোক আছে তাদের বোঝাবার পক্ষে তাঁর সূবিধা আছে কিন্তু আমরা শিশ্ব নয়, আমরা বালক নয়, আমাদের বোধশক্তি নেই এমন নয়। ব্রুতে পারা যায় সিকিউরিটি এন্টের উন্দেশ্যটা কি? আমি একথা বলবো ডাঃ রায় তিনি মূথে যেকথা বলছেন, কিন্তু তিনি অন্তরে নিষ্ঠার হাসি হেসে চলেছেন। তা যদি না হয় তাহ লৈ আমার এই সংশোধনীটি তিনি গ্রহণ করবেন। এই আমার বন্ধব্য।

#### Sj. Sasabindu Bera:

মাননীয় প্পীকার মহোদয়, সেকশন ট্, ক্লজ নাইনে সাবভার্সিভ এন্তর্কী ডিফাইন্ড করা হয়েছে। সাবভার্সিভ এন্তর্কী মনস্

"any act' which is intended or is likely to bring about certain things" এর মধ্যে আছে

"to endanger communal harmony, to further the activities of goondas, to impede, delay or restrict any work or operation or any means of transport" etc., etc.

আমি এই ডেফিনিশন থেকে "অর ইজ লাইকলি"টা তুলে দিতে চাচ্ছি। কারণ এট্,কু থাকলে সাবভার্সিভ এনক্টের মধ্যে কোন্ কাজটা পড়বে না সেটা ব্-ঝতে পারি না। এটা থাকলে সাবভার্সিভ এনাক্টের মধ্যে যে-কোন কাজকে ঢ্রকিয়ে দেওয়া যাবে এবং সরকার এই অজন্তাতে যে-কোন ন্যায়সংগত কাজকে এই সাবভার্সিভ এনাক্টের মধ্যে ফেলে দিতে পারেন। স্যার, লাইকলি ট্রন্ব পর যে আইটেম কয়টা এথানে রয়েছে তার ২।১টা নিয়ে উদাহরণ দিয়ে আমার বঙ্গবা পরিক্ষার করতে চাই।

[9-50-10 a.m.]

দুই-একটি উদাহরণ দিয়ে পরিজ্কার করছি। সেদিন আমাদের হাউস-এ মাননীয় সদস্য জে, সি, গা্ব্ত মহাশায় একটি গল্প শ্নালেন যে তার এলাকায় এক জায়গায় চুরি হয়েছিল এবং যে চুরি করেছিল সে চোরটা ছিল মাসলমান এবং সেথানকার হিন্দুরা যথন তাকে ধরে ফেলে তথন সেই জায়গায় একটি কমানাল গোলমাল হবার সম্ভাবনা হয়েছিল। তাহলে এই চোর ধরাটা বা তার চেণ্টা করাটা ওয়াজ লাইকলি ট্ এনজেঞ্জার কমানাল হায়মিন। সায়, এই রকমভাবে বহা ভাল কাজও যদি এথানে অর ইজ লাইকলি থাকে তবে সেগা্লিও সাবভাসিভি আছিভিটির মধ্যে ঢাকে যাবে। ধর্ন কোথাও একটি প্লিস আউটপাস্ট আছে। সেই প্লিস আউটপাস্ট সরকার সরিয়ে দিলেন অন্য ক্রে. তার ফলে সেখানে গ্রুডার উপদ্রব বেড়ে গেল। জর্বরী প্রয়োজনে সরকার পর্নলিস আউটপাস্টিট সরালেন। সরকারের সং উদ্দেশ্য সেখানে থাকতে পারে। কিন্তু এই কাজ সাবভাসিভি এয়িই হয়ে দাঁড়াতে পারে ক্রুরণ প্লিস আউটপাস্ট সরান ইজ লাইকলি ট্ ফার্শার দি আর্ক্টিভিটিস এফ গা্ডাস্। সায়ে, শান্তিপ্রা মান্য কোভাল উন্দেশ্যে বা কোন ধর্মণীয় অনুস্টানে লফ্ল প্রসেশন কবছে। আমবা দেখতে পাচ্চি এরকম procession is likely to impede, delay, or restrict any means of transport or distribution. necessary for the production, procurement, supply or distribution

এটাও সাবভার্সিভ এটেই হয়ে দাঁডাল। "এব ইজ লাইকলি" এই ডেফিনিশনএর মধ্যে থাকলে যে-কোন সিভিল এর্নিইভিটি সাবভাসিভ এর্নাইভিটির মধে। পড়বে। সারে, আপনি স্পাকার অফ দি হাউস আপুনি কার্ত্র করে যাচ্চেন, কার পথের মধ্যে আটকে গেল, দাটে ইড লাইকলি ট্র ইমপিড ট্রান্সপোর্ট, সেখানে গভর্নমেন্টএর কাজের ডিলে হতে পারে। তাইলৈ আপনার এই আক্রিটিভিটি ইজ লাইকলি টু: ইমপিড ডিলে দি ট্রান্সপোর্ট আপনারও সাবভাসিত এ।।ই করা হ'ল। কলিকাতা শহরে, হাওড়ায় যথেণ্ট খেলাধলার জায়গা নেই, ছেলেরা অনেক সময় অলিতে গলিতে খেলে দ্যাট ইজ লাইকলি ট্ ইমপিড, ডিলে দি ট্রান্সপোর্ট হতে পারে। স্যার এথানে র্যাদ অর ইজ লাইকলি থাকে তাহ'লে যে-কোন এয়াকটিভিটি এই সাবভাসিভ এয়াকটিভিটির মধ্যে পড়ে যাবে। এরকমটা যাতে না হতে পারে সেইজনা এই সংশোধন চাচ্ছি। আর একটা কথা, যে-কোন ক্রিমিনাল এ্যাক্টএ যে-কোন একাজ্ড পারসন্তর বিরুদ্ধে চার্জ আনা হয় তথন ভার ইনটেনশন, তাব মোটিভ দেখা হয়, এই হচ্ছে কোর্টএব প্রাকটিস, কোর্ট অফ জাম্টিস সব সাময় দেখে তার মোটিভ বিহাইন্ড দি এ।।ক্ট কি ? সেইজনা আমার মনে হয় হাইচ ইজ ইনটেনডেড ঞ্চীট থাকলেই যথেষ্ট হবে। কোন একটা এ্যাকটিভিটি কোন একটি অপ্রিয় ঘটনা হলে তার ইনটেনশন কিছু, ছিল কিনা বা তার মোটিভ ছিল কিনা সাবভাসিতি এয়াকটিভিটির ভেফিনিশনএ শ্রেটা দেখবার ব্যবস্থা থাকলেই যথেষ্ট হবে। সেইজন্য আমি মনে করি যে এই অর ইজ লাইকীলটা তুলে দেওয়া হ'ক। ডেফিনিশন মানেই টু রেশ্টিক্ট দি মিনিং। "অর ইজ লাইকলি" কথা কর্য়টি থাকলে সাবভার্সিভ এ।। ক্টু সর্বব্যাপী হয়ে দাঁডায়-কোন রেম্য্রিকসন থাকে না। এই রেম্ট্রিস্ট না করার জন্য যে-কোন কাজই সাবভার্সিভ এ্যাকটিভিটির মধ্যে পড়ে যায়। সূত্রাং এই "অর ইজ লাইর্কাল"এর অপারেশনটা এই কুজ ৯ থেকে তুলে দেওয়া হ'ক।

#### Sj. Suhrid Kumar Mullick Chowdhury:

মাননীয় স্পীকার মহাশয়, এই এ্যাক্টএর সেকশন (২), ক্লন্ত (৯)এ বলা হয়েছে, সাবতার্সিত এয়াক্টএর যেসমুহত একজাম্পল দেওয়া হয়েছে তার মধ্যে (ডি)তে বলা হয়েছে.

"to prejudice the recruiting of or the attendance of persons for service in, any police force or Fire Brigade or any other body of persons entered, enrolled or engaged as public servants or to tamper with the loyalty of such persons."

এই কথা সাব-ক্লন্স (ডি)তে রয়েছে, সেটা তুলে দেবার জন্য আমি এই এ্যামেন্ডমেন্ট দিরেছি। এর মধ্যে দেখা যাবে যে কত বড় ব্যাপক ক্ষমতা এই সাব-ক্লল্ড দেওয়া হচ্ছে। ফায়ার রিগেড অথবা পর্নুলিস ফোর্স অথবা অন্য বডিকে সরকার মনে করেন, যখন তারা তাদের বেতন ব্যাপারে লিগ্যাল ডিম্যান্ডসগর্নল পেশ করতে চায় সরকারের কাছে, সেখানে যদি কোন ট্রেড ইউনিয়ন লীডার অথবা কোন বিশেষ ব্যন্তি, এই সম্পর্কে তাদের যে দাবী সেই সম্পর্কে যদি পেস করেন, তাঁকে যদি সরকারের চক্ষে মনে হয় যে, তিনি লয়্যালিটি ট্যাম্পার করছেন তাহ'লেই তাঁকে গ্রেশতার করার ব্যবস্থা এর মধ্যে আছে। সেই ধরনের ব্যাপক ক্ষমতা এখানে দেওয়া হচ্ছে। এতে যদি কোন ফায়ার রিগেড অফিসার কোন ফায়ার রিগেডের কর্মচারীর উপর সন্তুন্ট না থাকে তবে সে লয়্যালিটি নন্ট করছে বলে দিলেই হ'ল। এইভাবে তারা অনেক সময় ক্ষমতার অপব্যবহার করতে পারে। এই যে অবাধ ক্ষমতা দেওয়া হচ্ছে এর বির্দেধ আমরা এ্যামেন্ডমেন্ট এনেছি। আশা করি এই সংশিল্পট মন্দ্রী মহাশর গ্রহণ করবেন।

# 8j. Subodh Choudhury: Sir, I want to speak.

Mr. Speaker: But this is your party's amendment and the practice is that one party's amendment will be supported by the members of other parties. However, you can speak.

# Sj. Subodh Choudhury:

মাননীয় প্পীকার মহাশয়, আমি গ্রন্থেয় গণেশ ঘোষ সেফটি এলন্ড স্ট্যাবিলিটি অফ দি স্টেট কথাটি তুলে দেবার জনা যে এ্যামেন্ডমেন্ট দিয়েছেন আমি তার সমর্থনে দুই-চারটি কথা বলতে চাই। এই কথা অতান্ত ব্যাপক অর্থে ব্যবহার করা হছে। একটা রাণ্ট্র বিপন্ন হয় যথন বাইরের কেউ আক্রমণ করে কিন্বা ভিতরের কোন রকম গোলমালের সম্ভাবনা থাকে। এই ভিতরের গোলমাল নির্ভ্রর করে সরকারের উপর। প্রথমতঃ, সরকার যে নীতি অবলম্বন করে তাতে যদি রাণ্ট্রে সূত্র্য ম্বাছন্দ্র না থাকে তাহ'লে জনসাধারণ আন্দোলন করে এবং আন্দোলন করে তাদের সমস্ত গ্রীভ্যান্সেস ইত্যাদি যাতে সরকারের কাছে পেণছে দিতে পারে এবং তা রিড্রেস করার জন্য আন্দোলন হয়। কিন্তু এখানে লক্ষ্য করে দেখুন গত ৮ বংসরের মধ্যে যে-কোন আন্দোলন হয়েছে প্রত্যেকবার সরকার সেফটি এ্যান্ড স্ট্যাবিলিটি অফ স্টেটএর কথা বলে দমন করার জন্য চেন্টা করেছেন। উদাহরণন্বর্প, ১৯৫৩ সালে যথন সারা দেশে দুর্ভিক্ষের অবস্থা স্কিট হয়েছিল, যথন বিভিন্ন স্থানে প্থানীয়ভাবে নানা চেন্টা করেও তাদের অভাবের কথা সরকার কর্ত্বক স্বীকৃত ও সফল হয় নি তখন কলিকাতায় সরকারকে অভিযোগ জানাবার জনা বাংলাদেশে বিভিন্ন জেলা থেকে বৃত্বক্ষু মানুষ আসেন।

[10-10-10 a.m.]

তথন সেফটি এান্ড স্ট্যাবিলিটি অফ দি স্টেটএর নাম করে বিভিন্ন জারগার তাদের বিরুদ্ধে পর্নলস লেলিয়ে দেওয়া হয়। পর্নলস অত্যাচার করে শ্রুধ তাই নয়, একটা ক্ষেত্রে একজন চাষীকে গ্রুলী করে হত্যা করা হয় এবং বহু লোককে গ্রেশ্তার করা হয়, লাঠি চার্জ করা হয়। যেখানে দেখা যায় কোনরকম আন্দোলন করবার চেন্টা করা হয়, যখন প্রাপা টাকা না দেওয়ার জনো মালিকদের ঘেরাও করা হয় তর্থনি সঙ্গে সঙ্গে সেফটি এয়ন্ড স্ট্যাবিলিটির প্রশ্ন তলে সেই ন্যায়্য আন্দোলনকে দমন করা হয়।

#### Mr. Speaker:

এসব কথা তো গণেশ বাব, বলেছেন।

#### 8j. Subodh Choudhury:

সব তিনি বলেন নি। কিভাবে অত্যাচার চালান হয় তাই পরিক্ষার করে আমি বলতে চাই। জেনারেল তিসকাশনএর সময় কেউ কেউ ঐকথা বলেছেন, কিন্তু কুজএর আলোচনায় কেউ একথা বলেন নি। স্তরাং, এই সেফটি এয়ান্ড স্ট্যাবিলিটি অফ দি স্টেট কথাগ্লির মূল উদ্দেশ্য হ'ল যাতে কোনরকম আন্দোলন জনসাধারণ না করতে পারে। আমি তাই মনে করি এই কুজটা থাকা উচিত নয়।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, my friend Sj. Ganesh Ghosh has objected to the words "safety and stability of the State". The two expressions go together, because that is following the language of the Constitution. Although "safety" may be a very big word, "stability" is a very expressive word; and I would ask members of the House to remember the 16th February when within half an hour without any apparent cause practically the whole city was unstable. Am I to sit idle under those circumstances? I do not say, as I stated yesterday, that any particular political party was responsible but I do say that there is a party called the Goonda party and I must take action, I cannot wait. Sir, what happened in those three or four hours? Buses were burnt; trams were stopped; private cars were dislocated. The whole stability of the city was affected. Therefore, I cannot accept the amendment of Sj. Ganesh Ghosh, and I oppose it.

With regard to the second amendment about power and also about the amendment moved by Sj. Monoranjan Hazra and the amendment moved by Sj. Sasabindu Bera, I would only say that in the Constitution there is an expression—Article 19(2)—to say that "Nothing in sub-clause (a) shall affect the operation of any law, etc." where the law provides for incidement to offence. This is a very important clause of the Constitution. As I said yesterday when the actual action is taken we have got plenty of laws to take care of the offenders, but it is the incitement to offence which is much more important because the actual perpetrator is not always on the scene. The man who is caught in the act is a stooge, a person who has been sent out to do a certain act. The man behind is the brain and therefore in respect of the words "incitement to offence" we have followed the Constitution.

The next point raised is that we might be interfering with the normal trade union activities. If you read Explanation 1, it says "Acts bona fide indicating disapprobation of the policy or measures of the Government with a view to obtain their alteration by lawful means shall not be deemed to be acts which are intended or are likely to endanger the safety or stability of the State". It is put in the Act to show what type of activity we mean. My friend has said that we should not have sub-section (d) of sub-clause (9) where it says that "if you do such an act to prejudice the recruiting of, or the attendance of persons for service or tamper with the loyalty of such persons"; there is nothing in that language to show that if the affected persons are prepared to come or make any move by lawful means to alter the policy or the measure of the Government, so far as these men are concerned that that would be a subversive act. But I have had occasions and I know how it happened where attempts were made-unfortunately in this case by one or two members of a political party-to attack the fire service people to prevent them from coming to work. A city like Calcutta cannot stay even for half an hour without a proper fire Service squad, and any attempt made to tamper with the loyalty of these officers or to prevent the attendance of persons for service would be creating chaos which no Government can wait and watch and do nothing.

With these words, I oppose all the amendments.

[10-10-10-20 a.m.]

Sj. Bankim Mukherji: May we know how on the 16th February this Act helped to restore stability and in spite of this Act how was stability endangered? There was this Act at that time.

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I cannot go in for explanation in this matter, but I say that I was personally in the control room for several hours and I had to issue orders under this Act. As we said yesterday, 162

persons were arrested under this Act and I firmly and fully believe that it was that action which stopped the carnage of that evening.

The motion of Sj. Ganesh Ghosh that for clause 3, the following be substituted, namely:—

- "3. In section 2 of the said Act,-
  - (1) clause (4) shall be omitted:
  - (2) item (ii) of sub-clause (a) of clause (9) shall be omitted;
  - (4) in item (iii) of sub-clause (b) of clause (9), the words 'or liquids' shall be omitted."

was then put and a division taken with the following result:-

#### AYE8-49.

Baguli, Sj. Haripada
Bandopadhyay, Sj. Tarapada
Bansrjee, Sj. Biren
Basu, Sj. Alit Kumar
Basu, Sj. Amarendra Nath
Basu, Sj. Hemanta Kumar
Bera, Sj. Sasabindu
Ghandari, Sj. Sudhir Chandra
Bhattaohariya, Sj. Mrigendra
Bhattaohariya, Sj. Mrigendra
Bhattaohariya, Sj. Kanai Lal
Bhowmiok, Sj. Kanai Lal
Bhowmiok, Sj. Kanai Lal
Bose, Dr. Atındra Nath
Chakrabarty, Sj. Ambioa
Chatterjee, Sj. Haripada
Chatterjee, Dr. Hirendra Kumar
Chatterjee, Sj. Rakhahari
Chaudhury, Sj. Subodh
Chowdhury, Sj. Subodh
Chowdhury, Sj. Benoy Krishna
Dalui, Sj. Nagendra
Das, Sj. Natendra Narayan
Das, Sj. Natendra Nath
Das, Sj. Ralpada
Das, Sj. Sudhir Chandra
Das, Sj. Sudhir Chandra
Doy, Sj. Tarapada

Ghosal, Sj. Hemanta Kumar Ghose, Sj. Bibhuti Bhushon Ghose, Sj. Jyotlsh Chandra (Chinsurah) Chosh, Sj. Jyotlsh Chandra (Chinsurah) Ghosh, Sj. Ganesh Ghosh, Sj. Narendra Nath Haldar, Sj. Nalini Kanta Hazra, Sj. Monoranjan Joarder, Sj. Jyotlsh Khan, Sj. Madan Mohon Mahapatra, Sj. Balailal Das Mitra, Sj. Nripendra Gopal Mukherji, Sj. Bankim Mullick Chowdhury, Sj. Suhrid Kumar Naskar, Sj. Gangadhar Ray, Dr. Narayan Chandra Ray, Chaudhuri, Sj. Sudhir Chandra Ray, Chaudhuri, Sj. Sudhir Chandra Roy, Sj. Jyotlsh Chandra (Falta) Saha, Sj. Madan Mohon Saha, D. Saurendra Nath Sahu, Sj. Janardan Darkar, Sj. Dharani Dhar Satpathi, Dr. Krishna Chandra Tah, Sj. Dasarathi

#### NOE8-129.

Abdul Hameed, Janab Hajee Sk.
Abdus Shokur, Janab
Abul Hashem, Janab
Atawai Ghani, Janab Abul Barkat
Bandopadhaya, Sj. Khagendra Nath
Bandyopadhyay, Sj. Smarajit
Banerjee, Sj. Profulla
Banerjee, Dr. Srikumar
Barman, The Hon'ble Syama Prasad
Basu, The Hon'ble Satyendra Kumar
Beri, Sj. Dayaram
Bhagat, Sj. Mangaldas
Bhattacharjee, Sj. Shyamapada
Bhattacharjee, Sj. Shyamapada
Bastacharyya, Sj. Syama
Biswas, Sj. Raghunandan
Bose, The Hon'ble Pannalal
Chakravarty, Sj. Bhabataran
Chatterjee, Sj. Bijoylal
Chatterjee, Sj. Satyendra Prasanna
Chatterji, Sj. Dhirendra Nath
Chattopadhya, Sj. Brindabon
Chattopadhya, Sj. Brindabon
Chattopadhya, Sj. Sarojranjan
Das, Sj. Bhusan Chandra
Das, Sj. Bhusan Chandra

Das, Sj. Kanai Lai (Dum Dum)
Das, Sj. Radhanath
Das Adhikary, Sj. Gopal Chandra
Das Gupta, The Hon'ble Khagendra Nath
Dey, Sj. Haridas
Dhar, The Hon'ble Dr. Jiban Ratan
Digar, Sj. Kiran Chandra
Faziur Rahman, Janab S. M.
Gayen, Sj. Brindaban
Ghose, Sj. Kshitish Chandra
Ghosh, Sj. Bejoy Kumar
Ghosh, Sj. Tarun Kanti
Ghosh Maulik, Sj. Satyendra Chandra
Giasuddin, Janab Md.
Golam Hamidur Rahman, Janab
Gupta, Sj. Jogesh Chandra
Gupta, Sj. Jogesh Chandra
Gupta, Sj. Kuber Chand
Haldar, Sj. Kuber Chand
Halder, Sj. Jagadish Chandra
Hasda, Sj. Lakshan Chandra
Hazra, Sj. Parbati
Hembram, Sj. Kamala Kanta

